৭) কাবা শরীফে ইমাম মাহদীর বাইয়াতের খবর শুনে পুনরায় সৌদি আরবে ৭০ হাজার সৈন্য বাহিনী পাঠাবে। এবং মক্কা ও মদিনার মধ্যখানে বাইদা নামক স্থানে সবাই ধ্বংসে যাবে।

হযরত আবু জা'ফর (রাঃ) হতে বর্ণিত যে, তিনি বলেন, "তাদের থেকে কাল্বী গোত্রের দুই জন ব্যক্তি ব্যতীত আর কেই বাঁচতে পারবে না। যে দুই জনের নাম হবে ওবার এবং ওবাইর। তাদের দুইজনের চেহারা তাদের পিছনের দিকে ঘুরে যাবে।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৯৪৬)

শিয়াদের জন্য এই হাদিসটি যথেষ্ট, তারা দিন রাত ইমাম মাহদীর আগমনের অপেক্ষায় আছে। অথচ, দুঃখজনক হলেও সত্যি, তারাই আজকে যেমনিভাবে ইরাক ও সিরিয়াতে কালো পতাকাবাহী লোকজনের বিরুদ্ধে যুদ্ধরত, ঠিক তেমনি ইমাম মাহদীকেও সন্ত্রাসী আর জঙ্গি মনে করে হত্যা করতে বাহিনী পাঠাবে, যাদের অধিকাংশই হবে বানু কাল্ব গোত্রের। তবে আল্লাহ্‌র আযাবের কারণে কেবল দুই জন ব্যতীত সবাই মাটির নিচে ধ্বংসে যাবে।

৮) কাল্বের যুদ্ধে সিরিয়াতে ইমাম মাহদীর সৈন্যদের বিরুদ্ধে যুদ্ধ করবে এবং শোচনীয়ভাবে পরাজিত হওয়ার পর ইমাম মাহদী তাকে হত্যা করবে।

হযরত মুহাদ্দিস হতে বর্ণিত যে, "মাহদী (আঃ) সুফইয়ানী ও কাল্বী গোত্রের ব্যক্তি বাইতুল মুকাদ্দাসে যুদ্ধ করবে। যখন সে বাইয়াত প্রত্যাখ্যান করবে। অতপর সুফইয়ানীকে বন্দি করে আনা হবে। অতপর বাবে রিহহাতে তাকে জবাই করা হবে। অতপর তাদের মহিলাদের ও তাদের পশুকে দামেস্কের সিড়ির নিকটে বিক্রি করা হবে।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ১০০৮)

উল্লেখ, ইমাম মাহদীর আত্মপ্রকাশের পর যখন বাইদার প্রান্তরে মরুভূমিতে সুফিয়ানীর সৈন্য বাহিনী ধ্বংসে যাবে, তখন সুফিয়ানীর অনুগত দেইর-আজ-জুরের গভর্নর সুফিয়ানীকে ইমাম মাহদীকে আনুগত্য প্রকাশ করতে চাপ দিবে, তখন সে বাধ্য হয়ে ইমাম মাহদীকে বাইয়াত দিবে। কিন্তু পরবর্তীতে বানু কাল্ব গোত্রের তার সহযোগীদের প্ররোচনায় তিন বছর পর ইমাম মাহদীকে অস্বীকার করবে এবং তার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করবে। অবশেষে সুফিয়ানী শোচনীয়ভাবে পরাজিত হয়ে ইমাম মাহদীর সৈন্যদের হাতে আটক হবে। তার পর তাকে হত্যা করা হবে। তাই, কোন উপসংহারে না পৌঁছালেও সচেতন মুসলিম হিসাবে আমাদের সতর্ক দৃষ্টি থাকবে হাদিসে বর্ণিত মুসলিম ভূখণ্ডগুলোর প্রতিটি রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক সর্বোপরি সামরিক পরিস্থিতির উপর।

(৬) ইমাম মাহদী কোথায় জন্মগ্রহণ করবেন? আমরা তাকে কোন দলে খুঁজে বের করব?

আমরা প্রায় সবাই জানি, ইমাম মাহদীর যখন ৪০ বছর বয়স হবে, তখন হজ্বের সময় পবিত্র কাবা শরীফে তার আবির্ভাব হবে। কিন্তু ৪০ বছর পর্যন্ত আল্লাহতা'য়ালা মাহদীকে গোপন রাখবেন, যাতে কাফেররা কোন ভাবেই চিনতে না পারে। হাদিস থেকে আমরা জানতে পারি, ইমাম মাহদীর শত্রু সুফিয়ানী মক্কায় কুরাইশ বংশের কিছু লোকদেরকে হত্যা পর্যন্ত করবে, যাতে মুহাম্মদ ইবনে আব্দুল্লাহ আল মাহদী নামে কারো আবির্ভাব হতে না পারে। তা সত্ত্বেও ঈমানদারেরা মক্কায় মাহদীকে ঠিকই চিনে ফেলবে এবং তার অনিচ্ছা সত্ত্বেও জোর করেই তাকে বাইয়াত দিবে এবং খলিফা নিযুক্ত করবে। তাই ঈমানদারেরা যাতে তাকে চিনতে পারে, সেজন্য মাহদীর কিছু অজানা তথ্য জানতে চাই।

হযরত আব্দুল্লাহ ইবনে উমর (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, "মাহদীর আগমন (জন্ম) হবে এমন একটি গ্রাম থেকে, যাকে 'কারাহ' বলা হয়।" (আল্লামা জালাল উদ্দিন সুয়ুতী (রহঃ), আল আরিফুল আরদি ফি আখবারিল মাহদী; ড. তাহেরুল কাদরী, আমাদ সাইয়েদেনা ইমাম মাহদী (আঃ) আবু নাইম, আবু বকর বিন মুখরী, মাজআম, ইবনে আদি আল কামাল; আল কুনুজি আল বায়ান)

হযরত আব্দুল্লাহ ইবনে উমর (রাঃ) বলেন, 'ক্রিমিয়া' নামের একটি শহর বা, গ্রাম থেকে মাহদীর আবির্ভাব (জন্ম) হবে। এই হাদিসটি আবু নাইম বলেছেন, এবং আবু বকর বিন আল মুখরী তার 'মুজআম' নামক বইয়ে লিপিবদ্ধ করেছেন। (আল্লামা জালাল উদ্দিন সুয়ুতী (রহঃ), আল আরিফুল আরদি ফি আখবারিল মাহদী)

মাহদী 'কারাহ' নামক গ্রাম থেকে আসবেন (অর্থাৎ জন্মগ্রহণ করবেন) (রিসালাত আল খুরুজ আল মাহদী, পৃষ্ঠা নং ৬৯)

রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, “একজন লোক (মাহদী) মদিনা থেকে (একটি বড় থেকে) মক্কায় আসবেন, লোকজন তার অনিচ্ছা সত্ত্বেও কাবা শরীফ ও মাকামে ইব্রাহিমের পাশে বাইয়াত দিবে (খলিফা নিয়োগ করবে)” (মারী বিন ইউসুফ কারামী হাম্বলী, ফাতাওয়ায়ে আল ফিকহ ফিল মাহদী আল মুনতাজার)

কোথায় এই ‘কারাহ’ বা ‘ক্রিমিয়া’ শহর?

মূলত ‘কারাহ’ বা ‘ক্রিমিয়া’ নামে মধ্যযুগ ও বর্তমান পৃথিবীতে দুটি শহর বা, গ্রামের নাম পাওয়া যায়।

১। সদ্য ২০১৪ সালে হঠাৎ করেই ইউক্রেন থেকে জোর করে রাশিয়া যে ক্রিমিয়া শহর দখল করে নেয়, সেটা। এটি ১৪৪৯ সাল থেকে ১৭৮৩ সাল পর্যন্ত তুর্কি অটোমান সাম্রাজ্যের অধীনে ছিল। তার পর ১৭৮৩ সাল থেকে ১৯৯১ সাল পর্যন্ত রাশিয়ার অধীনে ছিল। ১৯৯১ সালে cold war এ সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে যাওয়ার কারণে ক্রিমিয়া ইউক্রেনের আধীনে চলে যায়। ২০১৪ সালে আমেরিকা গণঅভুত্থান ঘটিয়ে রাশিয়ানপন্থী সরকারকে ক্ষমতাচ্যুত করলে রাশিয়া পাল্টা ক্রিমিয়ায় গণভোট দিয়ে ক্রিমিয়া দখল করে নেয়।

এই ক্রিমিয়ায় মুসলমানদের সংখ্যা প্রায় ৭ লক্ষ ৫০ হাজারের মতো। যার অর্ধেকের বেশি হল তাতার মুসলিম। এছাড়াও কিছু আছে তুর্কি মুসলিম, কিছু আছে উজবেক মুসলিম, কিছু আছে আরব মুসলিম, ২০০০ সালের আদমশুমারি অনুযায়ী আরব মুসলিমদের সংখ্যা হল ৫৫০০ মত, বর্তমানে হয়তো ১০-১৫ হাজার হতে পারে।

কিন্তু ক্রিমিয়া যখনই রাশিয়ানরা দখল করেছে, তখনই মুসলমানদের উপর চরম নির্যাতন চালিয়েছে, প্রথমবার, ১৭৮৩ সালে যখন ক্রিমিয়া দখল করে নেয়, তারপর সেখান থেকে ১,৬০,০০০ তাতার মুসলিমকে জোর করে বের করে দিয়েছিল। দ্বিতীয়বার, ১৯৪৪ বিশ্বযুদ্ধের সময় জোসেফ স্টালিন আবার ২,০০,০০০ তাতার মুসলিমকে ক্রিমিয়া থেকে বের দিয়েছিল, পরবর্তীতে প্রায় ১,০০,০০০ লক্ষ তাতার মুসলিম উজবেকিস্তানের শরণার্থী শিবিরে মারা গিয়েছিল। তৃতীয়বার, ২০১৪ সালে রাশিয়া যখন হঠাৎ করে আবার ক্রিমিয়া দখল করে নেয়, তারপরে আবার সেখানকার মুসলমানদের উপর নির্যাতনের অন্ধকার দিন আবার

শুরু হয়। সেখানকার রুশপন্থী বিদ্রোহীরা তাতার মুসলমানদের নির্যাতন চালিয়ে আসছে। যার কারণে নতুন করে, অনেকেই ক্রিমিয়া থেকে তুরস্ক চলে যাচ্ছে।

ইমাম কুরতুবী তার 'তাজকিরাহ' নামক গ্রন্থে লিখেছেন, "ইমাম মাহদী পাশ্চাত্যের ইসলামিক দেশ (অর্থাৎ মধ্য এশিয়ার দেশ) থেকে আসবেন এবং সেখানকার একটি বড় শহরে জন্মগ্রহণ করবেন।" (The prophet Jesus & hazrat mahdi will come this century, পৃষ্ঠা নং ১১৭)

সৈয়দ আহমেদ হিশামুদ্দিন (রাহঃ) ইমাম মাহদীর জন্মস্থান সম্পর্কে লিখেছেন, 'কাকেশাশ' অঞ্চলের সর্বোচ্চ চুড়া, যেখানে সূর্যের রশ্মি পরে, সেখানকার মুসলমানদের থেকে একজন লোক (ইমাম মাহদী) আসবেন। (উসমান ইউকসেল সারদেনগেকটি, মাবেদসিজ সাহের (যার বাংলা অর্থ হল, যেখানে কোন উপাসনালয় নাই) পৃষ্ঠা নং ১০৭)

২। 'কারাহ' বা, 'কারাকুল' নামে মধ্যযুগে আরেকটি গ্রাম বা, শহরের নাম পাওয়া যায়, সেটা হল মধ্য এশিয়ার দেশ তাজিকিস্তান, উজবেকিস্তান এবং পূর্ব তুর্কিস্থান এর সীমান্তবর্তী এলাকায়। আমার ব্যক্তিগত গবেষণায় মনে হচ্ছে, এই এলাকাই হবে ইমাম মাহদীর জন্মস্থান। কারণ,

ক) হযরত জাফর সাদিক (রহঃ) থেকে বর্ণিত তিনি বলেন, "বনি তামিম গোত্রের শুয়াইব ইবনে সালেহ প্রাচ্যের সমরখন্দ থেকে আবির্ভূত হবেন।" (উল্লেখ সমরখন্দ এলাকাটি বর্তমান উজবেকিস্তানের একটি এলাকার নাম) (কিতাবুল গাইবাত)

হযরত আম্মার ইবনে ইয়াসির (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, "মাহদী (আঃ) এবং শুয়াইব ইবনে সালেহ একই জেলা বা, প্রদেশের অন্তর্ভুক্ত হবেন।" (কিতাবুল ফিতান, হাদিস নং ৮৯৯)

খ) একটি হাদীসে বলা হয়েছে, খোরাসানের কালো পতাকাবাহী দল যদি বের হয়, তাহলে তোমরা বরফের উপর হামাগুড়ি দিয়ে হলেও তাদের সাথে যোগ দিবে। কিন্তু রাসূলুল্লাহ (সাঃ) কেন বরফের উপর হামাগুড়ি দিয়ে হলেও যোগ

দিতে বলেছেন? অত্যন্ত আশ্চর্যের ব্যাপার হল, তাজিকিস্তান, উজবেকিস্তান ও পূর্ব তুর্কিস্থানের এই 'কারাকুল' হল একটি পাহাড়ি এলাকা এবং এখানে সবসময়ই বরফ আচ্ছাদিত থাকে।

হযরত ছওবান (রাঃ) থেকে বর্ণিত, আল্লাহর রাসূল (সাঃ) বলেছেন, "তোমাদের ধনভাণ্ডারের (রাজত্বের জন্য) নিকট তিনজন বাদশাহ এর সন্তান যুদ্ধ করতে থাকবে। কিন্তু ধনভাণ্ডার (রাজত্ব) তাদের একজনেরও হস্তগত হবে না। তারপর পূর্ব দিক (খোরাসান) থেকে কতগুলো কালো পতাকাবাকী দল আত্মপ্রকাশ করবে। তারা তোমাদের সাথে এমন ঘোরতর লড়াই লড়বে, যেমনটি কোন সম্প্রদায় তাদের সঙ্গে লড়েনি।" বর্ণনাকারী বলেন, তারপর নবীজি (সাঃ) আরও একটি বিষয় উল্লেখ করে বললেন, "তারপর আল্লাহর খলীফা মাহদির আবির্ভাব ঘটবে। তোমরা যখনই তাঁকে দেখবে, তাঁর হাতে বাইয়াত নেবে। যদি এজন্য তোমাদেরকে বরফের উপর দিয়ে হামাগুড়ি খেয়ে যেতে হয়, তবুও যাবে। সে হবে আল্লাহর খলীফা মাহদি।" **(সুনানে ইবনে মাজা, খণ্ড ২, পৃষ্ঠা ১৩৬৭; মুসতাদরাকে হাকেম, খণ্ড ৪, পৃষ্ঠা ৫১০)**

গ) এছাড়াও আরো অনেক হাদীসে বলা হয়েছে, মাহদী পূর্বদিকের একটি শহরে জন্মগ্রহণ করবেন। এবং তাজিকিস্তান ও উজবেকিস্তানের এই 'কারাকুল' এলাকাটি কিন্তু মক্কা ও মদিনা থেকে পূর্ব দিকেই অবস্থিত।

ঘ) 'কারাকুল' এলাকাটি থেকে বর্তমান আফগানিস্তানের দূরত্ব খুব একটা বেশি নয়। আর খোরাসানের কালো পতাকাবাহী দল যেহেতু এই এলাকা থেকেই বের হবে, তাই এখানেই মাহদীর জন্মস্থান হওয়ার সম্ভাবনা বেশি রয়েছে।

কোন কোন দলে আমরা তাকে খুঁজব?

বর্তমানে যারা পীর পন্থী তারা মনে করেন, ইমাম মাহদী বেলায়েত ও পীর তরিকার হবেন, যারা মডারেট ইসলাম পন্থী তারা মনে করেন, ইমাম মাহদী তাদের দলের কর্মী হবেন, কিন্তু এটা আমাদের সবাইকে মেনে নিতে হবে, বর্তমানে পাশ্চাত্য মিডিয়ার কারণে পৃথিবীতে যাদেরকে জঙ্গী, সন্ত্রাসী, Terrorist বলে জানি, তাদের থেকেই ইমাম মাহদীর আবির্ভাব হবে।

তাই বর্তমানে যাদের ভিতর মাহদীকে খুঁজব, তা হল;

১। **Caucasus Emirates** (এই দলটির উপর আমাদের সবচেয়ে বেশি নজর রাখতে হবে, কারণ কাকেশাশ অঞ্চলের যারা একটি পরিপূর্ণ ইসলামিক শাসন ব্যবস্থার জন্য যুদ্ধ করছে। বর্তমানে তারা সিরিয়ার HTS (হায়াতা তাহরির আল শামের সাথে ঐক্যবদ্ধ হয়ে বাশার আল আসাদের বিরুদ্ধে যুদ্ধ করছে)।

হযরত সুফিয়ান কালবী (রাঃ) হতে বর্ণিত যে, তিনি বলেন, "মাহদীর দলে এক কম বয়সী, পাতলা দাড়ি বিশিষ্ট, এবং হলুদ বর্ণের এক তরুন যুবক (হারস হাররাস) বের হবে। আর 'ওয়ালীদ হলুদ বর্ণ' উল্ল্যেখ করেন নাই। যদি পাহাড়ের সাথে যুদ্ধ করে তাহলে পাহাড়কে কাঁপিয়ে দিবে। আর ওয়ালীদ বলেন 'ভেঙ্গে ফেলবে'।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৯০২)

এই হাদিসের বৈশিষ্ট্যের সাথে কাকেশাশ অঞ্চলের মানুষের মিল রয়েছে। ঐ এলাকার মানুষগুলো দেখতে অনেকটা হলুদ বর্ণের দেখা যায়। উল্লেখ ইমাম মাহদীর আগে খোরাসান থেকে কালো পতাকাবাহী যে দলের আবির্ভাব হবে, সেই দলের নেতৃত্বে থাকবেন হারস হাররাস নামে এক ব্যক্তি। পরবর্তীতে এই দল থেকেই ইমাম মাহদীর আবির্ভাব হবে।

"এক লোক মা-আরউন্নহর (নদীর ওপার) থেকে রওনা হবে, যার নাম হবে হারছ হাররাছ। তার বাহিনীর সম্মুখ অংশের সেনাপতির নাম হবে মানসুর, যে (খেলাফত বিষয়ে) মুহম্মদ বংশের জন্য পথ সুগম করবে বা শক্ত করবে, যেমনটি কুরাইশ আল্লাহর রাসূলকে ঠিকানা দান করেছিল। তার সাহায্য সহযোগিতা করা কিংবা তার ডাকে সাড়া দেওয়া প্রত্যেক মুসলমানের কর্তব্য বলে বিবেচিত হবে।" (সুনানে আবী দাউদ, হাদিস নং ৪২৯০)

আমু নদীর ওপারে অবস্থিত বলতে মধ্য এশিয়ার দেশগুলোকে ইসলামের পরিভাষায় 'মা-আরউন্নহর' বা 'নদীর ওপার' বলা হয়। উজবেকিস্তান, তাজিকিস্তান, তুর্কমেনিস্তান, কাজিকিস্তান এর অন্তর্ভুক্ত। আর এই অঞ্চলের বেশিরভাগ যোদ্ধাই Cucesus Emirates, vilayat kavkaz & IMU এর সাথে যুক্ত।

২। **Cacusas province, vilayat kabkaz** (এই দলটি মূলত কাকেশাশ এমিরাটস থেকে আলাদা হয়ে ইসলামিক স্টেট এর আনুগত্য প্রকাশ করে সেন্ট্রাল এশিয়াতে নিজেদেরকে একটি শাখা হিসেবে আত্মপ্রকাশ করে। ইসলামিক স্টেট ২০১৫ সালে Cacusas province নিজেদের একটি শাখা হিসেবে ঘোষণা করে। বর্তমানে আল কায়দার অনুসারী cacusas emirate এর যোদ্ধারা সিরিয়া ও আফগানিস্তানে যুদ্ধরত রয়েছে। আর cacusas province, vilayat kavkaz এর যোদ্ধারা নিজেদের সংগঠিত করার কাজে ব্যস্ত রয়েছে)।

৩। **Islamic movement of Uzbekistan (IMU)** (এই দলটি Islamic state এর অন্তর্ভুক্ত উলিয়ায়ে খোরাসান (Khorashan Province) এর সাথে মিলিত হয়ে আফগানিস্তানে যুদ্ধ করছে। তবে এই দলটির একটি ভাল দিক হচ্ছে, তারা একই সাথে আল কায়দার অনুসারী বিভিন্ন গ্রুপের সাথে ও ভাল সম্পর্ক রাখছে। কাউকে তাকফির করছে না)।

এই দলটির ব্যাপারে একটি হাদীসও রয়েছে,

দরিদ্রপীড়িত তালোকান অঞ্চল (আফগানিস্তানের উত্তর পূর্বাঞ্চল) সেখানে স্বর্ণ, রৌপ্যের খনি নেই কিন্তু আল্লাহ্‌র রহমত দ্বারা পরিপূর্ণ। তারাই আল্লাহর রহমত দ্বারা স্বীকৃত, শেষ জমানায় তারাই হবে ইমাম মাহদীর সহযোগী।" (আল মুত্তাকী আল হিন্দি, আল বুরহান ফি আলামত আল মাহদী ফি আখিরুজ্জামান)

তাই যারা ইমাম মাহদীর আবির্ভাবের অপেক্ষায় রয়েছেন, তাঁদেরকে অবশ্যই মধ্য এশিয়ার দেশ উজবেকিস্তান, তাজিকিস্তান, পূর্ব তুর্কিস্থান, আফগানিস্তান, কাজাকিস্তান এসকল দেশসমূহের উপর তীক্ষ্ম নজর রাখতে হবে। এছাড়াও মধ্য এশিয়ার কালো পতাকাবাহী দলগুলো যেমনঃ Cacusas emirate, vilayat (ইসলামিক স্টেট এর মধ্য এশিয়ার শাখা), Islamic movement of Uzbekistan-(IMU), East Terkistan Islamic parties, আনসার আল ফুরকান (ইরানের আল কায়দার শাখা), Islamic state of Khurasan এই সকল কালো পতাকাবাহী দলগুলোর উপরও তীক্ষ্ম নজর রাখা খুবই জরুরী।

(৬) বর্তমান সিরিয়া যুদ্ধ নিয়ে কিতাবুল ফিতানের কয়েকটি আশ্চর্য হাদিস

সিরিয়া যুদ্ধ নিয়ে আমাদের জানার আগ্রহ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। কিন্তু অধিকাংশ মানুষ মনে করছে, এটা বাকি যুদ্ধের মতই তেলের খনি ও ক্ষমতা দখলের একটি যুদ্ধ। ২০১১ সালের আরব বসন্তের পর থেকেই এই যুদ্ধ শুরু হয়েছে, কবে শেষ হবে তা কেউ জানে না? রক্ত পিপাসু বাশার আল আসাদ ও তার সহযোগী রাশিয়া, ইরান, হিজবুল্লাহর হাতে প্রতিদিন শত শত মানুষের রক্ত ঝড়ছে। এই পর্যন্ত ৫ থেকে ৬ লক্ষ লোক নিহত হয়েছে। আহত হয়েছে ১০ থেকে ১৫ লক্ষ মানুষ। গৃহহীন হয়েছে ১ কোটি ২০ লক্ষ মানুষ। আসুন সিরিয়া যুদ্ধ নিয়ে হাদীসের ভবিষ্যৎবাণীর আলোকে মূল্যায়ন করে দেখি, কিভাবে শুরু হল সিরিয়া যুদ্ধ, আর কি হবে সিরিয়া যুদ্ধের ভবিষ্যৎ।

সিরিয়ার গুরুত্ব ও যুদ্ধ শুরু হওয়ার পূর্বের অবস্থা

ইবনে কুররা তার পিতা কুররা ইবনে হায়দা (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (সাঃ) এরশাদ করেন, "শামবাসী (সিরিয়া) ধ্বংস হলে আমার উম্মতের জন্য তেমন কোনো কল্যাণ বয়ে আনবে না (সিরিয়াবাসীর গুরুত্ব সবচেয়ে বেশি)।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৫৭)

হযরত সুলাইমান ইবনে হাতেব হিময়ারী (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, জনৈক লোক প্রায় চল্লিশ বৎসর হতে হযরত কা'ব (রাঃ) থেকে শুনে আসছে যে, তিনি বলেন, "যখন ফিলিস্তিন দেশে ফিৎনা ব্যাপক আকার ধারণ করবে, তখন কূপ বা কলসিতে পানি গড়িয়ে পড়ার ন্যায় শামের (সিরিয়ার) দিকে বিভিন্ন ধরনের ফিৎনা ধেয়ে আসবে। অতঃপর তাদের সামনে সবকিছু উম্মোচন হয়ে যায়, অথচ তখন তোমরা খুবই লজ্জিত ও নগণ্য জাতি হবে।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৭৫)

হযরত কা'ব (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, "পৃথিবীর মূল বা মাথা হচ্ছে শাম দেশ (সিরিয়া), তার উভয় ডানা হচ্ছে মিশর এবং ইরাকে এবং লেজ হচ্ছে হেজাজ (সৌদি আরব, কাতার বাহরাইন, আরব আমিরাত) ভূমিতে। আর সেই লেজের উপর বাজ পাখিরা মলত্যাগ করবে (সিরিয়ার কারণে সর্বশেষ সৌদি আরব, কাতার, বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত আক্রান্ত হবে)।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৬৭)

হযরত কা'ব (রহঃ) থেকে বর্ণিত তিনি বলেন, "দীর্ঘদিন পর্যন্ত মানুষ মাথায় আঘাত প্রাপ্ত হতে থাকবে। যখনই এভাবে মাথায় আঘাত প্রাপ্ত হবে অর্থাৎ শাম (সিরিয়া) দেশ আক্রান্ত হবে, তখনই মানুষ ধ্বংসের দ্বার প্রান্তে উপনীত হতে থাকবে। কা'ব (রহঃ) কে মাথায় আঘাত প্রাপ্ত হওয়া সম্বন্ধে জিজ্ঞাসা করা হলে তিনি বললেন, মাথায় আঘাত প্রাপ্ত হওয়ার অর্থ হচ্ছে, শাম (সিরিয়া) দেশ বিরান (ধ্বংস) হয়ে যাওয়া।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৬৮)

হযরত আবু আব্দুর রব তাবী (রহঃ) থেকে বর্ণনা করেন, তিনি এরশাদ করেন, "যখন তুমি শামে (সিরিয়াতে) আকাশচুম্বি ভবন নির্মাণ হতে দেখবে এবং সেখানে এমন ধরনের গাছ লাগানো হবে, যা হযরত নূহ (আঃ) এর যুগেও লাগানো হয়নি, তাহলে বুঝতে হবে তোমাদের প্রতি ফিৎনা ধেয়ে আসছে।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৬৬)

আমরা দেখেছি, অবৈধ ইহুদী রাষ্ট্র ঈসরাইল প্রতিষ্ঠার পর থেকেই মুসলিম জাতির মুসলমানদের দুর্দিন শুরু হয়। এর পর একে একে ১৯৪৮, ১৯৫৬, ১৯৬৭, ১৯৭৩ সালেও যুদ্ধ করে ইহুদীদের পরাজিত করা সম্ভব হয়নি, বরং মধ্যপ্রাচ্যের এই বিষফোঁড়াটি এখন পুরো পৃথিবীর জন্যই বিষফোঁড়ায় রুপান্তরিত হয়েছে। তারপর ২০১১ সাল থেকেই মুসলিম উম্মাহর জন্য আরো কঠিন দুর্দিন শুরু হয়। যার শেষ কোথায়, আল্লাহ ছাড়া আর কেউই জানে না।

সিরিয়ার ফিতনা হবে খুবই ভয়াবহ

হযরত আবুল আলিয়া (রহঃ) থেকে বর্ণিত, তিনি বললেন, "হে লোক সকল! যতক্ষণ পর্যন্ত শাম (সিরিয়া) দেশের দিক থেকে কোনো ফিৎনা আসবে না, ততক্ষণ তোমরা সেটাকে কোনো ফিৎনাই মনে করো না। যখনই শামের (সিরিয়া) দিক থেকে ফিৎনা আসবে, সেটাই হবে, অন্ধ ফিৎনা।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৬১)**

হযরত কা'ব (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, "প্রতিটি ফিৎনা প্রাথমিক অবস্থায় থাকবে, যতক্ষণ পর্যন্ত সেটা শাম (সিরিয়ায়) দেশে প্রকাশ হবে না। যখনই শাম (সিরিয়ায়) দেশে উক্ত ফিৎনা দেখা দিবে তখন বুঝতে হবে, সেটা চূড়ান্ত রুপ নিয়েছে।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৬০)**

বিশিষ্ট সাহাবী হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত, তিনি এরশাদ করেন, "প্রত্যেক ফিতনা বড়ই কঠিন। এবং সেই ফিতনাই একদিন প্রকাশ পাবে, শাম (সিরিয়া) নামক দেশটিতে। আর যখন উক্ত শামদেশে ফিতনার উদ্ভব হবে তখনই চতুর্দিকে অন্ধকারাচ্ছন্ন হয়ে যাবে।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৫৯)**

কা'ব (রহঃ) থেকে বর্ণিত, "শাম দেশে মোট তিন ধরণের ফিৎনা দেখা দিবে। একটি ফিৎনা হচ্ছে, অবাধ রক্তপাতের ফিৎনা; দ্বিতীয় ফিৎনা হচ্ছে, আত্মীয়তার সম্পর্ক ছিন্ন ও সম্পদ ছিনিয়ে নেয়ার ফিৎনা। উক্ত ফিৎনার সাথে সম্পৃক্ত হবে মারিবের ফিৎনা, যা মূলতঃ অন্ধ ফিৎনা হিসেবে প্রসিদ্ধি লাভ করবে।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৫৬)**

২০১১ সালে শুরু হওয়া সিরিয়া যুদ্ধের মাধ্যমে পঞ্চম ফিতনা শুরু হয়েছে। আর এর মাধ্যমেই গোটা পৃথিবীতে একটা ব্যাপক পরিবর্তন শুরু হয়েছে। গোটা মুসলিম উম্মাহ এর পর থেকে লাঞ্ছিত, অপমানিত হওয়া শুরু হয়েছে, সেটা সিরিয়া, লিবিয়া, মালি, আলজেরিয়া, ইয়েমেন, আরাকান, শ্রীলঙ্কা, ফিলিপাইনে আমরা দেখতে পেয়েছি। শরণার্থীদের মিছিল কেবল দীর্ঘই হচ্ছে। তুরস্কে প্রায় ৫০ লক্ষ, জার্মানিতে ১০ লক্ষ, বাংলাদেশে ১০ লক্ষ, জর্ডানে ৬ লক্ষ শরণার্থী আশ্রয়

নিয়েছে। নাস্তিক্যবাদ ও ইসলাম বিদ্বেষী মনোভাব নতুনমাত্রা পেয়েছে, এমনকি অমুসলিম দেশের পাশাপাশি মুসলিম দেশগুলোতেও এটি প্রকাশ্যভাবেই শুরু হয়েছে। সেটা আমরা ফ্রান্সের শার্লি এব্দো, বাংলাদেশের গণজাগরণ মঞ্চ, এছাড়াও ভারত, পাকিস্তান, আমেরিকা ও ইউরোপে দেখতে পাচ্ছি। এমনকি ইসলামের ফরজ বিধান পর্দা বিরোধী আইন ইউরোপ, আমেরিকা, অস্ট্রেলিয়া, ভারত, বাংলাদেশ ও ইন্দোনেশিয়াতে বাস্তবায়ন করছে।

জলবায়ু পরিবর্তনের ফলে গ্রামের লোকজন শহরে আশ্রয় নেয়া

হযরত আবু জাহিরিয়্যাহ (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, 'তোমাদের অবস্থা কেমন হবে, যখন তোমাদের গ্রামবাসীদের লোকজন তোমাদের ভিতরে প্রবেশ করে তোমদের ধন সম্পদের মধ্যে শরীক হয়ে যাবে এবং তোমাদের কেউ তাদেরকে বাধা দিতে পারবেন। যার কারণে কেউ বলে থাকে 'যত বেশি সময় তোমরা সম্পদশালী ছিলে, আমরা তত বেশি সময় পর্যন্ত দুর্ভাগ্যতে ছিলাম।' **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৮১)**

হযরত ইয়াহইয়া ইবনে জাবের (রহঃ) বলেন, "তোমাদের গ্রামবাসীরা তোমাদের থেকে অমুখাপেক্ষী হওয়ার পূর্ব পর্যন্ত তোমাদের মাঝে কল্যাণ বাকি থাকবে। তাছাড়া কল্যাণ তোমাদের সাথে থাকবে, যতক্ষণ পর্যন্ত বহন করার মত পিঠ তোমাদের সাথে থাকবে।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৮২)**

হযরত আব্দুল্লাহ ইবনে ওমর (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) এরশাদ করেছেন, "কল্যাণ তোমাদের সাথে থাকবে, যতক্ষণ পর্যন্ত তোমাদের গ্রামবাসিরা শহরবাসীদের থেকে অমুখাপেক্ষী থাকবে। যদি তারা তোমাদের কাছে আসে তাহলে তোমরা তাদেরকে নিষেধ করো না। যেহেতু তোমাদের কাছে সম্পদের ছড়াছড়ি থাকবে। তারা বলবে, দীর্ঘদিন থেকে আমরা ক্ষুধার্ত, অথচ তোমরা তৃপ্ত সহকারে খেয়ে যাচ্ছ এবং দীর্ঘদিন হতে আমরা কষ্ট শিকার করে যাচ্ছি অথচ তোমরা সাচ্ছন্দ বোধ করে যাচ্ছ। অতঃপর আজকে আমরা তোমাদের সহানুভূতি দেখাচ্ছি।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৮৫)**

২০০৭ সাল থেকে ২০১০ পর্যন্ত প্রচন্ড গরম ও খরার কারণে সিরিয়াতে বিভিন্ন এলাকার গ্রামের বাসিন্দারা প্রায় ১৫ লক্ষ মানুষ বড় বড় শহরগুলোতে আশ্রয় নেয়। ঐ তিন বছর তাপমাত্রা ২ ডিগ্রি বৃদ্ধি পায় এবং বৃষ্টিপাত প্রায় বন্ধ হয়ে যায়। গ্রামের কৃষকেরা পানির অভাবে কৃষিকাজ বন্ধ করে দেয়। তিউনেসিয়াতে যে যুবক আত্মহত্যার কারণে, আরব বসন্ত শুরু সেও চাকরির অভাবে নিজের গায়ে কেরোসিন ঢেলে আগুন জ্বালিয়ে দেয়। অর্থাৎ পুরো আরব বিশ্বে এই জলবায়ু পরিবর্তনের প্রভাব পরে। ২০১১ সালে শুরু হওয়া আরব বসন্তের সময় গ্রাম থেকে উঠে আসা লোকজন বিশেষ করে, সিরিয়াতে তারা সরকার বিরোধী বিক্ষোভ ও ফ্রি সিরিয়ান আর্মিতে যোগদান করে। বস্তুত আল্লাহতা'য়ালা তার সুনিপুণ কৌশলে তার জমিনে ন্যায় ও ইনসাফ প্রতিষ্ঠার পথ তৈরি করে দিচ্ছেন। যা আমাদের কল্পনার বাইরে।

ছোট বাচ্চাদের মাধ্যমে যুদ্ধ শুরু হবে

হযরত সাঈদ ইবনে মুসাইয়িব (রাঃ) হতে বর্ণিত যে, তিনি বলেন, "একটা যুদ্ধ হবে, যার শুরুতে থাকবে ছোটদের খেলাধুলা (ছোটদের খেলা থেকেই যুদ্ধ শুরু হবে)। যুদ্ধটি এমন হবে যে, এক দিক দিয়ে থামলে আরেক দিক দিয়ে (যুদ্ধের আগুন) প্রজ্জলিত হয়ে উঠবে। যুদ্ধ শেষ হবে না, এমতবস্থায় আকাশ থেকে এক সম্বোধনকারী (জিব্রাইল আঃ) সম্বোধন করে বলবে, অমুক ব্যক্তি (ইমাম মাহদী) নেতা। আর ইবনুল মুসাইয়িব তার দুই হাত গুটাবেন ফলে তার হাত দুটো সংকুচিত হয়ে যাবে। অতপর তিনি এই কথাটি তিন বার বললেন, সেই আমীর (ইমাম মাহদী) বা নেতাই সত্য।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৯৭৩)**

হযরত ইবনুল মুসাইয়িব (রাঃ) হতে বর্ণিত যে, তিনি বলেন, "সিরিয়ায় একটি যুদ্ধ হবে। যার শুরুটা হবে শিশুদের খেলাধূলা (দিয়ে)। অতপর তাদের এ যুদ্ধ কোনভাবেই থামবে না। আর তাদের কোন দলও থাকবে না। এমনকি আকাশ থেকে এক সম্বোধনকারী (হযরত জীব্রাইল আঃ) সম্মোধন করে বলবে, তোমাদের উপর অমুক ব্যক্তি (ইমাম মাহদী) তোমাদের আমীর সুসংবাদ দাতার হাত উত্থিত হবে।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৯৭৭)**

২০১১ সালের ফেব্রুয়ারি মাসে ১৪ বছর বয়সী ৭ম শ্রেণীর ছাত্র মুয়াইয়া সিয়াসনেহ টেলিভিশনে তিউনেশিয়া ও মিশরের প্রেসিডেন্টের বিরুদ্ধে সরকার বিরোধী খবর দেখে দক্ষিণ সিরিয়ার দারা শহরে নিজের স্কুলের দেয়ালে সরকার বিরোধী স্লোগান লেখে। ব্যাস, রাতের বেলা পুলিশ এসে তাকেসহ আরো ৩ বন্ধুকে আটক করে মারাত্মক নির্যাতন করে। যার কারণে দারা শহরে বিক্ষোভ ছড়িয়ে পরে, এবং পরবর্তীতে যা পুরো সিরিয়াতে ছড়িয়ে পরে। পরিস্থিতি খারাপ দেখে বাশার আল আসাদ সেনাবাহিনী মোতায়েন করে এবং তাদেরকে নির্দেশ দেয় বিক্ষোভকারীদের সরাসরি গুলি করতে। কিন্তু সেনাবাহিনীর কেউ কেউ গুলি করতে অস্বীকার করে। তারপর সেনাবাহিনীর সেই বিদ্রোহী অংশটি নিয়ে গঠিত হয় FSA। তারপর যুক্তরাষ্ট্র ও তার আরবদেশের মিত্ররা বিদ্রোহীদের অর্থ ও অস্ত্র দিয়ে সাহায্য করে। ২০১২ সালে আল কায়দা আফগানিস্তান থেকে কিছু প্রশিক্ষিত যোদ্ধা সিরিয়াতে পাঠায় এবং ইরাকের ইসলামিক স্টেটকে সিরিয়াতে যাওয়ার নির্দেশ দেয়। সাম্প্রতিককালে, HTS এর কমান্ডার আবু মুহাম্মদ জুলানী বলেন, মাত্র ৫টি AK-47 রাইফেল দিয়ে তারা সিরিয়া যুদ্ধের যাত্রা শুরু করে। পরের ইতিহাস কম বেশি সবারই জানা।

ইমাম মাহদীর আবির্ভাব পর্যন্ত সিরিয়া যুদ্ধ চলবে

হযরত সাঈদ ইবনুল মুসাইয়াব (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, "শাম দেশে (সিরিয়া) ব্যাপক ফিৎনা দেখা দিবে। যখনই উক্ত দেশের কোনো প্রান্তের ফিৎনা একটু শান্ত হবে, তখনই অন্য প্রান্তে উত্তপ্ত হয়ে উঠবে। এভাবে চলতে থাকবে যা কখনো স্থিতিশীল হবে না, এক পর্যায়ে একজন ঘোষক আসমান থেকে ঘোষণা করবে, হে লোকসকল! নিঃসন্দেহে অমুক হচ্ছে, (ইমাম মাহদী) তোমাদের আমীর।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৭৩)**

হযরত আব্দুর রহমান (রহঃ) তার মাতা থেকে বর্ণনা করেন, তার মাতা ছিলেন বৃদ্ধা। তিনি বলেন, আমি (আমার মাতাকে) ইবনে যুবাইরের যুদ্ধের কথা বললাম যে, এটা এমন একটি যুদ্ধ যাতে মানুষ হালাক বা বরবাদ হয়েছে। তখন তিনি আমাকে বললেন হে বৎস! কখনো নয়। বরং উহার পরে (আখেরী যুগে) এমন এক যুদ্ধ হবে (অনেক) মানুষ বরবাদ হবে। তাদের যুদ্ধ থামবে না, আর এরই

মাঝে আকাশ থেকে এক সম্বোধনকারী (হযরত জিব্রাইল আঃ) সম্বোধন করে বলবে তোমাদের উপর অমুক ব্যক্তি (ইমাম মাহদী) তোমাদের আমীর।” (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৯৭৬)

হযরত সুলাইমান ইবনে হাতেব হিময়ারী (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, “নিঃসন্দেহে শাম (সিরিয়া) দেশে নানান ধরনের ফিৎনা প্রকাশ পাবে। যেখানে ফিৎনা এমনভাবে আসবে যেন কূপের ভিতর পানি পতিত হচ্ছে, যা তোমাদের কাছে খুবই স্পষ্ট হয়ে উঠবে। এবং তোমরা ক্ষুধার কারণে অত্যন্ত লজ্জিত হবে। সে সময় রুটির ঘ্রাণ মেশকের ঘ্রাণ থেকেও বেশি পছন্দনীয় হয়ে উঠবে।” (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৬৫)

হযরত কা’ব (রহঃ) থেকে বর্ণিত, তিনি এরশাদ করেন, “মাশরেকী (ইরাকী) শামীদের (সিরিয়া) ফেৎনার প্রকাশ হবে, তখন আরবের বড় বড় রাজা বাদশাহদের পতন এবং আরববাসীদের বিভিন্ন লাঞ্চনার সম্মুখিন হতে হবে। এক পর্যায়ে পশ্চিমাদের (Tuareg) আগমন ঘটবে।” (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৫৬০)

অর্থাৎ কালো পতাকাবাহী ইরাকীরা যখন সিরিয়ার কালো পতাকাবাহীদের বিরুদ্ধে হোমস শহরে মারাত্মক যুদ্ধ শুরু করবে। তারপরই সৌদি আরব, কাতার, আরব আমিরাত, বাহরাইন, ওমান কুয়েত এর বাদশাহদের পতন হবে। তার পরই হলুদ পতাকাবাহী আবকা জাতি (Tuareg) মিশর দখল করে সিরিয়ায় এসে হাজির হবে।

(৭) সিরিয়া যুদ্ধের অতীত, বর্তমান ও ভবিষ্যত

প্রথম পর্ব

মূলত খ্রিষ্টপূর্ব ১০০০০ বছর থেকে সিরিয়ার ইতিহাস খুঁজে পাওয়া যায়। সিরিয়াতে ইসলাম আসার সময়, সিরিয়া মূলত ‘শাম’ নামে পরিচিত ছিল এবং শাম এর বৃহত্তর অংশের অন্তর্ভুক্ত ছিল বর্তমান জর্ডান, সিরিয়া, লেবানন, প্যালেস্টাইন ও দখলদার ইসরাইল। ৬৪০ খ্রিস্টাব্দে হযরত ওমর (রাঃ) এর খেলাফতের সময় সিরিয়া

রোমান সাম্রাজ্যের অধীনে ছিল। এরপর হযরত খালিদ বিন ওয়ালিদ (রাঃ) ও হযরত আবু ওবায়দা (রাঃ) এর নেতৃত্বে একে একে পুরো বৃহত্তর সিরিয়া (শাম) ইসলামিক খেলাফতের অধীনে আসে এবং দলে দলে সেখানকার মানুষ ইসলাম গ্রহণ করে। খুলাফায়ে রাশেদিনদের পরে ১০৯৮ সাল পর্যন্ত জাজিরাতুল আরবভিত্তিক (সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত,নকাতার, বাহরাইন ও ওমান) উমাইয়া বংশ, আব্বাসীয় বংশ ও মিশরভিত্তিক ফাতেমীয় রাজতন্ত্রের অধীনে শাসিত হয়। ১০৯৮ থেকে ১১৮৯ সাল পর্যন্ত ক্রুসেড যুদ্ধের সময় বর্তমানের মূল সিরিয়াসহ বৃহত্তর শামের বিভিন্ন অংশ জার্মান, ইংরেজ, ইতালি ও ফ্রান্সের দ্বারা শাসিত হয়। পরবর্তীতে সেলজুক, আইয়ুবি, মামলুকদের হাত ঘুরে এই ভূখণ্ড ১৫১৬ সালে অটোম্যান সাম্রাজ্যের অধীনে আসে। প্রথম বিশ্বযুদ্ধের পরে অটোম্যান সাম্রাজ্যের পরাজয়ের পর মূল সিরিয়াসহ বৃহত্তর সিরিয়া ব্রিটিশ ও ফ্রান্স সেনাবাহিনীর অধীনে আসে। এবং এই দুই সাম্রাজ্যবাদী জাতি তখন একটা চুক্তির মাধ্যমে এর উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে। যদিও ১৯২০ সালে হাশেমি পরিবারের ফয়সাল নামক একজন তল্পিবাহককে আমীর করে একটি কয়েক মাসের ক্ষণস্থায়ী 'সিয়িয়ান রাজতন্ত্র' প্রতিষ্ঠা করা হয়। কিন্তু তা পরে আবার 'ফ্রান্স ম্যান্ডেট' এর অধীনে চলে আসে। এমনিভাবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে পর্যন্ত ফ্রান্স সেনাবাহিনী এবং সিরীয় জাতীয়তাবাদে বিশ্বাসীদের মধ্যে দফায় দফায় কয়েকটি যুদ্ধ সংগঠিত হয় এবং ১৯৩৬ সালে সিরীয় জাতীয়তাবাদীদের ও ফ্রান্সের মধ্যে স্বাধীনতা চুক্তি সম্পাদিত হয় এবং হাসিম আল তাসিকে প্রথম রাষ্ট্রপতি করা হয়। কিন্তু দ্বিতীয় বিশ্বযুদ্ধের শুরুতে তা আবার ফ্রান্স সেনাদের নিয়ন্ত্রণে চলে আসে এবং ১৯৪৬ সালে এপ্রিল মাসে সেনা প্রত্যাহার করে প্রজাতন্ত্রী সরকারের হাতে ক্ষমতা হস্তান্তর করা হয়। ১৯৪৬ থেকে ১৯৭০ পর্যন্ত শুধু আরব ইসরাইল যুদ্ধ (১৯৪৮) আর ঘন ঘন সামরিক অভ্যুত্থানের ইতিহাস। এর মাঝে সুয়েজ খাল নিয়ে ১৯৫৬ সালে দ্বিতীয় আরব ইসরাইল যুদ্ধের পরে সিরিয়া রাশিয়া (তৎকালীন সোভিয়েত ইউনিয়ন) এর সাথে মৈত্রী চুক্তি করে। এর ফলে সিরিয়া রাশিয়া থেকে সমর সরঞ্জাম এর সাথে সমাজতন্ত্রের চেতনাও আমদানী করতে সক্ষম হয়। ১৯৫৮ সালের ১লা ফেব্রুয়ারি সিরিয়া এবং মিশর 'সংযুক্ত আরব প্রজাতন্ত্র' এর ঘোষণা দেয় এবং ১৯৬১ সালে তা ভেঙ্গে যায়। এর মাঝে সিরিয়াতে আরব জাতীয়তাবাদ

ভিত্তিক সমাজতান্ত্রিক মতবাদ **'বাথিজম'** এর উত্থান ঘটে এবং একে কেন্দ্র করেই সিরিয়ায় শাসন ব্যবস্থা কায়েম হতে থাকে। ১৯৬৬ সালে সালেহ জাদিদ (হাদ্দাদিন গোত্রের), মুহাম্মদ উমরান (খাইয়্যাতিন গোত্রের) এবং হাফিজ আল আসাদ (কাল্বিয়্যা বা বনু কাল্ব গোত্রের) মিলে আরেক দফা সামরিক অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতা হাতে নেয় এবং আশ্চর্যজনকভাবে তিনজন অফিসারই শিয়া নুসাইরিয়া আকিদার। এর মাঝে ১৯৬৭ সালে সিরিয়া আবারও ইসরাইলের সাথে যুদ্ধে জড়িয়ে পড়ে এবং গোলান মালভূমি হাতছাড়া হয়। এই বিষয়কে ভিত্তি করে যুদ্ধকালীন সামরিক প্রধান হাফিজ আল আসাদ ও অপর সামরিক শাসক সালাহ জাদিদের সাথে মতপার্থক্য প্রকট হয়। যার ফলস্বরূপ, এক রক্তপাতহীন সেনা অভ্যুত্থানের মাধ্যমে ১৯৭০ সালে হাফিজ আল আল আসাদ ক্ষমতায় আসীন হয় এবং ২০০০ সালে তার মৃত্যুর পর ৩০ বছরের শাসন শেষে তার ছেলে বাশার আল আসাদ ক্ষমতায় আসে। উল্লেখ্য, এ নুসাইরিয়া সম্প্রদায় সিরিয়ার মাত্র ১৩% শিয়ার একটি অংশ। মূলত ১৯৭০ সালে হাফিজ আল আসাদের ক্ষমতায় আসার মাধ্যমে সিরিয়া নামক গোটা ভূখণ্ডে ইসলাম আসার পরের ইতিহাসে প্রথম কোন ব্যক্তি সিরিয়ার শাসন ক্ষমতায় অধিষ্ঠিত হল যে কিনা আরবদের গোত্র পরিচয়ের দিক থেকে বনু কাল্ব গোত্রের এবং আকিদাগত দিক থেকে শিয়া নুয়াইরিয়া সম্প্রদায়ের অন্তর্ভুক্ত এবং জন্মগতভাবে পাহাড়ি উপত্যাকার একটি গ্রাম কারদাহা থেকে। আর ইমাম মাহদী (আঃ) এর আগমনের পূর্বে সিরিয়াতে সুফিয়ানী নামক যে অত্যাচারী বাদশার আবির্ভাব হবে সেও কিন্তু বানু কাল্ব গোত্রের লোক হবে এবং একটি পাহাড়ী উপত্যকা থেকেই। তাই ভবিষ্যৎ ইসলামের ইতিহাসের জন্য বানু কাল্ব গোত্রের লোকজন কেমন হবে তাই আমার আলোচনার বিষয়বস্তু। ২০১১ সালে আরব বসন্ত উত্তর আফ্রিকা ও মধ্যপ্রাচ্যের রাজনীতিতে একটি বিরাট নিয়ে আসে। এক নিমিষেই আরববিশ্বের অহংকারী ও প্রতাপশালী রাজাদের ক্ষমতার মসনদের টনক নড়ে যায়। একে একে ক্ষমতা হারান তিউনেসিয়ার প্রেসিডেন্ট বেন আলী, লিবিয়ার প্রেসিডেন্ট মুয়াম্মার গাদ্দাফি, মিশরের প্রেসিডেন্ট হোসনি মোবারক, ইয়েমেনের প্রেসিডেন্ট আলী আব্দুল্লাহ সালেহ। কেবল ব্যাতিক্রম ঘটে সিরিয়ায়, রক্ত পিপাসু বাসার আল আসাদের কাছে হেরে যায় আরব বসন্ত। ২০১১ সালে সিরিয়ার সাধারণ মানুষ যখন আসাদের পতনের জন্য রাস্তায় নেমে আসে,

তখন রক্ত পিপাসু আসাদ অস্ত্র নিয়ে জনগণের উপর চড়াও হয়। শুরু হয় সিরিয়ার যুদ্ধ, সিরিয়ার আসাদ বিরোধী জনগণের কাছে অস্ত্র দিয়ে সাহায্য করে সৌদি আরব, আরব আমিরাত, কাতার, তুরস্ক, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও ফ্রান্স। আসাদ বিরোধী জনগণের সাথে যোগ দেয় সেনাবাহিনীর একটি অংশ FSA, ইরাকের জিহাদী গোষ্ঠী ইসলামিক স্টেট, সিরিয়ার জিহাদী গোষ্ঠী জাবাহাত আল নুসরা, সৌদি-তুরস্কপন্থী আহরার আল শাম, জাইশুল ইসলামসহ আরো অনেকগুলো দল। অপর দিকে প্রেসিডেন্ট বাসার আল আসাদের পক্ষে যুদ্ধে যোগ দেয় রাশিয়া, ইরানের IRGC, লেবাননের হিজবুল্লাহ, ইরাক ও আফগানিস্তানের শিয়া মিলিশিয়ারা। প্রথম দিকে আসাদ বিরোধীরা একে একে দখল করে নেয় আলেপ্পো, রাক্কা, ইদলিব, দারা, দেইর আল জুর, পালমিরা। এছাড়াও রাজধানী দামেস্কের ও হোমস প্রদেশের কিছু এলাকা। হঠাৎ করে ২০১৪ সালে ইরাক ও সিরিয়ার দুই জিহাদী গোষ্ঠী ইসলামিক স্টেট ও জাবাহাত আল নুসরার বিরোধ প্রকাশ পেতে শুরু করে। এই বিরোধের জেরে ইরাকের জিহাদী গোষ্ঠী ইসলামিক স্টেট তাদের নিয়ন্ত্রিত ইরাক ও সিরিয়ার এলাকায় খেলাফত ঘোষণা করে। এর পর তাদের উপর চড়াও হয় যুক্তরাষ্ট্র, কুর্দি বাহিনী YPG, SDF ও ইরাকের শিয়া মিলিশিয়ারা। এর মধ্যে ২০১৫ সালে হঠাৎ করেই রাশিয়ার প্রেসিডেন্ট ব্লাদিমির পুতিন, বাসার আল আসাদের পক্ষে যুদ্ধে যোগ দেয়। রাশিয়ার প্রকাশ্য অংশগ্রহণের ফলে পুরো যুদ্ধের মোড়ই ঘুরে যায়। ২০১৬ সালে তুরস্কও সরাসরি সিরিয়ার যুদ্ধে জড়িয়ে যায়, তাদের উদ্দেশ্য ছিল কুর্দি বাহিনীর অগ্রযাত্রা প্রতিরোধ করা। ২০১৭ সালে এসে আসাদ সরকার সিরিয়ার বেশিরভাগ এলাকাই পুনঃদখল নিতে সক্ষম হয়। এর মধ্যে নতুন করে যুদ্ধের গুঞ্জন শুরু হয় ইরাকের কুর্দি বাহিনীর বিরুদ্ধে।

দ্বিতীয় পর্ব

সিরিয়া যুদ্ধের প্রথম দিকে আমরা দেখেছিলাম ইরাকের ইসলামিক স্টেট (Islamic State of Iraq and Syria-ISIS) ও সিরিয়ার জাবাহাত আল নুসরা (বর্তমান হায়াতা তাহরির আল শাম-HTS) সবাইকে অবাক করার মত সাফল্য পেয়েছিল। একে একে তারা দখল করে নিয়েছিল আলেপ্পো, রাক্কা, ইদলিব, দেইর আল জুর (Deir-ez-zur), দ্বারা (Daraa), পালমিরা, হোমস

প্রদেশের এর কিছু অংশ এবং হামা এর কিছু অংশ দখল করে নিয়েছিল। কিন্তু বর্তমানে তারা নিজেদের নিয়ন্ত্রিত এলাকাগুলো ধরে রাখতে পারছে না। বরং ২০১৫ সালে সিরিয়ার দ্বিতীয় বৃহত্তম শহর আলেপ্পো (Aleppo) থেকে ইসলামপন্থীদের পতন এবং পরবর্তীতে ধারাবাহিকভাবে দ্বারা (Daraa) এবং উত্তর আলেপ্পো, রাক্কা, হোমস, পালমিরা, দেইর আল জুর পতন হয়। যার কারণে অনেক মানুষ যারা পূর্ণাঙ্গ ইসলামী শাসনের স্বপ্ন দেখতে ছিল তারা মারাত্মকভাবে ব্যথিত হয়। আসুন এখন আমরা বর্তমান সময়ের সাথে সামঞ্জস্যপূর্ণ কয়েকটি হাদিসের বর্ণনা দেখে নেই।

হযরত উমার ইবনে খাত্তাব (রাঃ) থেকে বর্ণিত, নবী করিম (সাঃ) বলেন, 'হে আল্লাহ! আমাদের শামে (সিরিয়া) ও ইয়ামেনে আপনি বরকত দান করুন। লোকেরা বলল, আমাদের নজদেও। তিনি পুনরায় বললেন, হে আল্লাহ! আমাদের শাম (সিরিয়া) দেশে ও ইয়ামেনে বরকত দান করুন। লোকেরা আবারও বলল, আমাদের নজদেও। তখন তিনি বললেন, সেখানে তো রয়েছে ভূমিকম্প ও ফেতনা-ফ্যাসাদ; আর শয়তানের শিং সেখান থেকেই বের হবে (তার উত্থান ঘটবে)।' (বোখারি, ১০৩৭)

হযরত আব্দুল্লাহ ইবনে আমর ইবনুল আস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, "শাম (সিরিয়া) দেশের ফিতনা এত মারাত্মক আকার ধারণ করবে যে, যার কারণে সমাজের সম্মানিত লোকজন প্রথমে বিজয়ী হবে। অবশ্যই সেটা খুব অল্প সময়ের জন্য। পরবর্তীতে তাদের উপর নিন্ম শ্রেণীর লোকজন বিজয়ী হবে, যাদের জ্ঞান বুদ্ধি খুবই কম। যাতে করে তোমাদেরকে কৃতদাস বানিয়ে রাখতে পারে, যেরকম পূর্বযুগে রাখা হত।" (নুয়াইম বিন হাম্মাদের আল ফিতান, হাদীস নং ৬৭৯)

এই হাদীসের সাথে বর্তমান সিরিয়ার পরিস্থিতি সম্পূর্ণ ভাবে মিলে যাচ্ছে। IRGC, হিজবুল্লাহ, কুর্দি বাহিনী, SDF শিয়া মিলিশিয়ারা বিজয়ী এলাকাগুলোতে সাধারণ সুন্নি মুসলিমদের উপর বর্তমানে কৃতদাসের মতই আচরণ করছে।

বর্তমানে সিরিয়াতে ইসলামিক স্টেট খুব নাজুক অবস্থায় আছে। উত্তর আলেপ্পো, পালমিরা, হোমস, দারা, রাক্কা, দেইর আল জুর থেকে প্রতিনিয়ত বিতারিত হচ্ছে। অপর জাবাহাত আল নুসরা আরো কয়েকটি ছোট ছোট ইসলামিক দল নিয়ে HTS (হায়াতা তাহরির আল শাম) নামে একটি জোট করেছে। যারা ইদলিব, দারা, আলেপ্পোর কিছু অংশ, হোমস এর কিছু অংশ নিয়ন্ত্রণ করছে। সিরিয়াতে বর্তমানে যাদেরকে সবচেয়ে শক্তিশালী বিদ্রোহী জোট হিসাবে গণ্য করা হয়। ধারণা করা হয় এই জোটের সৈন্য সংখ্যা ৩১ হাজারেরও বেশি। গত ২০ September ২০১৭ কাজাকিস্তানের রাজধানী আস্তানায় ইরান, রাশিয়া ও তুরস্কের মধ্যে ইদলিব প্রদেশ থেকে HTS (তাহরির আল শাম) ও আফরিন শহর থেকে কুর্দি বাহিনীকে বিতাড়িত করার জন্য একটি চুক্তি হয়। এই তিনটি দেশ ইদলিব থেকে HTS কে বিতাড়িত করে সেখানে স্থায়ীভাবে সৈন্য মোতায়েন করবে।

হযরত ওয়ালিদ ইবনে ইয়াজিদ থেকে বর্ণিত, তিনি বলেন, "কালো পতাকাবাহী হয়ে তুর্কি সম্প্রদায় বেড়িয়ে আসবে। তাদের সাথে যুদ্ধ করতে থাক, তাদের ঘোড়ার নিঃশ্বাস শেষ না হওয়া পর্যন্ত। যতক্ষণ না পশ্চিমারা বের হয়ে আসবে।" (আল ফিতান, হাদীস নং ৭৪৭)

হাদিসটিতে এরকম বুঝানো হয়েছে যে, যখন তুর্কিরা (তুরস্ক) তোমাদের সাথে যুদ্ধ করতে আসবে, তাদের যুদ্ধের সরঞ্জাম শেষ না হওয়া পর্যন্ত যুদ্ধ করতে থাক। যতক্ষণ পর্যন্ত পশ্চিমারা (মাগরিব অঞ্চল অর্থাৎ মরোক্কো, তিউনেসিয়া, আলজেরিয়া, লিবিয়া থেকে বর্বরবাহিনী) অর্থাৎ আবকা জাতি বের হয়ে না আসবে।

সাম্প্রতিক সময়ে ইরাক ও সিরিয়ায় চাপের মুখে থাকা ইসলামিক স্টেট শুধু লিবিয়াতে ১২ হাজার সৈন্য জড়ো করে জড়ো হতে শুরু করেছে এবং নতুন অনুসারীদেরকে লিবিয়াতে হিজরত করার জন্য নির্দেশ দিচ্ছে। তাই পরবর্তীতে যেকোন সময় তারা ইরাক ও সিরিয়ার মত বড় অভিযান শুরু করতে পারে। এছাড়াও সাম্প্রতিক সময়ে উত্তর আফ্রিকায় আল কায়দার মাগরিব অঞ্চলের চারটি জোট একত্রিত হয়ে (Jamat Nusrat Al Islam wal Muslimin-JNIM)

নামে ঐক্যবদ্ধ হয়েছে। মালি, আলজেরিয়া, লিবিয়া ও মিশরে তাদের তৎপরতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। আর আমরা সবাই জানি, ইসলামিক স্টেট ও আল কায়দার অনুসারীরা কালো পতাকা ব্যবহার করে।

হযরত আবু কাবীল (রহঃ) বলেন, নিঃসন্দেহে পশ্চিমারা এবং ফুজাআ ও মারওয়ানের সন্তানগণ শাম দেশের মূল ভূখণ্ডে কালোপতাকার নিচে সমবেত হবে। বিশিষ্ট সাহাবী হযরত হোজাইফা ইবনুল ইয়ামান (রাযিঃ) থেকে বর্ণিত, তিনি একদা মিসরবাসীকে সম্বোধন করে বলেন, "হে মিশরীগণ! যখন পশ্চিমাদের পক্ষ থেকে তোমাদের দিকে আব্দুল্লাহ ইবনে আব্দুর রহমান আসবে এবং তারা পুলের (অর্থাৎ ব্রিজের) উপর থাকা অবস্থায় তোমাদের সাথে যুদ্ধে লিপ্ত হবে। তোমাদের এবং তাদের মিলিয়ে প্রায় সত্তর হাজার যোদ্ধা হবে। সে তোমাদেরকে মিশর এবং শামদেশ থেকে লাঞ্ছিত অবস্থায় কাফের আখ্যায়িত করে বের করে দিবে। ঐ পরিস্থিতিতে জনৈকা আরবী মহিলা পঁচিশ দেরহাম নিয়ে দামেস্কের গেইটে অবস্থান করবে। অতঃপর পশ্চিমারা (অর্থাৎ মাগরিব অঞ্চল থেকে আগত হলুদ পতাকাবাহী দল) হিমস নগরীতে দীর্ঘ আঠার মাস পর্যন্ত অবস্থান করবে। এ দিনগুলোতে তারা যাবতীয় সম্পদ বিলি করবে এবং নারী-পুরুষদের সবাইকে নির্বিচারে হত্যা করবে। কিছুদিন পর আসমানের নিচে অবস্থনরত সবচেয়ে নিকৃষ্ট লোকদের অন্যতম একজন তাদের প্রতি ধেয়ে আসবে এবং তাদের সাথে যুদ্ধ করে তাদেরকে পরাজিত করবে। এক পর্যায়ে তারা হিমস নগরী ছেড়ে দিয়ে মিশরের ভূখণ্ডে প্রবেশ করবে। (আল ফিতান, হাদীস নং, ৭৬৪)

হাদীসের সারাংশ এরকম যে, প্রথমে ইসলামিক মাগরিব (মরোক্কো, তিউনেসিয়া, আলজেরিয়া, লিবিয়া ও মিশরের) লোকজন, যারা মারওয়ান ও ফুজায়া গোত্রের লোকজন আব্দুল্লাহ আব্দুল্লাহ নামক এক ব্যক্তির আওতায় কালো পতাকার নিচে একত্রিত হবে এবং তারা ইসলামিক মাগরিব বিজয়ী হয়ে মিশর পর্যন্ত জয় করবে। ঠিক তখনই মিশরের প্রেসিডেন্ট পালিয়ে ইউরোপ চলে যাবে এবং ক্ষমতা ফিরে পাওয়ার জন্য ইউরোপ ও আমেরিকার নিকট সাহায্য চাইবে। এর পর আবকা জাতির পক্ষ থেকে আব্দুল্লাহ আব্দুর রহমান হিন্দ নামের আরেকজনের নেতৃত্বে হলুদ পতাকাবাহী দল আত্মপ্রকাশ করবে। তিনি কালো পতাকাবাহী দলকে

পরাজিত করে মাগরিব অঞ্চল (মরোক্কো, তিউনেসিয়া, আলজেরিয়া, লিবিয়া ও মিশর) মুক্ত করবেন এবং সিরিয়ার হোমস নগরীতে ১৬ মাস অবরুদ্ধ করার পর জয়লাভ করবে এবং সিরিয়ার রাজধানী দামেস্ক জয় করবে। আর তাদেরকেই আবকা জাতি বলা হবে, যারা অর্ধেক সিরিয়া নিয়ন্ত্রণে রাখবে। আর এই হলুদ পতাকাবাহী বর্বর আবকা জাতিকে হাদিসের ভাষায় নিকৃষ্ট জাতি বলা হয়েছে। তারা নির্বিচারে নারী পুরুষ সবাইকে হত্যা করবে। এর কিছুদিন পর আসমানের নিচে সবচেয়ে নিকৃষ্ট লোকটি (অর্থাৎ প্রথম সুফিয়ানী) আত্মপ্রকাশ করবে এবং আসহাব ও আবকা উভয় দলের উপর সে বিজয়ী হবে। আর আবকা জাতি সুফিয়ানীর কাছে পরাজিত হয়ে মিশরে চলে যাবে। আর আসহাব জাতি সুফিয়ানীর কাছে পরাজিত হয়ে ইরাকের কূফা নগরীতে অবস্থান করবে।

তৃতীয় পর্ব

হযরত ইমাম মাহদী (আঃ) এর আগমনের পূর্বে সিরিয়ায় বানু কাল্ব গোত্রের সুফিয়ানী বাদশা আত্মপ্রকাশ করবে। আর এই সুফিয়ানী বাহিনী সরাসরি ইমাম মাহদী (আঃ) এর বিরুদ্ধে যুদ্ধ করবে। যদিও সুফিয়ানী তার প্রকৃত নাম নয়, তার আসল নাম হবে আজহার ইবনে কাল্ব, অথবা উসমান, যারা বংশগত দিক থেকে বনু উমাইয়া গোত্রের আবু সুফিয়ানের বংশের লোক হবে। আর তাদের সহযোগিরা হবে বানু কাল্ব গোত্রের। অবশ্য বর্তমান প্রেসিডেন্ট বাশার আল আসাদ ও তার পিতা হাফিজ আল আসাদও কিন্তু বনুকাল্ব গোত্রের লোক, যাদেরকে আলাবী মুসলমান বলা হয়ে থাকে।

হযরত আলী (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, “শাম (সিরিয়া) দেশে তিন ঝাণ্ডা বিশিষ্ট তিনজন লোক আত্মপ্রকাশ করবে। আসহাব, আবকা ও সুফিয়ানী ঝাণ্ডা। আসহাব বের হবে মাশরিক (অর্থাৎ সিরিয়ার পূর্বাঞ্চল ইরাক) থেকে, আবকা বের হবে মিশর থেকে এবং সুফিয়ানী বের হবে শাম দেশ (সিরিয়া) থেকে। আর সুফিয়ানী তাদের উভয়ের উপর বিজয়ী হবে।” (নুয়াইম বিন হাম্মাদের আল ফিতান, হাদীস নং ৮৪৫)

সিরিয়াতে যখন কালো পতাকাবাহী দলের মধ্যে মতবিরোধ চরম আকার ধারণ করবে তখন মিশরে হলুদ পতাকাবাহী আবকা জাতির আত্মপ্রকাশ ঘটবে। তারা সিরিয়ায় এসে প্রথমে হোমস শহরকে ১৬ কিংবা ১৮ মাস অবরুদ্ধ করে রাখবে, তারপর তারা হোমস শহরটি বিজয় করতে সক্ষম হবে। হোমস (Homs) শহরটির অবস্থান হল রাজধানী দামেস্কাস (Damascus) এর উত্তরে আর আলেপ্পো (Aleppo) শহরের দক্ষিণে। অর্থাৎ দামেস্কাস এবং আলেপ্পো শহরের মাঝখানে, এটি সিরিয়ার তৃতীয় বৃহত্তম শহর। তারপর তারা যখন সিরিয়ার রাজধানী দামেস্কাস বিজয় করবে, তখন দামেস্কাস শহরের আরম জনপদ ও বড় মসজিদের (অর্থাৎ বনি উমাইয়া মসজিদ, যে মসজিদে হযরত ঈসা (আঃ) অবতরণ করবেন) পশ্চিম পাশের দেয়াল ভূমিকম্পের কারণে বা, বড় ধরনের মিসাইলের আঘাতের কারণে ধ্বসে পরবে। যার কারণে সেখানে ১ লক্ষ লোক নিহত হবে।

আসহাব জাতি হবে বনি হাশেম বংশের পরবর্তী প্রজন্মের সন্তানেরা। যারা সিরিয়ার পূর্বাংশ অর্থাৎ (দেইর আল জুর, হাসাকা, আবু কামাল, রাক্কা) নিয়ন্ত্রণ করবে। তারা আসবে মাশরিক অঞ্চল অর্থাৎ ইরাক ও খোরাসানের দিক থেকে। আর আবকা জাতি হবে উমাইয়া বংশের খলিফা মারওয়ানের বংশধরদের থেকে। আবকা জাতি আসবে মিশরের দিক থেকে। যারা সিরিয়ার পশ্চিমাংশ (অর্থাৎ হোমস, হামা, লাটাকিয়া দামেস্কাস শহর) নিয়ন্ত্রণ করবে।

হযরত আবু কাবিল (রহঃ) থেকে বর্ণিত তিনি বলেন, "বনি হাশেম গোত্রের এক ব্যক্তি রাজত্বের মালিক হওয়ার সাথে সাথে বানি বানু উমাইয়া গোত্রের একজনকে হত্যা করবে। এভাবে চলতে চলতে সামান্য কিছু লোকজন বাকি থাকবে যাদেরকে হত্যা করা হবে না। হঠাৎ বনি উমাইয়া গোত্রের একজন রাজত্বের মালিক হওয়ার সাথে সাথে একজনের বিপরীতে দুইজনকে হত্যা করতে থাকবে। যার ফলে নারী ব্যতীত কোন পুরুষ লোক থাকবে না।" (নুয়াইম বিন হাম্মাদের আল ফিতান, হাদীস নং ৮২১)

সবচেয়ে আশ্চর্যের বিষয় হল, ইসলামিক স্টেট এর প্রধান আবু বকর আল বাগদাদী কিন্তু বংশগত দিক থেকে কুরাইশ বংশের লোক। আর কুরাইশ বংশ কিন্তু বনি হাশেম গোত্রের একটি শাখা। আর আমরা সবাই জানি, আবু বকর আল বাগদাদী

সিরিয়া যুদ্ধের শুরু থেকেই বাশার আল আসাদের পক্ষে যুদ্ধরত শিয়াদের বিরুদ্ধে মারমুখী যুদ্ধ চালিয়ে যাচ্ছে, যারা কিনা সুফিয়ানী বাহিনীর সমর্থক। সুতরাং আমরা এ কথা বলতেই পারি যে, ইসলামিক স্টেট এর পরবর্তী প্রজন্মের অনুসারীরাই হচ্ছে আসহাব জাতি। কারণ তাদের দলের প্রধান হচ্ছে বনি হাশেম গোত্রের লোক, আর তারা এসেছে মাশরিক অঞ্চল বা, পূর্বাঞ্চল (অর্থাৎ সিরিয়ার পূর্ব দিক) ইরাক থেকে।

কিন্তু বর্তমানে প্রেসিডেন্ট বাশার আল আসাদ বাহিনী যেভাবে ইসলামিক স্টেট ও HTS (তাহরির আল শাম) এবং আহরার আল শামের বিরুদ্ধে সকল এলাকায় বিজয়ী হচ্ছে অনেকের মনে হতে পারে, কবে আসহাব ও আবকা জাতি হোমস আর দামেস্কাস বিজয় করবে?

আসল কথা হচ্ছে মিশরের নীলনদ যখন পানির অভাবে শুকিয়ে যাবে এবং মিশরের অর্থনীতি ভেঙ্গে বিশৃঙ্খলা সৃষ্টি হবে, তখনই হলুদ পতাকাবাহী আবকা জাতি এবং তাদের সমর্থনকারী আমেরিকান ও ইউরোপের বর্বর জাতি মিশরে এসে হাজির হবে এবং পরবর্তীতে তারা সিরিয়ায় এসে হাজির হবে।

মিশরের নীলনদ শুকিয়ে যাওয়ার সব আয়োজন সম্পন্ন করতেছে ইথিওপিয়া সরকার, তারা ৬.৪ বিলিয়ন ডলার খরচ করে নীল নদের উপর Grand Euthiopian Regiment Dam নামে পৃথিবীর সপ্তম বৃহত্তম বাঁধ নির্মাণ করছে। ২০১১ সালে এই বাঁধ নির্মাণ শুরু হয়ে ২০১৭ সালের জুলাই মাসে শেষ হওয়ার থাকলেও এখন পর্যন্ত ৭০% শতাংশের মত কাজ শেষ হয়েছে। এই বাঁধ নির্মাণ সম্পন্ন হলে মিশরে নীলনদের পানি আসা বন্ধ হয়ে যাবে। কারণ নীলনদের পানি আসে আফ্রিকার রুয়ান্ডা নদী থেকে ইথিওপিয়া ও সুদানের উপর দিয়ে মিশরে আসে। বর্তমানে মিশরের অর্থনীতির ৭০%-৮০% আসে কৃষি খাত থেকে। আর মিশরের কৃষিখাত সম্পূর্ণরূপে নীলনদের নির্ভরশীল। তাই আগামী ১০ বছর পর মিশরের ভবিষ্যৎ কি হবে তা একমাত্র আল্লাহ ভালো জানেন।

যখন আসহাব জাতি (অর্থাৎ ইরাক থেকে আসা বাহিনী) ও আবকা জাতি (মিশর থেকে আসা বাহিনী) মধ্যে দ্বন্দ্ব চরম আকার ধারণ করবে তখন দামেস্কাস এর

দক্ষিণ দিক থেকে ওয়াদিউল ইয়াবেস (শুষ্ক উপত্যকা) নামক জায়গা (অর্থাৎ দারা শহর) থেকে প্রথম সুফিয়ানী বের হবে। যে কিনা বংশগত দিক থেকে বানু কাল্ব গোত্রের লোক হবে। সে নিজেকে মুসলিম বিশ্বের খলিফা দাবি করবে। যারা তাকে খলিফা মানতে অস্বীকৃতি জানাবে, তাদের সবাইকে সে হত্যা করবে। প্রতি মাসে তার বাহিনীতে ৩০ হাজার লোক যোগদান করবে। আর আসহাব জাতি (ইরাক থেকে আসা বাহিনী) ও আবকা জাতি (মিশর থেকে আসা বাহিনী) তার বিশাল সৈন্য দেখা মাত্রই পরাজিত হবে।

বিশিষ্ট সাহাবী হযরত সুবান (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, "কিছুদিনের মধ্যেই এমন একজন খলিফার আবির্ভাব ঘটবে, লোকজন যার হাতে বাইয়াত গ্রহণে অস্বীকৃতি জানাবে। এবং তার নায়েব তার দুশমন হয়ে যাবে। যার কারণে একাকী পথ চলা ব্যতিত তার কোন উপায় থাকবে না, অবশ্যই সে শাম দেশে বিজয়ী হবে। ইরাকবাসী তাকে ইবায় ফেরত নিতে চাইলে সে অস্বীকৃতি জানাবে। সে বলবে যুদ্ধের জন্য এটাই উপযুক্ত স্থান। যার কারণে ইরাকবাসী তাকে ছেড়ে চলে যাবে। এবং তার বিরুদ্ধে হিমসে সৈন্য সমাবেশ ঘটাবে।" (আল ফিতান, হাদীস নং ৮৭২)

এই হাদীসের প্রথমাংশের সাথে ইতোমধ্যেই আমরা পরিচিত হয়ে গেছি, সিরিয়া যুদ্ধের প্রথম দিকে ইসলামিক ইস্টেটের খলিফা আবু বকর আল বাগদাদী ও জাবাহাত আল নুসরার (বর্তমান HTS) আমির আবু মুহাম্মদ জাওলানী ছিলেন খুবই ঘনিষ্ঠ এবং তারা দুজন একত্রে বাশার আল আসাদের বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন। যখন আবু বকর আল বাগদাদী খিলাফতের ঘোষণা দিলেন, তখনই আবু মুহাম্মদ জাওলানী তার শত্রু হয়ে গেলেন। হয়তো পরবর্তী সময়ে ইসলামিক স্টেট থেকে ইরাকবাসীও মতবিরোধে লিপ্ত হয়ে আলাদা হয়ে যাবে।

হযরত ওযীন ইবনে আতা (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, "চতুর্থ ফিতনা মূলত রিক্কাহ (রাক্কা) থেকে শুরু হবে।" (আল ফিতান, হাদীস নং ৮৬৮)

ইসলামিক স্টেট যখন রাক্কা বিজয় করল, এর পরই তারা খিলাফতের ঘোষণা দিয়েছে, যার ফলে জাবাহাত আল নুসরা (বর্তমান HTS) সহ সিরিয়ার সকল

আসাদ বিরোধীদের সাথে তাদের দ্বন্দ্ব শুরু হয় এবং পরবর্তীতে ইসলামিক স্টেট রাক্কা শহরকে তাদের খিলাফতের রাজধানী ঘোষণা করে।

আসহাব জাতি (অর্থাৎ ইরাক থেকে আসা বাহিনী) ও হলুদ পতাকাবাহী আবকা জাতি (অর্থাৎ মিশর থেকে আসা বাহিনী) এর পতনের পর অবশ্যই দেইর-আল-জুর এর নিকটবর্তী কিরকিসিয়া নামক স্থানে তুর্কি (তুরস্ক) এবং রোমান জাতির (যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স জার্মানী) সাথে সুফিয়ানী বাহিনীর (বাশার আল আসাদের পরবর্তী শিয়া শাসক) সাথে ফোরাত নদীর তীরে স্বর্ণের পাহাড়ের দখলকে কেন্দ্র করে একটি মারাত্মক যুদ্ধ হবে। যে যুদ্ধে ১ লক্ষ, কোন কোন মতে, ১ লক্ষ ৬০ হাজার লোক নিহত হবে।

হযরত আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত, রাসূল সাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "সেই পর্যন্ত কেয়ামত সংঘটিত হবে না, যতক্ষণ না ফোরাত থেকে সোনার পাহাড় বের হবে। তার জন্য মানুষ যুদ্ধ করবে এবং প্রতি একশ জনে নিরানব্বই জন লোক মারা যাবে। যে ক'জন জীবনে রক্ষা পাবে, তারা প্রত্যেকে মনে করবে, বোধ হয় একা আমিই জীবিত আছি।" (সহিহ মুসলিম, খণ্ড ৪, পৃষ্ঠা ২২১৯)

অধিকাংশ মানুষ মনে করে ফোরাত নদী কেবল ইরাকে রয়েছে। আসলে ফোরাত নদী তুরস্ক থেকে সিরিয়া হয়ে ইরাকে এসে শেষ হয়েছে। সাম্প্রতিক সময়ে তুরস্ক সরকার ফোরাত নদী উপর তুরস্ক সরকার Sanliurfa province এ Autaturk Baraji Dam নামে একটি বাঁধ নির্মাণ করে, এর পর সিরিয়ার সরকার Raqqa Province এ Tabqa Dam নির্মাণ করার কারণে ফোরাত নদীর পানি দিন দিন শুকিয়ে যাচ্ছে। আর হাদীসে বলা হয়েছে ফোরাত নদীর পানি শুকিয়ে স্বর্ণের পাহাড় আবিষ্কার হবে।

এখন প্রশ্ন সেই স্বর্ণের পাহাড় কবে আবিষ্কার হবে?

বিশিষ্ট সাহাবী হযরত আবু হোরায়রা (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, "চতুর্থ ফেতনা হল অন্ধকার অন্ধত্বপূর্ণ ফেতনা। যা সমুদ্রের ঢেউয়ের ন্যায় উত্তাল হয়ে আরব অনারব প্রত্যেকটি ঘরেই প্রবেশ করবে। এই ফেতনার দ্বারা তারা

(মুসলমানরা) লাঞ্ছিত ও অপদস্থ হয়ে যাবে। যে ফেতনাটি শাম দেশে (সিরিয়া) চক্কর দিতে থাকলেও রাত্রি যাপন করবে ইরাকে, আর হাত-পা দ্বারা আরব উপদ্বীপে (সৌদি আরব, দুবাই, কাতার, ওমান, বাহরাইন) নাড়াচারা করতে থাকবে। ফেতনাটি এতোই মারাত্মক আকার ধারণ করবে, যার কারণে মানুষ ভাল-মন্দ কিছু বুঝতে পারবে না। একদিকে একটু শান্তির সুবাতাস আসলেও অন্য দিকে ফেতনাটি তীব্র আকার ধারণ করবে। আর কেউ এই ফেতনাটি থামানোর সাহস ও করবে না। এক পর্যায়ে সকলের কাছে সবকিছু স্পষ্ট হয়ে যাবে। এই অবস্থা ১২বছর স্থায়ী থাকবে। এরপর ফোরাত নদীতে স্বর্ণের ব্রিজ প্রকাশ পাবে। যার কারণে সবাই এটি দখল করতে চাইবে এবং প্রতি ৯জনের ৭জন নিহত হয়ে যাবে।" (আল ফিতান, হাদীস নং ৬৭৬)

আল্লাহু আকবর, এই হাদীসে সিরিয়ার বর্তমান যুদ্ধের ১২ বছর পর (অর্থাৎ ২০২৩ সালের পর) ফোরাত নদীর তীরে স্বর্ণের পাহাড় সিরিয়ার দেইর আল জুর শহরের এর নিকটবর্তী কিরকিসিয়া নামক স্থানে ভেসে উঠবে। আর আসরে যুহুরী বইটিতে আল্লামা আলী আল কুরানী বলেছেন সিরিয়া যুদ্ধের ১৮ বছর পর (অর্থাৎ ২০২৯ সালের পর) এই স্বর্ণের পাহাড়টি ভেসে উঠবে তখন এটি দখলের জন্য তুরস্ক ও ন্যাটো বাহিনীর জোট কিরকিসিয়ার প্রান্তরে হাজির হবে আর তখনই বনি কাল্ব গোত্রের সুফিয়ানী বাহিনী অর্থাৎ (বাশার আল আসাদের পরবর্তী শিয়া শাসক) তাদেরকে প্রতিরোধ করার জন্য এগিয়ে যাবে। আর তখনই এই ভয়াবহ যুদ্ধটি হবে। হাদীসে বলা হয়েছে, এই যুদ্ধে ১ লক্ষ বা ১ লক্ষ ৬০ হাজার লোক নিহত হবে। আর নিহতের মধ্যে বেশিরভাগ তুরস্কের সেনাবাহিনীর সৈন্য থাকবে। আরেকটি হাদিসে বলা হয়েছে, তুর্কিরা (তুরস্ক) দুইবার বের হয়ে আসবে। একবার তারা ৭০০ বছর মুসলিম বিশ্ব শাসন করেছিল, আর দ্বিতীয় বার বের হয়ে আসবে কিরকিসিয়ার ময়দানে। আর কিরকিসিয়ার যুদ্ধের পর তুর্কিদের (তুরস্কের অভ্যন্তরে) নিজেদের মধ্যে ভয়াবহ সংঘর্ষ শুরু হবে। যার কারণে তারা অস্তিত্ব সংকটে পরবে। এরপর আর কোন তুর্কি (তুরস্কের ক্ষমতা) থাকবে না।

কিরকিসিয়া যুদ্ধের পর প্রথম সুফিয়ানী ইরাকের কুফা নগরীতে আসহাব সম্প্রদায়ের বিরুদ্ধে যুদ্ধের জন্য আসবেন। কিন্তু কুফা নগরীতে এসেই তিনি অসুস্থ হয়ে আবার সিরিয়ার দিকে ফেরত যাবেন এবং ইরাক সিরিয়ার বর্ডারে এসে মৃত্যুবরণ করবেন। তারপর পৃথিবীর সবচেয়ে নিকৃষ্ট লোক বেরিয়ে আসবে যাকে আসল সুফিয়ানী বলা হবে। আর তিনি কুফার গণহত্যাটি ঘটাবেন। আর দ্বিতীয় সুফিয়ানী ইমাম মাহদী (আঃ) এর বিরুদ্ধে সরাসরি যুদ্ধ করবেন। আসহাব জাতি অর্থাৎ (ইসলামিক স্টেট) কিরকিসিয়া যুদ্ধের পর ইরাকের কুফা নগরীতে যে বৃহৎ হত্যাকাণ্ডের শিকার হবে, যার কারণে তাদের ৭০ হাজার, কোন কোন মতে ১ লক্ষ লোক নিহত হবে। অবশ্য এর পূর্বে তারা বড় বড় ৭ যুদ্ধে সুফিয়ানী বাহিনীর কাছে পরাজিত হবে।

চতুর্থ পর্ব

সিরিয়া যুদ্ধের বর্তমান পরিস্থিতি হাদীসের আলোকে যেভাবে ধীরে ধীরে ইমাম মাহদী (আঃ) এর আগমনের দিকে মোড় নিবে সেটাই এই পর্বে পর্যায়ক্রমে আলোচনা করা হবে। বর্তমান সিরিয়ার যুদ্ধটি ইরাক ও মিশরকে গ্রাস করে থেমে থাকবে না বরং পুরো মধ্যপ্রাচ্য, উত্তর আফ্রিকা, মধ্য এশিয়াকে একটি ভয়ংকর অসমাপ্ত যুদ্ধের দিকেই ঠেলে দিবে। সমগ্র মুসলিম বিশ্বে ভবিষ্যতে যে ঘটনাগুলো ঘটবে, সেগুলো সময়ের সাথে মিল রেখে উল্লেখ করা হবে। (ইনশাল্লাহ)

১। ২০১১ সালে আরব বসন্ত সিরিয়ায় গৃহযুদ্ধে মোড় নেয়া।

২। ২০১২ সালে সিরিয়া যুদ্ধে ইরাকের জিহাদী গোষ্ঠী ইসলামিক স্টেট (Islamic state of Iraq) প্রেসিডেন্ট বাশার আল আসাদের বিরুদ্ধে যুদ্ধে অংশগ্রহণ।

৩। ২০১২ সালে ইরানের IRGC, লেবাননের হিজবুল্লাহ, ইরাকের শিয়া মিলিশিয়া ও আফগানিস্তানের শিয়া মিলিশিয়াদের প্রেসিডেন্ট বাশার আল আসাদের পক্ষে যুদ্ধে যোগ দেয়া।

৪। ২০১৪ জাবাহাত আল নুসরা (বর্তমান HTS) এর সাথে বিরোধের জেরে ইসলামিক স্টেট (Islamic state of Iraq and Syria-ISIS) খিলাফত ঘোষণা।

৫। ২০১৪ সিরিয়া ও ইরাকে ইসলামিক স্টেটকে নির্মূল করার জন্য যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও ফ্রান্সের বিমান হামলা শুরু।

৬। ২০১৫ সালে রাশিয়ার প্রেসিডেন্ট ব্লাদিমির পুতিনের প্রকাশ্য ঘোষণা দিয়ে প্রেসিডেন্ট বাশার আল আসাদের পক্ষে যুদ্ধে যোগ দেয়া।

৭। ২০১৬ সালে সিরিয়া যুদ্ধে ইসলামিক স্টেট ও কুর্দি বাহিনীর বিরুদ্ধে তুরস্কের অংশগ্রহণ।

৮। ২০১৭ সালে প্রেসিডেন্ট বাশার আল আসাদের জয় জয়কার অবস্থা।

৯। ২০১৭ সালে ইরাকের স্বায়ত্বশাষিত কুর্দিস্থান সরকারের সাথে ইরাকের কেন্দ্রীয় সরকারের বিরোধের শুরু।

১০। সিরিয়াতে স্থিতিশীলতা ফিরে আসা এবং প্রেসিডেন্ট বাশার আল আসাদের মৃত্যুর পর শিয়া নুসাইরি লোকজন ব্যাপকভাবে হত্যার সম্মুখীন হওয়া।

"ততক্ষণ পর্যন্ত কেয়ামত হবে না, যতক্ষণ না পর্যন্ত ইরাক আক্রান্ত হবে এবং নিরপরাধ ইরাকবাসী সিরিয়াতে আশ্রয় নিবে। সিরিয়া পুনঃনির্মিত হবে এবং ইরাক পুনঃনির্মিত হবে।" **(মুন্তাখাব কানাজুল উম্মাল, খণ্ড ৫, পৃষ্ঠা ২৫৪)**

হযরত কা'ব (রহঃ) থেকে বর্ণিত, তিনি এরশাদ করেন, "বিশাল একটি জামাআতকে (দলকে) সুফিয়ানী (বাশার আল আসাদ) দুইবার পরাজিত করে তাদের উপর কর আরোপ করবে এবং তাদের জনগণকে বন্দি করবে। কুরাইশের জনৈকা নারীকে জবাই করার মাধ্যমে হত্যা করে, তার পেট চিঁড়ে বাচ্চা বের করে আনবে। এরপর সুফিয়ানী মারা গেলে তার পরিবারের সদস্যদের থেকে কতিপয় লোক ব্যাপকভাবে হামলার মুখে পড়বে। কয়েক বৎসর পর নিষ্ঠুরতম এক লোক (প্রথম সুফিয়ানী যে মুসলিম বিশ্বের খলিফা দাবি করবে), অভিশপ্ত জাতির অন্তর্ভুক্ত লোকজনকে (অর্থাৎ বনি কাল্ব গোত্রের শিয়া নুসাইরি ও তাদের সহযোগীদের)

তার প্রতি আহবান জানাবে। তার নাম হবে আবদুল্লাহ। সে নিজে যেমন অভিশপ্ত হবে, তার অনুসারীরাও অভিশপ্ত হবে। তাদের প্রতি আসমান ও জামিনের সবাই অভিশাপ দিবে। সে হিমস নগরীতে এসে পৌঁছবে এবং দামেস্ক নগরীতে আগুন জ্বালিয়ে দিবে। সে বনি আব্বাসের দুই ব্যক্তিকে (অর্থাৎ আসহাব জাতি ও আবকা জাতিকে) পরাজিত করে দিবে।" (নুয়াইম বিন হাম্মাদের আল ফিতান, হাদীস নং ৮৬৬)

১১। আসহাব জাতি অর্থাৎ ইসলামিক স্টেট Islamic state of Iraq and Syria পরবর্তী প্রজন্ম) পুনরায় সংগঠিত হবে এবং সিরিয়ার যুদ্ধে সবচেয়ে শক্তিশালী গ্রুপ হয়ে আত্মপ্রকাশ ।

১২। কালো পতাকাবাহী আসহাব জাতির (অর্থাৎ ইসলামিক স্টেট এর পরবর্তী প্রজন্ম) দ্বন্দ্বে নিজেদের মধ্যে দুই ভাগ হয়ে যাওয়া এবং হিমস (Homs) শহরে ভয়ংকর যুদ্ধ হবে।

১৩। নীল নদের উপর ইথিওপিয়া সরকারের (Grand Regiment Dam) এবং আল নাহদা বাঁধ (Al nahda dam) এর কারণে মিশরের নীলনদ শুকিয়ে গিয়ে মিশরের অর্থনীতি ভেঙ্গে যাওয়া এবং দুর্ভিক্ষ শুরু হওয়া।

মিশরের নীল নদের পানি আসে আফ্রিকার রুয়ান্ডা নদী থেকে ইথিওপিয়া ও সুদানের উপর দিয়ে। বর্তমানে নীলনদের পানি উল্লেখ যোগ্য হারে কমে যাচ্ছে। সাম্প্রতিক সময়ে Al Nahda Dam এর কারণে নীল নদের কমে যাওয়ায় মিশর, ইথিওপিয়া, সুদান সরকার সবাই যাতে পর্যাপ্ত পরিমাণ পানি সরবরাহ পায় এজন্য একটি চুক্তি করে। আর ইথিওপিয়া সরকার Grand regiment dam নামে ৪.৮ বিলিয়ন ডলার ব্যায়ে পৃথিবীর সপ্তম বৃহত্তম বাঁধ নির্মাণ করছে, এর কাজ এখন ৭০% শেষ হয়েছে, ধারণা করা হচ্ছে, এই বাধটি নির্মাণ শেষ হলে মিশর শুকিয়ে মরুভূমি হবে।

১৪। মাগরিব অঞ্চল (মরোক্কো, আলজেরিয়া, তিউনেসিয়া, আলজেরিয়া, লিবিয়া, মিশর) থেকে সাময়িক সময়ের জন্য কালো পতাকাবাহী দলের (Islamic state) এর উত্থান।

১৫। মাগরিব অঞ্চলে কালো পতাকাবাহী দলকে দমনের জন্য হলুদ পতাকাবাহী আবকা জাতি (Tuareg) দলের আবির্ভাব এবং সিরিয়ায় এসে কালো পতাকাবাহী দল থেকে হিমস (Homs) শহর দখল নিবে।

১৬। সিরিয়াতে আসহাব জাতি (অর্থাৎ Islamic state) ও মিশর থেকে হলুদ পতাকাবাহী আবকা জাতি (অর্থাৎ Tuareg) দলের দ্বন্দ্বের কারণে সমগ্র সিরিয়ার মানুষ দুই ভাগে বিভক্ত হবে।

১৭। ভূমিধ্বসের কারণে সিরিয়ার রাজধানী দামেস্ক (Damascus) এর আরম নামক জনপদ ও বনি উমাইয়া মসজিদের পশ্চিম দেয়াল (যে মসজিদে হযরত ঈসা (আঃ) আকাশ থেকে নামবেন) ধ্বসে পরবে।

১৮। ওয়াদিউল ইয়াবেস (অর্থাৎ সিরিয়ার দারা (Daraa) শহর) থেকে বানু কাল্ব গোত্রের প্রথম সুফিয়ানী আত্মপ্রকাশ করে, নিজেকে মুসলিম বিশ্বের খলিফা দাবি করবে এবং আসহাব জাতি (Islamic state) ও আবকা জাতির (Tuareg) দের উপর বিজয়ী হবে।

১৯। ফোরাত নদীর তীরে সিরিয়ার দেইর আল জুর (Deir-ez-zur) এর নিকটবর্তী কিরকিসিয়া নামক স্থানে স্বর্ণের পাহাড় ভেসে উঠবে এবং এটি দখলকে কেন্দ্র করে তুরস্ক ও আমেরিকানদের বিরুদ্ধে প্রথম সুফিয়ানীর ভয়াবহ যুদ্ধ হবে এবং ১ লক্ষ লোক নিহত হবে।

২০। হলুদ পতাকাবাহী আবকা জাতিকে (Tuareg) দেরকে সম্পূর্ণভাবে ধ্বংস করার জন্য দ্বিতীয় সুফিয়ানী মিশর আক্রমণ করবে এবং পুরো মিশরকে ধ্বংস করে দিবে।

২১। কালো পতাকাবাহী আসহাব জাতিকে (Islamic state) সম্পূর্ণরূপে ধ্বংস করার জন্য প্রথম সুফিয়ানী ইরাকের কুফা (মসূল) নগরীতে সৈন্য পাঠাবে এবং পথিমধ্যে সে মারা যাবে।

২২। প্রথম সুফিয়ানীর মৃত্যুর পর পৃথিবীর সবচেয়ে নিকৃষ্ট ব্যক্তি আসল সুফিয়ানী ক্ষমতা গ্রহণ করবে এবং ইরাকের কুফা নগরীতে কালো পতাকাবাহী আসহাব জাতির (Islamic state) ৭০ হাজার বা, ১ লক্ষ লোক হত্যা করবে, পরবর্তীতে পুরো ইরাকে হামলা করবে।

হযরত আরতাত (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, "দ্বিতীয় সুফিয়ানীর যুগে নিকৃষ্ট চরিত্রের কিছু লোকের আবির্ভাব ঘটবে এবং শামের দিকে বিভিন্ন ধরনের ফেৎনা প্রকাশ পাবে। একপর্যায়ে প্রত্যেক জাতি মনে করবে, যে তার পার্শ্ববর্তী এলাকার লোকজন থেকে বেশি খারাপ অবস্থায় রয়েছে।" **(নুয়াইম বিন হাম্মাদের আল ফিতান, হাদীস নং ৬৪৮)**

প্রথম ২২টি বিষয়ে আগে আলোচনা করা হয়েছে তাই এই আর উল্লেখ করছি না।

২৩। খোরাসান (আফগানিস্তান ও তার পার্শ্ববর্তী দেশ) থেকে হারস হাররাস নামক যুবকের নেতৃত্বে ও তার সহযোদ্ধা প্রবীণ শুয়াইব বিন সালেহর সাহায্যে কালো পতাকাবাহী দল বের হবে এবং তারা ইরাকের কুফা নগরীতে ভয়ংকর যুদ্ধে আসল সুফিয়ানীকে পরাজিত করে ইরাক, সিরিয়াতে কর্তৃত্ব পাবে।

হযরত ইবনুল হানাফিয়াহ (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, "খোরাসান (আফগানিস্তান) থেকে কালো ঝান্ডাবাহী দল এবং শুয়াইব ইবনে সালেহ ও মাহদী (আঃ) এর আত্মপ্রকাশ আর মাহদী (আঃ) এর হাতে ক্ষমতা আসা বাহাত্তর মাসের (অর্থাৎ ৬বছর) মধ্যেই সংঘাত হবে।" **(নুয়াইম বিন হাম্মাদের আল ফিতান, হাদীস নং ৮০৪)**

ইরাকের কুফা নগরীতে কালো পতাকাবাহী আসহাব জাতি (অর্থাৎ ইসলামিক স্টেট) এর হত্যাকাণ্ডের পর পরই খোরাসান (আফগানিস্তান) থেকে আরেকটি কালো পতাকাবাহী দল এই হত্যাকাণ্ডের প্রতিশোধ নেয়ার জন্য মাত্র ৪ হাজার সৈন্য নিয়ে সিরিয়ার বাদশা সুফিয়ানীর উপর হামলা করবে। আর এই আফগানিস্তান থেকে কালো পতাকাবাহী দলটি নেতৃত্ব দিবেন হারস হাররাস নামের এক যুবক, যিনি আসবেন মধ্য এশিয়ার (উজবেকিস্তান, তাজিকিস্তান,

কিরগিজস্তান, কাজাকিস্তান ও চীনের জিংজিয়াং) একটি দেশ থেকে। তাকে চেনার উপায় হচ্ছে, তার বাম হাতে অথবা বাম কাঁধে বড় একটি তিল থাকবে। আর তার সহযোগী যোদ্ধা হিসেবে বয়সে প্রবীণ শুয়াইব বিন সালেহ নামে আরেক জন ব্যক্তি থাকবেন। আর এই বাহিনীতেই ইমাম মাহদী (আঃ) এবং মনসুর সাধারণ যোদ্ধা হিসেবে থাকবেন কিন্তু তখন তাদেরকে চিনবে না।

হযরত আরতাত (রাঃ) বলেন, "সুফিয়ানি কুফায় প্রবেশ করবে। তিনদিন পর্যন্ত সে দুশমনদের বন্দীদেরকে সেখানে আটকে রাখবে এবং সত্তর হাজার কুফাবাসীকে হত্যা করে ফেলবে। তারপর সে আঠার দিন পর্যন্ত সেখানে অবস্থান করে তাদের (কুফাবাসীদের) সম্পদগুলো বণ্টন করবে। সুফিয়ানির কুফায় প্রবেশ করার ঘটনাটি তুরস্ক ও পশ্চিমাদের সাথে 'কিরকিসিয়্যা' এর ময়দানে যুদ্ধের পর ঘটবে। তাদের মধ্যে একদল খোরাসানে ফেরত যাবে। সুফিয়ানির সৈন্যবাহিনী আসবে এবং কুফার বিল্ডিংগুলো ধ্বংস করে সে খোরাসানবাসীদেরকে তালাশ করবে। খোরাসানের একটি দলের আবির্ভাব ঘটবে, যারা ইমাম মাহদির দিকে আহ্বান করবে। এরপর সুফিয়ানি মদিনার দিকে সৈন্য পাঠিয়ে রাসুলের বংশীয় লোকদেরকে বন্দী করবে। বন্দীদের কুফায় নিয়ে যাওয়া হবে। অতঃপর মাহদি ও মানসুর (একজন সেনাপতি) উভয়ে উভয়ে কুফা থেকে পলায়ন করবে। সুফিয়ানি উভয়ের তালাশে সৈন্য প্রেরণ করবে। অতঃপর যখন মাহদি ও মানসুর মক্কায় পৌঁছে যাবে, তখন সুফিয়ানির বাহিনীকে 'বায়দা' নামক স্থানে মাটির নিচে ধ্বসিয়ে দেওয়া হবে। এরপর মাহদি মক্কা থেকে বের হয়ে মদিনায় যাবেন এবং ওখানে বনু হাশেমকে মুক্ত করবেন। এমন সময় কালো পতাকাবাহী লোকেরা এসে পানির উপর অবস্থান করবে। কুফায় অবস্থিত সুফিয়ানির লোকেরা কালো পতাকাবাহী দলের আগমনের কথা শুনে পলায়ন করবে। কুফার সম্মানিত লোকেরা বের হবে যাদেরকে 'আসহাব' বলা হয়ে থাকে, তাদের কাছে কিছু অস্ত্রশস্ত্রও থাকবে এবং তাদের মধ্যে বসরাবাসীদের থেকে একজন লোক থাকবে। অতঃপর কুফাবাসী সুফিয়ানির লোকদেরকে ধরে ফেলবে এবং কুফার যে সব লোক তাদের হাতে থাকবে, তাদেরকে মুক্ত করবে। পরিশেষে কালো পতাকাবাহী দল এসে মাহদির

হাতে বাইয়াত গ্রহণ করবে।” (আল ফিতান, ৮৫০, মুহাক্কিক আহমদ ইবনে সুয়াইব এই হাদিসটির সনদকে ‘লাবাসা বিহা’ বা ‘বর্ণনাটি গ্রহণ করা যেতে পারে’ বলেছেন)

হযরত আলী (রাঃ) থেকে বর্ণিত, “সুফিয়ানির ঘোড়াগুলো (সৈন্যবাহিনী) কুফায় প্রবেশ করবে। সে তার সৈন্যদেরকে খোরাসানবাসীদের বিরুদ্ধে প্রেরণ করবে। খোরাসানবাসীরা লোকদেরকে ইমাম মাহদির দিকে আহ্বান করবে (ইমাম মাহদির আত্মপ্রকাশের পূর্বে)। তখন সে (সুফিয়ানি) কালো পতাকাবাহী একদল হাশেমীদের মুখোমুখি হবে, যার সমুখভাগের নেতৃত্ব দিবে শুহাইব বিন সালেহ। সে সুফিয়ানির বাহিনীকে ‘ইস্তাখর’ এর ফটকে ব্যস্ত রাখবে। এই দুই বাহিনীর মধ্যে তুমুল যুদ্ধ হবে এবং কালো পতাকাবাহী বাহিনী জয়লাভ করবে। কিন্তু সুফিয়ানির ঘোড়াগুলো (সৈন্যবাহিনী) পলায়ন করবে। এটাই হবে সেই সময় যখন লোকজন ইমাম মাহদির আত্মপ্রকাশের জন্য খুব আশা করতে থাকবে কারণ, তাঁকে (ইমাম মাহদিকে) তাদের প্রয়োজন।” (নুয়াইম ইবনে হাম্মাদ, আল ফিতান)

‘ইস্তাখর’ বর্তমানে ইরানের সিস্তান প্রদেশের অন্তর্গত একটি পরিত্যক্ত ঐতিহাসিক স্মৃতিবিজড়িত শহর, যা কিনা বৃহত্তর খোরাসানের অন্তর্গত।

২৪। সৌদি আরবে ক্ষমতা দখলকে কেন্দ্র করে তিনজন রাজপুত্রের মধ্যে গৃহযুদ্ধ শুরু হবে এবং এই যুদ্ধে বনি কায়েস গোত্রের (অর্থাৎ আফগানিস্তানের পশতুন বা, পাঠান জাতি) কালো পতাকাবাহী দল মারমুখী যুদ্ধ চালাবে ।

হযরত ছওবান (রাঃ) থেকে বর্ণিত, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমাদের ধনভাণ্ডারের (রাজত্বের জন্য) নিকট তিনজন বাদশাহ এর সন্তান যুদ্ধ করতে থাকবে। কিন্তু ধনভাণ্ডার (রাজত্ব) তাদের একজনেরও হস্তগত হবে না। তারপর পূর্ব দিক (খোরাসান) থেকে কতগুলো কালো পতাকাবাকী দল আত্মপ্রকাশ করবে। তারা তোমাদের সাথে এমন ঘোরতর লড়াই লড়বে, যেমনটি কোন সম্প্রদায় তাদের সঙ্গে লড়েনি।” বর্ণনাকারী বলেন, তারপর নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরও একটি বিষয় উল্লেখ করে বললেন, “তারপর আল্লাহর খলীফা মাহদির আবির্ভাব ঘটবে। তোমরা যখনই তাঁকে দেখবে, তাঁর হাতে বাইয়াত নেবে। যদি এজন্য তোমাদেরকে বরফের উপর দিয়ে হামাগুড়ি খেয়ে

যেতে হয়, তবুও যাবে। সে হবে আল্লাহর খলীফা মাহদি।” (সুনানে ইবনে মাজা, **খণ্ড ২, পৃষ্ঠা ১৩৬৭; মুসতাদরাকে হাকেম, খণ্ড ৪, পৃষ্ঠা ৫১০)**

২৫। ইরাকের কুফা নগরীতে খোরাসান থেকে আগত কালো পতাকাবাহী দল পুনরায় সুফিয়ানীর বিরুদ্ধে যুদ্ধে পরাজিত হবে।

২৬। নফসে জাকিয়া (পবিত্র আত্মা) কে হত্যা করা হবে। সম্ভবত খোরাসান (আফগানিস্তান) থেকে আগত কালো পতাকাবাহী দলকে নেতৃত্ব প্রদানকারী হারস হাররাসকে বুঝানো হয়েছে।

২৭। সিরিয়ার বাদশা সুফিয়ানী, সৌদিআরবে কালো পতাকাবাহী দলকে দমন করার জন্য আক্রমণ করে ব্যাপক হত্যাকাণ্ড ও লুটপাট চালাবে এবং সেখান থেকে ইমাম মাহদী (আঃ) ও মনসুরকে আটক করে ইরাকের কুফা নগরীতে নিয়ে যাবে।

২৮। ইরাকের কুফা (মসূল) নগরী থেকে ইমাম মাহদী (আঃ) ও মনসুর পালিয়ে যাবে।

২৯। পূর্ব আকাশে পূর্ণিমার চাঁদের মত উজ্জ্বল একটি তারকা ভেসে উঠবে, যা পৃথিবীর সকল প্রান্ত থেকে দেখা যাবে।

হযরত কাব (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, “বনি আব্বাসীয়দের ধ্বংসের পূর্বে মাঝ আকাশে একটি নক্ষত্র দেখা যাবে তারপর বিভিন্ন ধরনের বিশৃঙ্খলা ও গোলযোগ দেখা দিবে। এসব কিছু হবে মূলত রমযান মাসে। লালিমা প্রকাশ পাবে রমাযান মাসের পাঁচ তারিখ থেকে বিশ তারিখের মধ্যে। আর বিকট শব্দ প্রকাশ হবে রমাযানের পনের তারিখ থেকে বিশ তারিখের মধ্যে, আর দূর্বল ও রুগ্নতার আবির্ভাব হবে বিশ রমাযান থেকে চব্বিশ রমজানের মধ্যবর্তী সময়ের মধ্যে। অতঃপর এমন একটি তারকা উদিত হবে, যার আলো হবে চন্দ্রের আলোর ন্যায়। এরপর উক্ত তারকা সাপের ন্যায় কুন্ডুলী পাকাতে থাকবে। যার কারণে তার উভয় মাথা একটা আরেকটার সাথে মিলিত হওয়ার উপক্রম হবে। অতপর বড় একটি রাতে দুইবার ভূমিকম্প হওয়া এবং আসমান থেকে জমিনের দিকে যে তারকাটি

নিক্ষিপ্ত হবে, তার সাথে থাকবে বিকট আওয়াজ। এক পর্যায়ে সেটা পূর্ববাকাশে (অর্থাৎ চীন, জাপান, কোরিয়া) গিয়ে পতিত হবে। যা দ্বারা মানুষ বিভিন্ন ধরনের বালা-মুসিবতের সম্মুখীন হবে।" **(নুয়াইম বিন হাম্মাদের আল ফিতান, হাদীস নং ৬৪৩)**

সবচেয়ে আশ্চর্যের বিষয় হচ্ছে, গত ১৭ অক্টোবর ২০১৭ বিজ্ঞানীরা দেখেন যে, মহাকাশে দুটি উজ্জ্বল নক্ষত্র (Neotron star) কে সাপের কুণ্ডলীর মতো পরস্পরের দিকে ঘুরতে থাকে এবং বিস্ফোরণ সহকারে একত্রিত হতে দেখে বিস্মিত হন। এই দুটি নক্ষত্রের বিস্ফোরণে স্বর্ণ ও প্লাটিনাম মহাকাশে ছড়িয়ে পরতে দেখে আশ্চর্য হয়ে যান।

৩০। পবিত্র রমজান মাসে দুইবার সূর্য গ্রহণ হবে এবং ১৫ই রমজান শুক্রবার রাতে উক্ত উজ্জ্বল তারকাটি পৃথিবীর পূর্ব প্রান্তে (জাপান, চীন, কোরিয়া) বিকট আওয়াজ সহকারে ধ্বসে পরবে।

হযরত ফিরোজ দাইলামী (রাঃ) বর্ণিত, তিনি বলেন নবী করিম (সাঃ) থেকে ইরশাদ করেন যে, "রমজান মাসে আকাশ থেকে একটি বিকট আওয়াজ আসবে। তখন সাহাবীরা জিজ্ঞেস করলেন এটা কি রমজান মাসের শুরুতে হবে? নাকি মধ্যভাগে? নাকি শেষে? উত্তরে তিনি বলেন, "১৫ই রমজান জুমার (শুক্রবার) রাতে হবে। যার কারণে ৭০ হাজার লোক জ্ঞান হারিয়ে ফেলবে, ৭০ হাজার লোক বোবা হয়ে যাবে, ৭০ হাজার লোক অন্ধ হয়ে যাবে, ৭০ হাজার লোক বধির হয়ে যাবে।" অতপর সাহাবীরা জানতে চাইলেন, হে আল্লাহর রাসূল, ঐদিন কারা এই আজাব থেকে মুক্তি পাবে? উত্তরে তিনি বলেন, "যারা নিজের ঘরে অবস্থান করবে, উচ্চস্বরে আল্লাহু আকবর বলে তাকবির দিবে, এবং সেজদায় লুটিয়ে পরবে, তারাই মুক্তি পাবে।" **(মুজমাউল কাবির, অধ্যায় ১৮,পৃষ্ঠা ৩৩২)**

৩১। পুরো আরব উপদ্বীপে (সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কাতার, বাহরাইন, ওমান) এলাকায় যুদ্ধ ছড়িয়ে পরবে এবং হজ্বের সময় সৌদি আরবের মিনায় হাজীদেরকে ব্যাপকহারে হত্যা করা হবে।

হযরত ফিরোজ দাইলামী (রাঃ) বর্ণিত, তিনি বলেন, রাসূল (সাঃ) ইরশাদ করেছেন, "ঘটনা পরিক্রমায় এরকম হবে যে, বিকট আওয়াজ আসবে রমজান মাসে, ঘোরতর যুদ্ধ হবে শাওয়াল মাসে, আরবের বিভিন্ন গোত্রের মাঝে প্রতিশ্রুতি ভঙ্গ করা হবে জিলকাদ মাসে, হাজীদের লুণ্ঠন করা হবে জিলহাজ্জ মাসে। মুহাররমের শুরুটা আমার উম্মতের জন্য বিপদ আর শেষে রয়েছে মুক্তি।" (মুজমাউল কাবির, অধ্যায় ১৮, পৃষ্ঠা ৩৩২)

৩২। সাধারণ মানুষ পবিত্র কাবাঘরে ইমাম মাহদী (আঃ) কে চিনতে পারবে এবং তার অনিচ্ছা সত্ত্বেও তাকে মুসলিম বিশ্বের খলিফা নির্বাচিত করা হবে।

হাফসা (রাঃ) হতে বর্ণিত, রাসূল (সাঃ) বলেন, "অচিরেই এই ঘরের অর্থাৎ কা'বা ঘরের পাশে একদল লোক আশ্রয় গ্রহণ করবে। শত্রুর সাথে মোকাবেলা করার মত তাদের কোন উল্লেখযোগ্য সৈনিক কিংবা অস্ত্রশস্ত্র বা প্রস্তুতি থাকবে না। তাদেরকে হত্যা করার জন্য একদল সৈনিক প্রেরণ করা হবে। সৈন্যরা যখন 'বায়দা' নামক স্থানে পৌঁছবে, তখন যমীন তাদেরকে গ্রাস করে ফেলবে। কেবলমাত্র ৩১৩ জন মানুষ ইমাম মাহদী (আঃ) এর হাতে বাইয়াত করার সৌভাগ্য লাভ করবেন। বলতে গেলে প্রথম অবস্থায় পুরো পৃথিবীর সবাই ইমাম মাহদী (আঃ) কে জঙ্গী, সন্ত্রাসী বলেই গালি দিবে। পরবর্তীতে আল্লাহর সাহায্যে ১ রাতের মধ্যেই তিনি পরিপূর্ণ মাহদী (আঃ) পরিণত হবেন।

(৮) সিরিয়া যুদ্ধে আমেরিকা, ব্রিটেন, ফ্রান্স, ও তুরস্কের জড়িয়ে পরা সম্পর্কিত হাদিস

সিরিয়া যুদ্ধে হঠাৎ করে একটি নতুন মোড় নিয়েছে। সিরিয়ার রাজধানী দামেস্কের নিকটবর্তী দৌমা শহরে গ্যাস হামলার পরিপ্রেক্ষিতে আমেরিকা, ব্রিটেন, ফ্রান্স ও জার্মানি সিরিয়ায় হামলা চালানোর পরিকল্পনা করেছে। সেই লক্ষ্যে তারা ইতোমধ্যেই তাদের যুদ্ধ জাহাজগুলো সিরিয়ার উপকূলে নিয়ে আসছে। আমেরিকা, ব্রিটেন, ফ্রান্স ও জার্মানির সব রকম প্রস্তুতি শেষ। এছাড়াও সিরিতে হামলা চালানোর জন্য আমেরিকার সহযোগী ঈসরাইল, সৌদি আরব, অস্ট্রেলিয়া, জর্ডানসহ আরো অনেক দেশ তাদেরকে সমর্থন দিয়েছে। শুধুমাত্র এখন যুদ্ধের

ঘোষণা দেয়া বাকি আছে। আর এই অবস্থায় অনেকেই আতংকিত হয়ে পড়েছে। কি হবে ভবিষ্যতে? কেউ কেউ মনে করছেন, নাকি এখান থেকেই বিশ্বযুদ্ধ শুরু হয়ে যায়, তাই সচেতনতার জন্য আমাদের হাদীসের আলোকে জানতে হবে, সিরিয়া যুদ্ধ ভবিষ্যতে কোন দিকে মোড় নিবে?

হযরত আরতাত (রহঃ) থেকে বর্ণিত, তিনি এরশাদ করেন, "যখন তুর্কী (তুরস্ক), রোম (আমেরিকা, ব্রিটেন, ফ্রান্স ও জার্মানি) এবং খাসাফ জাতি (রাশিয়া) দিমাশকের (দামেস্ক) এক প্রান্তরে জমায়েত হবে এবং দিমাশকের মসজিদের পশ্চিম প্রান্তে আরেকদল ভুপাতিত হবে, তখনই শাম দেশে আবকা, আসহাফ এবং সুফিয়ানীদের তিনটি ঝান্ডা প্রকাশ পাবে। দিমাশক এলাকাকে জনৈক লোক (বাশার আল আসাদ) অবরুদ্ধ করে রাখবে। এক পর্যায়ে সেই লোক (বাশার আল আসাদ) এবং তার সাথীদেরকে হত্যা করা হলে, বনু সুফিয়ান থেকে আরো দুইজন লোকের আত্মপ্রকাশ হবে। তখন যেন দ্বিতীয় বিজয় পাওয়া গেল। অতঃপর যখন আবকা গোত্রের লোকজন মিশর থেকে এগিয়ে আসবে, তখনই সুফিয়ানী তার সৈন্যদের সাহায্যে তাদের সামনে আত্মপ্রকাশ করবে। রোম (আমেরিকা, ব্রিটেন, ফ্রান্স ও জার্মানি) এবং তুর্কীরা (তুরস্ক) মিলে কারকায়সিয়া (দেইর আজ জুর) নামক স্থানে তাদেরকে হত্যা করবে এবং তাদের গোশত দ্বারা জঙ্গলে বাঘ-ভল্লুকরা তৃপ্ত হবে।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৮৩৩)

এই হাদিসটিতে আনেকগুলো গুরুত্বপূর্ণ বিষয় রয়েছে, এগুলো একটু বিস্তারিত আলোচনা করতে চাই।

১। রোমান বাহিনী (আমেরিকা, ব্রিটেন, ফ্রান্স ও জার্মানি), তুর্কি বাহিনী (তুরস্ক) ও খাসাফ জাতি (প্রাচীন খাজার জাতি ছিল তুর্কিদের একটি বিখ্যাত গোত্রের নাম, যাদের অবস্থান ছিল রাশিয়া, জর্জিয়া, কাজাকিস্তান ও ইউক্রেন এলাকায়। তাই খাজার বা, খাসাফ জাতি বলতে আমাদের রাশিয়াকে বুঝতে হবে) তারা সবাই দামেস্কের এক প্রান্তে জড়ো হবে।

২। দামেস্কের পশ্চিম প্রান্তে আরেকদল ভূপাতিত হবে। এখানে আরেক দল ভূপাতিত হবে বলতে, খাসাফ বা খাজার জাতি ও তাদের সহযোগীরা (রাশিয়া, ইরান, সিরিয়া, হিজবুল্লাহর সৈন্য বাহিনী) ভূপাতিত হবে। তারা ভূপাতিত হবে দামেস্কের পূর্ব গৌতার হারাস্তা নামক এলাকায়। এখানে প্রায় ১ লক্ষ লোক নিহত হবে।

৩। দামেস্ক শহরকে একজন লোক (বাশার আল আসাদ) অবরুদ্ধ করে রাখবে। এক পর্যায়ে সেই লোক (বাশার আল আসাদ) ও তার সহযোগীদের হত্যা করা হবে। তারপর বানু সুফিয়ান থেকে আরো দুইজন লোকের (প্রথম সুফিয়ানী ও দ্বিতীয় সুফিয়ানী) আত্মপ্রকাশ করবে। আর প্রথম সুফিয়ানীর উত্থানের পর, শিয়াদের জন্য মনে হবে তারা দ্বিতীয় বিজয় পেয়েছে। কারণ ইতোমধ্যেই প্রথমবার বাশার আল আসাদ ও শিয়া সম্প্রদায় প্রায় পুরো সিরিয়াকে নিজেদের নিয়ন্ত্রণে নিয়ে আসছিল।

৪। তারপর তিনটি বাহিনীর (আসহাব জাতি, আবকা জাতি ও সুফিয়ানীর) আত্মপ্রকাশ হবে এবং প্রথম সুফিয়ানী আবকা জাতির কিছু লোকদের সাহায্যে আসহাব জাতি আবকা জাতির উপর বিজয়ী হবে।

৫। আবকা জাতি মিশরের দিক থেকে এগিয়ে আসবে। প্রথমে লিবিয়া ও মিশরে কালো পতাকাবাহী দলের সেখানে ব্যাপক উত্থান হবে। তারপর তাদেরকে পরাজিত করে হলুদ পতাকাবাহী বর্বর আবকা জাতি মিশর দখল করবে। তারপর তারা সিরিয়াতে এসে উপস্থিত হবে। কিন্তু জর্ডানে এসে তাদের নেতার মৃত্যুর পর আবকা জাতি তিন ভাগ হয়ে যাবে। এক ভাগ নিজেদের দেশে ফিরে যাবে। দ্বিতীয় ভাগ হজ্জ্ব করার জন্য চলে যাবে। তৃতীয় ভাগ সুফিয়ানীর সাথে যোগ দিবে।

৬। সর্বশেষ (২০২৩ সালে ইনশাল্লাহ) ফোরাত নদীর তীরে দেইর-আজ-জুরের নিকটবর্তী ঐতিহাসিক কিরকিসিয়ার প্রান্তে সোনার পাহাড় ভেসে উঠবে। এটি দখল করার জন্য সেখানে বাশার আল আসাদের উত্তরসূরী প্রথম সুফিয়ানীর বিরুদ্ধে তুর্কি (তুরস্ক) রোমান বাহিনী (আমেরিকা, ব্রিটেন, ফ্রান্স ও জার্মানি)

একটি ভয়ংকর যুদ্ধ হবে। এই যুদ্ধেই প্রতি ১০০ জনের ৯৯ জন মারা যাবে। সর্বমোট ১ লক্ষ বা, ১ লক্ষ ৬০ হাজার লোক নিহত হবে।

৭। বাশার আল আসাদের উত্তরসূরী প্রথম সুফিয়ানী সাড়ে তিন বছর রাজত্ব করে মারা যাবে। এই সময়ে সে সিরিয়াতে জেগে উঠা সকল বিদ্রোহী গ্রুপ, জিহাদী গ্রুপকে পরাজিত করবে। তারপর কিরকিসিয়ার যুদ্ধে আমেরিকা, ব্রিটেন, ফ্রান্স ও তুরস্কের বিরুদ্ধে মারাত্মক যুদ্ধে লিপ্ত হবে। কিরকিসিয়ার যুদ্ধের পর প্রথম সুফিয়ানী ইরাক ও সিরিয়ার বর্ডারে ফোঁড়া আক্রান্ত হয়ে মারা যাবে। তার মৃত্যুর পর দ্বিতীয় সুফিয়ানীর উত্থান হবে, সে ইরাকের কুফা (মসূল) শহরে হামলা করে ৭০ হাজার লোক মেরে ফেলবে। তারপর কালো পতাকাবাহী খোরাসানের বাহিনী আত্মপ্রকাশ করবে। এছাড়াও দ্বিতীয় সুফিয়ানী মিশর ও সৌদিআরব আক্রমণ করবে। তার সময়েই হজ্জের মৌসুমে ইমাম মাহদীর আবির্ভাব হবে।

তাই আখিরুজ্জামান নিয়ে যারা পড়াশোনা করেন, তাদেরকে মনগড়া ব্যাখ্যা বিশ্লেষণ বাদ দিয়ে উচিত হবে, হাদিসের আলোকে পরিস্থিতি বিশ্লেষণ করা।

(৯) ভয়ংকর তৃতীয় বিশ্বযুদ্ধের মুখে দাঁড়িয়ে আছে পৃথিবী

আমরা কতটা ধ্বংসের দ্বারপ্রান্তে রয়েছি তা জানতে হলে, আমাদেরকে অবশ্যই রাসূলুল্লাহ (সাঃ) এর বর্ণিত, আখিরুজ্জামানের হাদীসের সাথে বর্তমান পরিস্থিতি মিলিয়ে দেখতে হবে। তৃতীয় বিশ্বযুদ্ধ বলতে, এখানে খ্রিস্টানদের বিরুদ্ধে মুসলমানদের আমাক প্রান্তের মহাযুদ্ধের কথা বলা হয়নি, বরং বর্তমান যুগের ভয়ংকর পারমাণবিক যুদ্ধের কথা বলা হয়েছে, এই যুদ্ধটি হবে গোটা বিশ্বব্যাপী। কিন্তু বেশিরভাগ মানুষ যারা আখিরুজ্জামান এর হাদীসগুলো নিয়ে গবেষণা করেন, তারা মনে করেন তৃতীয় বিশ্বযুদ্ধ বলতে আমাক প্রান্তের বা দাবিক পাহাড়ের যুদ্ধকে বুঝায়? সত্যিকার তৃতীয় বিশ্বযুদ্ধ আর **আমাক প্রান্তের** যুদ্ধ এক নয়। এই দুটি যুদ্ধের মধ্যে সময়ের ব্যবধান শত শত বছর। তবে তৃতীয় বিশ্বযুদ্ধ আমাদের খুবই নিকটবর্তী, এই যুদ্ধে পৃথিবীর বেশিরভাগ মানুষ ধ্বংস হয়ে যাবে। থাকবেনা কোন দেশ, মহাদেশ, কাঁটাতারের বেড়া, আধুনিক প্রযুক্তি, অহংকারী নেতা ও তাদের

দল। এমনকি এই ভয়ংকর বিশ্বযুদ্ধটি শত শত বছর পরে হবে না বরং ইমাম মাহদীর আবির্ভাবের পূর্বেই হবে, অর্থাৎ আমাদের একেবারেই নিকটবর্তী।

হযরত হুজায়ফা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, "বিশ্বব্যাপী অধঃপতন শুরু হবে। এমনকি মিশর অধঃপতনের সম্মুখীন হবে। আর মিশর নিরাপদ থাকতেই বসরার (ইরাক) অধঃপতন হবে। বসরা (ইরাকের) অধঃপতন হবে ডুবে যাওয়ার কারণে। মিশরের অধঃপতন হবে নীলনদ শুকিয়ে যাওয়ার কারণে। মক্কা ও মদিনার অধঃপতন হবে ক্ষুধার কারণে। ইয়েমেনের অধঃপতন হবে পঙ্গপালের কারণে। উবলা'র অধঃপতন ঘটবে অবরোধের মাধ্যমে। পারস্যের (ইরানের) অধঃপতন হবে রিক্তহস্ত ও চোরডাকাতের মাধ্যমে। তুর্কিদের (তুরস্কের) অধঃপতন হবে দায়লামীর (কুর্দি) পক্ষ থেকে। দায়লামী (কুর্দি) অধঃপতন হবে আর্মেনিয়ার পক্ষ থেকে। আর্মেনিয়ার অধঃপতন হবে 'খাযার' (রাশিয়া) পক্ষ থেকে। খাযারদের (রাশিয়া) অধঃপতন হবে তুর্কিদের (তুরস্ক) পক্ষ থেকে। আর তুর্কি (তুরস্ক) অধঃপতন হবে বজ্রাঘাতের (পারমাণবিক বোমা বিস্ফোরণ) এর মাধ্যমে। সিন্ধ (পাকিস্তান) এর অধঃপতন হবে হিন্দুস্তান (ভারত) পক্ষ থেকে। হিন্দুস্তানের (ভারত) অধঃপতন হবে তিব্বতের (চীন) পক্ষ থেকে। তিব্বতের (চীন) অধঃপতন হবে রমূল (প্রাচীন রোমানদের একটি গোত্র বা, আমেরিকা) পক্ষ থেকে। হাবসার (ইথিওপিয়া) অধঃপতন হবে ভূমিকম্পের মাধ্যমে। জাওরা (বাগদাদ) এর অধঃপতন হবে সুফিয়ানীর তান্ডবের কারণে। রাওহা (বাগদাদ শহরের ছোট এলাকা) এর অধঃপতন হবে ভূমিধ্বসের মাধ্যমে। আর সম্পূর্ণ কুফা (ইরাক) এর অধঃপতন হবে হত্যাকাণ্ডের মাধ্যমে।" **(গ্রন্থঃ তাজকিরাহ, লেখকঃ ইমাম কুরতুবী; আন নিহায়া ফিল ফিতান, লেখকঃ ইবনে কাসীর; আস সুনানু ওয়ারিদাতু ফিল ফিতান)**

হযরত ওহাব বিন মুনাব্বাহ (রাঃ) বলেন, "আরব উপদ্বীপ (সৌদি আরব, কাতার, আরব আমিরাত, বাহরাইন, ওমান) ততক্ষণ পর্যন্ত ধ্বংস হবে না, যতক্ষণ না মিশর ধ্বংস হয়। বিশ্বযুদ্ধ ততক্ষণ পর্যন্ত শুরু হবে না, যতক্ষণ না কুফা (ইরাকের একটি শহর) ধ্বংস না হয়। বিশ্বযুদ্ধ শুরু হলে বনু হাশেমের এক ব্যক্তির হাতে কুস্তুন্তুনিয়া (ইস্তাম্বুল) বিজয় হবে। আন্দালুস (স্পেন) ও আরব উপদ্বীপ (সৌদি

আরব, কাতার, আরব আমিরাত, বাহরাইন ওমান) এর অধঃপতন ঘটবে ঘোড়ার পা ও সেনাবাহিনীর পারস্পরিক মতানৈক্যের কারণে। ইরাকের অধঃপতন হবে ক্ষুধা ও তরবারি (অস্ত্র) কারণে। আরমেনিয়ার অধঃপতন ঘটবে ভূমিকম্প ও বজ্রাঘাতের (সম্ভবত পারমাণবিক বোমা বা, মিসাইল নিক্ষেপের) কারণে। কুফা (ইরাকের একটি শহর) ধ্বংস হবে শত্রুদের পক্ষ থেকে। বসরা (ইরাক) ধ্বংস হবে ডুবে যাওয়া/নিমজ্জিত হওয়ার কারণে। উবলা'র অধঃপতন হবে শত্রুদের পক্ষ থেকে। রাই (ইরানের একটি শহর) এর অধঃপতন হবে দাইলামের (তুরস্ক ও ইরানের উত্তর এলাকার একটি তুর্কি গোত্র) পক্ষ থেকে। খোরাসানের (আফগানিস্তান ও তার পার্শ্ববর্তী এলাকা) অধঃপতন ঘটবে তিব্বত (চীন) এর পক্ষ থেকে। তিব্বত (চীন) এর অধঃপতন ঘটবে সিন্ধ (পাকিস্তান ও কাশ্মীর) এর পক্ষ থেকে। সিন্ধ (পাকিস্তান) এর অধঃপতন ঘটবে হিন্দুস্তান (ভারত) এর পক্ষ থেকে। ইয়েমেনের অধঃপতন ঘটবে টিড্ডি (পঙ্গপাল) ও বাদশাহীর কারণে। মক্কার অধঃপতন ঘটবে হাবশা (ইথিওপিয়া) এর পক্ষ থেকে। আর মদিনার অধঃপতন ঘটবে ক্ষুধার কারণে।" (আসসুনানুল ওয়ারিদাতু ফিল ফিতান)

উল্লেখ দুটি হাদীসের কয়েকটি বিষয় নিয়ে একটু বিস্তারিত আলোচনা করতে চাই। যেমনঃ

সিন্ধ (পাকিস্তান) ধ্বংস হবে হিন্দুস্তান (ভারতের) পক্ষ থেকে

ভারত ও পাকিস্তানের জন্ম হয়েছিল ১৯৪৭ সালে। জন্মের পর থেকেই এই দুটি দেশ হুমকি, ধমকি, সীমান্তে গোলাগুলি, আর পরস্পরের বিরুদ্ধে যুদ্ধের হুমকি দিয়েই প্রতিনিয়ত দিন চলছে। এছাড়াও ১৯৬৫ ও ১৯৯৯ সালে এই দুটি দেশ ছোটখাট যুদ্ধে জড়িয়েও পড়েছিল। ভবিষ্যতেও যে এই দুটি পারমাণবিক শক্তিধর দেশ যেকোন মূহুর্তে যুদ্ধে জড়িয়ে পারতে পারে, এরকম আশঙ্কা সবাই করছেন। প্রতিনিয়ত পাল্লা দিয়ে বারিয়েই চলছে অস্ত্রের মজুদ, তাই পরবর্তীতে যুদ্ধ হলে সেটা যে, পারমাণবিক বোমা ব্যবহার হবে তা সবাই আশঙ্কা প্রকাশ করছেন। ভারত ও পাকিস্তানে বর্তমানে ১৫০ কোটি মানুষ বসবাস করছে, একই সাথে এই দুদেশের ২৫০টি পারমাণবিক বোমাও রয়েছে। যার কারণে উপমহাদেশের প্রায় বেশিরভাগ মানুষই ধ্বংস হওয়ার আশঙ্কা রয়েছে। কিন্তু হাদিস থেকে আমরা

জানতে পারি, শুধুমাত্র পাকিস্তানই ভারতের হামলার কারণে ধ্বংস হয়ে যাবে, কেননা মুসলিম জাতির ধর্মই হল, আক্রান্ত হলে প্রতিরোধ করা। তাই হয়তো পাকিস্তান কখনও আগ বাড়িয়ে পারমাণবিক অস্ত্র ব্যবহার করবে না। ভারতই তৃতীয় বিশ্বযুদ্ধে সর্বপ্রথম পারমাণবিক বোমা ব্যবহার করবে, যার কারণে তারা সম্পূর্ণরূপে ধ্বংস হয়ে যাবে। সাম্প্রতিক সময়ে ভারতের সেনাবাহিনীর সাবেক উত্তরাঞ্চলের কমান্ডার বিএস জাসওয়াল পাকিস্তানকে হুমকি দিয়ে বলেছেন, ভারতের সাথে যুদ্ধ হলে পাকিস্তান প্রস্তর যুগে ফিরে যাবে।

হিন্দুস্তান (ভারত) ধ্বংস হবে তিব্বতের (চীন) পক্ষ থেকে

যারা আন্তর্জাতিক ভূ-রাজনীতি ভালো জানেন, তারা দেখেছেন, ইতোমধ্যেই চীনের কাছে ভারত কিভাবে পররাষ্ট্রনীতি ও ভূ-রাজনীতিতে একের পর এক ধরা খেয়েই যাচ্ছে। দক্ষিণ এশিয়াতে চীন দিন দিন ভারতকে অবরুদ্ধ করে ফেলছে, ইতিপূর্বে ১৯৬৫ সালে ভারত চীনের কাছে শোচনীয়ভাবে পরাজিত হয়েছে। ভারত মহাসাগরের কাছাকাছি অবস্থিত দেশ হল শ্রীলঙ্কা, ভারত থেকে যার দূরত্ব মাত্র ৩০ কি.মি.। আর চীন শ্রীলঙ্কার হাম্বানটোটা সমুদ্র বন্দর ৯৯ বছরের জন্য লিজ নিয়েছে, মূলত এর মাধ্যমেই চীন পুরো দক্ষিণ ভারতে নজরদারি ও ভবিষ্যত হামলা করার ভিত্তি তৈরি করে নিয়েছে। এছাড়াও উত্তর ভারতের সীমান্তবর্তী হিন্দুরাষ্ট্র নেপালের রাজনীতির নিয়ন্ত্রণ এখন চীন নির্ভরশীল। সাম্প্রতিক সময়ে নেপালের রাজ পরিবারের অবসানের পর নেপালের রাজনীতিবিদগণ সম্পূর্ণভাবে চীন নির্ভরশীল হয়ে গেছে, এছাড়াও চীন নেপালের বিমানবন্দর ৫০ বছরের জন্য লিজ নিয়েছে, যার মাধ্যমে উত্তর ভারতে ভবিষ্যৎ হামলার পথ তৈরি করে নিয়েছে। আর পাকিস্তানের সাথে চীনের সম্পর্কের কথা তো সবাই জানে, ইতোমধ্যে পাকিস্তান সীমান্তবর্তী অধিকৃত আজাদ কাশ্মীর এলাকায় চীনের সামরিক ঘাঁটি নির্মাণও করেছে, যার মাধ্যমে ভারতের রাজধানী দিল্লিসহ কাশ্মীর, পাঞ্জাব এলাকায় ভবিষ্যৎ হামলার পথ তৈরি করে ফেলছে। এছাড়াও ভারত মহাসাগরের আরেক রাষ্ট্রে এই প্রথম চীন মালদ্বীপ সরকারের অনুরোধে সেখানে সরাসরি সেনাবাহিনী পাঠিয়ে তার আগ্রাসী পররাষ্ট্রনীতির খোলস দেখিয়েছে। আর পূর্ব ভারতের সীমান্তবর্তী মায়ানমার তো বরাবরই চীনের উপর নির্ভরশীল, সাম্প্রতিক

সময়ে বিতর্কিত আরাকান অঞ্চলে রোহিঙ্গা বিতাড়িত করে সেখানে নাকি সামরিক ঘাঁটি নির্মাণ করেছে, এছাড়াও মায়ানমার সরকার সমুদ্র উপকূলীয় এলাকায় গ্যাস অনুসন্ধানের জন্য চীনের কোম্পানিগুলোকে ৭০% শেয়ারে দিয়ে দিয়েছে। ভারত সরকার চেয়েছিল, রোহিঙ্গা বিতাড়নের সময় মায়ানমারের পাশে থেকে তাদের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে। কিন্তু তাদের সে আশায় গুড়েবালি হবে, কারণ মায়ানমার কখনো চীনকে ছেড়ে ভারতের পক্ষে আসবে না। বলা যায়, ভারত এখন পর্যন্ত একমাত্র বাংলাদেশের উপর নিয়ন্ত্রণ ধরে রাখতে পেরেছে, আর সেটাও এখন পর্যন্ত টিকে থাকার মূল কারণ হলো ভারতপন্থী আওয়ামীলীগ সরকার। বাংলাদেশের ক্ষমতা জোর করে দখল করার কারণে, অর্থাৎ আওয়ামীলীগ সরকারের পতন মানে ভারতের সর্বশেষ নিয়ন্ত্রণ করা দেশের পতন হওয়া, তাই ভারত কিছুতেই বাংলাদেশের উপর নিয়ন্ত্রণ হারাতে চাচ্ছে না। আর এটা যে যেকোন সময় বিশাল পারমাণবিক যুদ্ধে রূপ নেবে, সেটা ডোকলাম ইস্যুতে বুঝা গেছে, আর রাসূলুল্লাহ (সাঃ) এর হাদীসের বাস্তবতা ইতোমধ্যেই আমরা দেখতে পাচ্ছি। তাই ভারতে যদি চীন পারমাণবিক বোমা হামলা চালায়, ১২০ কোটি মানুষ সব ধ্বংস হওয়ার সম্ভাবনা রয়েছে, এ ব্যাপারে পাকিস্তানের মুহাম্মদ বিন কাশিম নামে এক ব্যক্তির স্বপ্নে দেখেছে রাসূলুল্লাহ তাকে বলেছেন, ভারতের যুদ্ধে ৮০ কোটি মানুষ ধ্বংস হবে, ইউটিউবে গেলেই Mohammad qasim dreams/Abdullah servent লিখে সার্চ দিলেই তার ভিডিওগুলো দেখতে পাবেন।

তিব্বত (চীন) ধ্বংস হবে রমূল (প্রাচীন রোমানদের একটি গোত্র, বর্তমান আমেরিকা) এর পক্ষ থেকে

প্রাচীন রোমানদের একটি গোষ্ঠীর নাম ছিল রমূল, যাকে ইংরেজীতে বলে, Romilia tribes. আমরা সবাই জানি, মধ্যযুগে এসব ইউরোপিয়ান রোমানরা উত্তর আমেরিকাতে গিয়ে রেড ইন্ডিয়ানদের হত্যা করে, তারাই বংশবৃদ্ধি করেছে। তাই বর্তমান আধুনিক রোমান সম্রাজ্য হল আমেরিকা, অস্ট্রেলিয়া, ইউরোপ। ভারত ১৯৪৭ এর পর থেকে সবসময় সোভিয়েত ইউনিয়নের সাথে সম্পর্ক রেখেছিল, কিন্তু বর্তমান বিজেপি সরকার আসার পর থেকে তারা চীনকে

মোকাবেলা করার জন্য আমেরিকার সাথে সম্পর্ক উন্নত করেছে। আর চীন যেরকমভাবে ভারতকে চতুর্দিক থেকে অবরুদ্ধ করে রেখেছে? ঠিক আমেরিকাও চীনকে তিনদিক থেকে ঘিরে রেখেছে। বর্তমানে আমেরিকা চীনকে মোকাবিলা করতে দক্ষিণ কোরিয়াতে ৩৫০০০ সৈন্য, জাপানে ৪০০০০ সৈন্য, হাওয়াই দ্বীপে ৪০০০০ সৈন্য, মার্কিন সপ্তম নৌবহর ও গুয়াম দ্বীপে তাদের স্থায়ী ঘাঁটি রয়েছে। মার্কিন সপ্তম নৌবহর রয়েছে ২০০টি জাহাজ, ১৪০টি যুদ্ধ বিমান ও ২০০০০ সেবক। এছাড়াও সাম্প্রতিক সময়ে ফিলিপাইন, সিঙ্গাপুর, থাইল্যান্ডেও তারা ঘাঁটি করছে।

এছাড়াও চীন ২০১৮ সালে এই প্রথম আন্তর্জাতিক বাজারে তেলের মূল্য ইউএস ডলারের পরিবর্তে চীনের মুদ্রার মাধ্যমে ক্রয় বিক্রয় শুরু করেছে, যার মাধ্যমে আমেরিকার সাথে চীনের যুদ্ধের পথ আরো পরিষ্কার করে দিল।

হযরত ইবনে মা'দান (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, "যখন তোমরা রমাযান মাসে আকাশে মাশরিক (চীন, জাপান) থেকে আগুনের কিছু পিলার (পারমাণবিক বোমা) প্রকাশ পেতে দেখবে, তখন সাধ্যমত খাবার জোগাড় করে রাখবে। কেননা তার পরবর্তী বৎসর হচ্ছে দুর্ভিক্ষের বৎসর।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৪৯)

অর্থাৎ যে বছর ইমাম মাহদীর আবির্ভাব হবে, ঠিক সেই বছরেই ভয়ংকর তৃতীয় বিশ্বযুদ্ধ হবে এবং এই বছরেই রমজান মাসে চীনের উপর পারমাণবিক বোমা হামলা চালানো হবে।

আল্লামা আলী আল কুরানী, তার 'আসরে জুহুরী' গ্রন্থে আরো কয়েকটি হাদিসের বর্ণনাকারীর নাম উল্লেখ না করে, সারাংশে বলেছেন,

"ইমাম মাহদীর আবির্ভাবের বছর পৃথিবীতে অনেক যুদ্ধ সংঘঠিত হবে, যার দ্বারা পাশ্চাত্য জগৎ (ইউরোপ ও আমেরিকা) ক্ষতিগ্রস্ত হবে। জ্বালানি কাঠে যেরকম আগুন ধরে, ঠিক তেমনি পাশ্চাত্যে (ইউরোপ ও আমেরিকা) যুদ্ধের আগুন প্রজ্বলিত হবে। প্রাচ্য (চীন, জাপান, কোরিয়া) ও পাশ্চাত্যের (ইউরোপ, আমেরিকা) মধ্যে। এমনকি মুসলমানদের নিজেদের মধ্যেও মতবিরোধ দেখা

দিবে। আর সমগ্র মানবজাতি নিরাপত্তাহীনতার ভয়ের কারণে কঠিন দুঃখ,কষ্ট ও বিপদের মুখোমুখি হবে।” (আসরে জুহুরী, পৃষ্ঠা নং ৩২)

তুর্কি (তুরস্কের) পতন হবে দায়লামীদের (কুর্দি) পক্ষ থেকে অর্থাৎ তুরস্ক ধ্বংস হবে গৃহযুদ্ধের কারণে

হযরত মাকহুল (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) এরশাদ করেছেন, “তুর্কিরা (তুরস্ক) মোট দুইবার আক্রমণ করবে, একবার আজারবাইজান নামক এলাকা বিরানভূমিতে পরিণত করবে, দ্বিতীয়বার ফুরাত নদীর দুইকূলে আক্রমণ করবে।” হযরত আব্দুর রহমান ইবনে ইয়াযিদ তার হাদীসে রাসূলুল্লাহ (সাঃ) থেকে বর্ণনা করেন, তিনি এরশাদ করেন, “আল্লাহতা’আলা তাদের ঘোড়া (ট্যাংক) সমূহের মধ্যে মৃত্যু চাপিয়ে দিবেন। যার কারণে তারা চলে যেতে বাধ্য হবে। পরবর্তীতে তাদের মধ্যে এমন ব্যাপক গণহত্যা চলবে, কোন তুর্কি (তুরস্ক) আর অবশিষ্ট থাকবে না।” **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬১৬)**

তুরস্ক ও আজারবাইজানের মধ্যে ১৯২০ সালে ভয়ংকর একটি যুদ্ধ হয়েছিল। এই যুদ্ধে ৫ লক্ষের মত মানুষ নিহত হয়েছিল। হাদিসের দ্বিতীয় অংশে বলা হয়েছে, দ্বিতীয়বার তারা ফোরাত নদীর দুইকূল আক্রমণ করবে? ইতোমধ্যেই আমরা এই হাদীসের বাস্তবতা দেখতে পাচ্ছি, তারা ফোরাত নদীর পশ্চিম পাশে আফ্রিন, আল বাব ও মানবিজ শহরে অভিযান চালিয়েছে। খুব শীঘ্রই ইরাক-সিরিয়ার বর্ডারে সিনজার, হাসাকা প্রদেশে অভিযান চালাবে। একসময় আল্লাহতা’য়ালা তাদের উপর পরাজয় চাপিয়ে দিবেন, যার কারণে একসময় তারা নিজেরাই নিজেদের মধ্যে গৃহযুদ্ধ শুরু করে দিবে এবং একসময় ধ্বংস হয়ে যাবে। তবে তাদের ধ্বংসের মূল কারণ হলো দুটিঃ

১। আরব উপদ্বীপে (অর্থাৎ সৌদি আরব, কাতার, বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত ও ওমান) তারা যুদ্ধ করতে যাবে। খুব সম্ভবত সৌদি আরবে যখন রাজনৈতিক শূন্যতা দেখা দিবে, তখন তুরস্ক চাইবে সৌদি আরবের পূর্ণ নিয়ন্ত্রণ নিতে। কিন্তু শত চেষ্টা করেও তারা পুনরায় সৌদি আরবের নিয়ন্ত্রণ নিতে পারবে না।

হযরত কা'ব (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, তুর্কিবাহিনী (তুরস্ক) জাযিরায় (সৌদি আরব, কাতার, বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত, ওমান) এসে ছাউনি ফেলবে। এক পর্যায়ে তাদের ঘোড়াকে (ট্যাংক) ফুরাত নদী থেকে পানি পান (অবস্থান) করাবে, তাদের প্রতি আল্লাহতা'আলা মহামারী প্রেরণ করবে, যার কারণে অনেকে মারা যাবে। উক্ত মহামারী থেকে মাত্র একজন লোক মুক্তি পাবে। ইবনু আইয়াশ (রহঃ) বলেন, আব্দুল্লাহ ইবনে দীনার সংবাদ দিয়েছেন, কা'ব (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, "তারা এসে আমাক (সিরিয়ার উত্তর আলেপ্পো) নামক এলাকায় অবস্থান করবে এবং দাজলা ও ফোরাত নদী থেকে পানি পান করবে। তারা জাযিরা (সৌদি আরব) দখল করতে সর্বশক্তি নিয়োগ করবে। তখন মুসলমানরা উক্ত জাযিরায় অবস্থান করবে। তারা তাদের সাথে কোনো অবস্থাতেই পেরে উঠবেনা। তাদের উপর আল্লাহতা'আলা বরফ বর্ষণ করবেন। বরফের সাথে ছিল, ঠান্ডা বাতাস, (বোমা বিস্ফোরণের) আওয়াজ ও তুষারাপাত। যার কারণে তারা ঠান্ডায় নির্বাক হয়ে ফিরে যাওয়ার মনস্থ করবে। তারা সহসা বলে উঠবে, আল্লাহতা'আলা অবশ্যই তাদেরকে শাস্তি দিবেন এবং তাদের শাস্তির জন্য শত্রুই যথেষ্ট হবে। তাদের একজনও জীবিত থাকবে না, এমনকি সর্বশেষ লোকটিও মারা যাবে।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬১২)**

ইতোমধ্যেই আমরা এই হাদীসের বাস্তবতা দেখতে পাচ্ছি, তুরস্ক ২০১৫ সালে কাতারে ঘাঁটি স্থাপন করেছে। এমনকি ২০১৭ সালে সৌদিআরব ও কাতারের মধ্যে দ্বন্দ্বের সময় তুরস্ক সেখানে আরও সেনাবাহিনী প্রেরণ করেছে। ভবিষ্যতে যখন সৌদি আরবে রাজনৈতিক শূন্যতা দেখা দিবে, তখন তুরস্ক চাইবে সৌদিআরব দখল করতে। কিন্তু আল্লাহতা'য়ালা তাদের উপর পরাজয় চাপিয়ে দিবেন, একপর্যায়ে তারা সম্পূর্ণভাবে ধ্বংস হয়ে যাবে। হাদিসের দ্বিতীয় অংশে বলা হয়েছে, তারা সিরিয়ার আমাক প্রান্তে ছাউনি ফেলবে? ইতোমধ্যেই তারা সিরিয়ার আফ্রিন, আল-বাব শহর দখল করেছে এবং শীঘ্রই মানবিজ, কোবানী, রাক্কা, হাসাকা প্রদেশ কুর্দিদের থেকে দখল মুক্ত করবে, এমন ঘোষণা দিয়েছে। সাম্প্রতিক সময়ে ২০১৮ সালে তুরস্ক ইরাকের সাথে মিলে ইরাক ও সিরিয়ার

সীমান্তবর্তী সিনজার এলাকায় কুর্দি বাহিনী বিরুদ্ধে অভিযান শুরু করবে, এমন আভাস পাওয়া যাচ্ছে।

২। প্রথম সুফিয়ানীর উত্থানের পর যখন ফোরাত নদীতে দেইর-আজ-জুরের নিকটবর্তী ঐতিহাসিক কিরকিসিয়ার প্রান্তে সোনার পাহাড় ভেসে উঠবে। তখন তুরস্ক ও আমেরিকা মিলে এটি দখল করতে চাইবে, কিন্তু তারা সেটি দখল করতে পারবে না। সেখানে উভয় পক্ষের প্রতি ১০০ জনের ৯৯ জন মারা যাবে।

মূলত তুরস্কের পতনের পর পরই তৃতীয় বিশ্বযুদ্ধ চুড়ান্তভাবে শুরু হবে। সেটি খুব সম্ভবত ২০২৭ সালে হতে পারে। আর এ ব্যাপারে পাকিস্তানের Mohammad Qasim এর একটি স্বপ্নের কথাও একই রকম। ভিডিওটি দেখুন ঃ https://youtu.be/TK0Iv3NdAP4

তাহলে আমেরিকা ও রাশিয়ার কি হবে?

ভয়ংকর তৃতীয় বিশ্বযুদ্ধের পর আমেরিকা নামে কোন দেশ মানচিত্রে থাকবে বলে মনে হয় না। চীন ও আমেরিকা যুদ্ধের কারণে দুটি দেশ মানচিত্র থেকে বিদায় নিবে এ রকম আভাস বিভিন্ন হাদীসে পাওয়া যাচ্ছে। আর রাশিয়া ও পশ্চিম ইউরোপের দেশসমূহ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে কিন্তু পুরোপুরি ধ্বংস হয়ে যাবে না। তবে তৃতীয় বিশ্বযুদ্ধে আমেরিকা পুরোপুরি ধ্বংস হওয়ার পূর্বে তারা আরো দুটি ছোট ছোট যুদ্ধে পরাজিত হবে। একটি সিরিয়াতে অপরটি মিশরে।

হযরত আলী (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেছেন, “তোমাদের নবী (সাঃ) এর আহলে বাইতের (ইমাম মাহদী) আবির্ভাবের কতগুলো নিদর্শন রয়েছে, যা আখেরি জমানার প্রকাশ পাবে। ঐ যুগে রোমানরা (আমেরিকা) ও তুর্কিরা (রাশিয়া) একে অপরের বিরুদ্ধে উত্তেজিত করবে, বিদ্রোহ করাবে, তোমাদের বিরুদ্ধে তাদের সেনাবাহিনীকে মোতায়েন করবে। আর তুর্কিরা (রাশিয়া) রোমানদের (আমেরিকা) বিরুদ্ধে রুখে দাঁড়াবে এবং সমগ্র পৃথিবী জুড়ে যুদ্ধ, সংঘর্ষ ব্যাপক বৃদ্ধি পাবে।” (বিহারুল আনোয়ার, খন্ড ৫২, পৃষ্ঠা ২০৮; আসরে জুহুরী, পৃষ্ঠা ৪১)

হযরত মুহাম্মদ বাকির (রহঃ) বলেছেন, "প্রাচ্য (চীন, জাপান, কোরিয়া) ও পাশ্চাত্যবাসী (আমেরিকা) মতবিরোধ করবে। এমনকি কিবলাপন্থীরা (মুসলমানরা) নিজেদের মধ্যে মতবিরোধ করবে এবং তখন বিশ্ববাসীও অসহনীয় ভয়-ভীতি ও আতংকের সম্মুখীন হবে। আর আকাশ থেকে আহ্বানকারীর (জিব্রাইল আঃ) এর আহ্বান করা পর্যন্ত তারা এই অবস্থার মধ্যেই থাকবে। যখন গায়েব থেকে (জিব্রাইল আঃ এর) আহ্বানধ্বনি শুনবে তখন তোমরা হিজরত করবে।" (প্রাগুক্ত, পৃষ্ঠা ২৩৫, আসরে জুহুরী, পৃষ্ঠা ১৮৯)

হযরত জাফর সাদিক (রহঃ) থেকে বর্ণিত, "যখন শামে (সিরিয়া) বিভিন্ন ধরনের বিপদ আপদ ও বিশৃঙ্খলা দেখতে পাবে, তখন থেকে আরব উপদ্বীপে পাশ্চাত্যের (আমেরিকা) এগিয়ে আসা পর্যন্ত রয়েছে মৃত্যু (ধ্বংস) আর মৃত্যু (ধ্বংস)। তখন তাদের (রোমানদের নিজেদের) মধ্যে বেশ কিছু ঘটনা (যুদ্ধ) সংগঠিত হবে।" (আল মালাহিম ওয়াল ফিতান, পৃষ্ঠা ১০৭; আসরে জুহুরী, পৃষ্ঠা ৪৭)

শাহ নেয়ামতুল্লাহ ওয়ালী (রহঃ)-এর 'কাসিদাহ' গ্রন্থে আজ থেকে প্রায় সাড়ে আটশত বছর পূর্বে (হিজরী ৫৪৮ সাল মোতাবেক ১১৫২ খ্রিস্টাব্দে) তৃতীয় বিশ্বযুদ্ধ এবং এর পরিণতি সম্পর্কে তিনি বলে গিয়েছেনঃ "ভারতের মত পশ্চিমাদেরও ঘটিবে বিপর্যয় তৃতীয় বিশ্ব সমর সেখানে ঘটাইবে মহালয়"

ব্যাখ্যাঃ ভারতের পাশাপাশি আমেরিকা ও ইউরোপে তৃতীয় বিশ্বযুদ্ধের কারণে মারাত্মকভাবে ধ্বংস ও বিপর্যয়ের সম্মুখীন হবে এবং সেখানেই মহালয় বা, সবচেয়ে বড় ধ্বংসলীলা চালাবে।

"এ রণে (যুদ্ধে) হবে 'আলিফ' এরূপ পয়মাল (ধ্বংস) মিসমার মুছে যাবে দেশ, ইতিহাসে শুধু নামটি থাকিবে তার।"

ব্যাখ্যাঃ এ যুদ্ধের কারণে আলিফ- আমেরিকা এরূপ ধ্বংস হবে যে ইতিহাসে শুধু তার নাম থাকবে, কিন্তু বাস্তবে তার কোন অস্তিত্ব থাকবে না।

অবৈধ ইহুদী রাষ্ট্র ঈসরাইলের কি হবে?

হযরত কা'ব (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, "কসম সে সত্ত্বার, যার হাতে আমার প্রাণ! অতি স্বত্তর হিমস (সিরিয়ার হোমস) নগরীতে বর্বর বাহিনী (Tuareg) প্রবেশ করবে। তাদের সর্বশেষ দল সেখানের বাসিন্দাদের ঘরের দরজার লক খুলে ফেলবে এবং তাদের একটা অংশ ফিলিস্তিনে অবস্থান নিবে। অতঃপর তারা হিমস থেকে বের হয়ে বুহাইরায়ে ফামিয়া কিংবা তার থেকে এক মাইলের কাছাকাছি এলাকায় চলে যাবে। তখন তাদের দিকে বাহিরের একজন (প্রথম সুফিয়ানী) ধেয়ে আসবে এবং তাদেরকে হত্যা করবে।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৭৭৫)

বর্তমানে যেহেতু ফিলিস্তিনের নির্দিষ্ট কোন ভূখণ্ড নেই, যারাই ফিলিস্তিনকে উদ্ধার করতে আসবে, তাদের সাথেই ঈসরাইলের যুদ্ধ হবে। হাদিস থেকে বুঝা যায়, উত্তর আফ্রিকার Tuareg militant এবং আল কায়দার অনুসারী গ্রুপ JNIM মিলে সর্বপ্রথম ফিলিস্তিনের জেরুজালেম, রামাল্লাসহ পশ্চিম তীর দখল মুক্ত করবে এরকম দিক নির্দেশনা পাওয়া যায়। তবে সেটি ২০২২ সালে হওয়ার সম্ভাবনা অনেক বেশি রয়েছে। কারণ ফিলিস্তিন, লেবাননের কয়েক জন শাইখ সূরা বনি ঈসরাইল এর আবজাদ বা সংখ্যাতত্ত্ব হিসাব করে ভবিষ্যৎবাণী করেছেন। এছাড়াও ইহুদীদের অনেক রাবী (ধর্মগুরু), ঈসরাইলের সাবেক প্রধানমন্ত্রী, মার্কিন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট হেনরী কিসিঞ্জারসহ অনেকেই ২০২২ সালের কথা বলেছেন। বিস্তারিত জানতে এই দুটি ভিডিও দেখুনঃ

https://youtu.be/Stet0CdNcfE এবং https://youtu.be/FsLzgPPJgFc

এছাড়াও বানু কাল্ব গোত্রের প্রথম সুফিয়ানীও ঈসরাইলের বিরুদ্ধে যুদ্ধ করবেন, এরকম কিছু বর্ণনাও রয়েছে এবং তৃতীয় পর্যায়ে খোরাসান থেকে আত্মপ্রকাশ করা কালো পতাকাবাহী দলও জেরুজালেমে খিলাফত প্রতিষ্ঠা করবে, এরকম হাদিস ও রয়েছে।

হযরত আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত, রাসূল (সাঃ) বলেছেন, “যখন কালো পতাকাগুলো পূর্ব দিক (খোরাসান) থেকে বের হবে, তখন কোন বস্তু তাদেরকে প্রতিহত করতে সক্ষম হবে না। এমনকি এই পতাকাকে ইলিয়ায় (বাইতুল মুকাদ্দাসে) উত্তোলন করা হবে (খেলাফত প্রতিষ্ঠা করবে)।” (সুনানে তিরমিজি, হাদিস নং ২২৬৯; মুসনাদে আহমাদ, হাদিস নং ৮৭৬০)

ইমাম বাকের (রহঃ) থেকে জাবের জুফী বর্ননা করেন, “যখন রোমের বিদ্রোহীরা (রাশিয়ান অর্থডক্স খ্রিস্টানরা) রামাল্লায় (ঈসরাইলের দখলকৃত পশ্চিম তীর) অবতরণ করবে। হে জাবের! ঐ বছর পাশ্চাত্যের পক্ষ থেকে সমগ্র বিশ্বে প্রচুর দ্বন্দ্ব-সংঘাত (যুদ্ধ বিগ্রহ) সংঘটিত হবে।” (বিশারাতুল ইসলাম, পৃষ্ঠা নং ১০২; আসরে জুহুরী, পৃষ্ঠা নং ৪৯)

ইনশাল্লাহ, ঈসরাইল আগামী শতাব্দীতে ধ্বংস হয়ে যাবে, এমনকি আগামী শতাব্দীর এক চতুর্থাংশের মধ্যেই (অর্থাৎ প্রথম ২৫ বছর) এমনকি ২০২৭ সালেই ধ্বংস হয়ে যাবে। তাকে প্রশ্ন করা হয়েছিল, কিভাবে আপনি এত নির্দিষ্ট করে বলছেন, তিনি উত্তর দিয়েছিলেন, “আমি কোরআনকে বিশ্বাস করি। প্রতিটি জাতির জন্যই একটি নির্দিষ্ট সময় রয়েছে, প্রথম ৪০ বছর হল প্রতিষ্ঠার সময়, দ্বিতীয় ৪০ বছর হল নিরাপত্তা ও সুখ্যাতি অর্জনের সময়, শেষ ৪০ বছর হল বিশৃঙ্খলা ও ধ্বংসের সময়।” (হামাসের প্রতিষ্ঠাতাঃ শাইখ আহমদ ইয়াসিন রহঃ)

শাইখ আহমদ ইয়াসিন (রহঃ) এর ভবিষ্যতবাণীর সাথে হাদিসের অনেক মিল রয়েছে, কারণ ২০২৮ সালে দিকে ইমাম মাহদীর আবির্ভাবের অনেক বেশি সম্ভাবনা রয়েছে।

উল্লেখ যে, ইমাম মাহদী আবির্ভাবের পর ইসরাইলে ইহুদী বেঁচে থাকবে ১ লাখেরও কম। যখন তুরস্কের আন্তাকিয়া প্রদেশের একটি গুহা থেকে তাওরাত শরীফের আসল কপি বের করে আনবেন, তা পড়ে বেশিরভাগ ইহুদী মুসলমান হয়ে যাবে। মূলত দাজ্জালের সঙ্গী হবে ইরানের ইস্ফাহানের ইহুদীরা, বর্তমানে সেখানে ৯০০০ হাজারের মতো ইহুদী রয়েছে।

এছাড়াও মিশর, সৌদি আরব, ইরান, সুদান, ব্রিটেন, ফ্রান্সসহ অন্যান্য শক্তিশালী দেশসমূহ পর্যন্ত তৃতীয় বিশ্বযুদ্ধের কারণে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে।

তৃতীয় বিশ্বযুদ্ধের স্থায়ীত্ব হবে মাত্র ৫ মাস

বিশিষ্ট সাহাবী হযরত আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, "(মাহদীর আবির্ভাবের বছর) রমাযান মাসে এমন বিকট আওয়াজ (হযরত জিব্রাইল (আঃ) এর ঘোষণা) প্রকাশ পাবে, যা দ্বারা ঘুমন্ত লোকজন জাগ্রত হয়ে যাবে এবং কুমারী নারীগণ পর্দা ছেড়ে বেরিয়ে পড়বে। শাওয়াল মাসে মহামারি দেখা দিবে। জিলক্বদ মাসে এক গোত্র আরেক গোত্রের বিরুদ্ধে যুদ্ধে জড়িয়ে যাবে। এবং জিলহজ্ব মাসে পরস্পরের মাঝে খুন-খারাপি দেখা দিবে। অতঃপর মুহাররম মাসে, মুহাররম কি! এভাবে তিনবার উচ্চারণ করার পর বললেন, মুহাররম মাস হচ্ছে, তৎকালীন রাজা-বাদশাহদের রাজত্ব খতম (ধ্বংস) হয়ে যাওয়ার মাস।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৪৫)**

হযরত মুহাজির নিবাল (রহঃ) বলেন, "যখন রমযান মাস আসবে মানুষের আস্তানা জ্বলে পুড়ে যাবে, শাওয়াল মাসে তারা একে অন্যকে আঘাত করতে থাকবে, জিলক্বদ মাস আসলে পরস্পর একে অন্যের এলাকায় আধিপত্য বিস্তার করতে থাকবে। আর জিলহজ্ব মাস শুরু হলে মানুষ খুনো খুনিতে লিপ্ত হয়ে পড়বে।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৫১)**

হযরত কাসীর ইবনে মুররা (রহঃ) হতে বর্ণিত, তিনি বলেন, "ফেৎনার সূচনা লক্ষণসমূহ প্রকাশপাবে মূলত রমযান মাসে, তীব্র আকার ধারণ করবে শাওয়াল মাসে। জিলকদ মাসে এক এলাকার লোকজন আরেক এলাকর দিকে ধাবিত হবে এবং জিলহজ্ব মাসে এক শহরের বাসিন্দাগণ অন্য শহরের বাসিন্দাদের প্রতি যুদ্ধের লক্ষে ধেয়ে আসবে। এসব কিছুর চুড়ান্ত নিদর্শন হচ্ছে, আকাশে আলোকিত-উজ্জল কোনো পিলার (পারমাণবিক বোমা) প্রকাশ পাওয়া।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৪৭)**

তবে কিতাবুল ফিতানের আরো কয়েকটি হাদিস থেকে বুঝা যায়, যুদ্ধের সর্বমোট স্থায়ীত্ব হবে ১১ মাস। কিন্তু ৫ মাসের মাথায় পৃথিবীর বড় বড় শাসকদের পতন হয়ে যাবে, তার পরেও একে অপরের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যাবে।

হযরত ফিরোজ দায়লামি (রাঃ) বর্ণনা করেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "কোন এক রমজানে আওয়াজ আসবে।" সাহাবাগণ জিজ্ঞেস করলেন, "হে আল্লাহর রাসূল! রমজানের শুরুতে? নাকি মাঝামাঝি সময়ে? নাকি শেষ দিকে?" নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, "না, বরং রমজানের মাঝামাঝি সময়ে। ঠিক মধ্য রমজানের রাতে। শুক্রবার রাতে আকাশ থেকে একটি শব্দ আসবে। সেই শব্দের প্রচণ্ডতায় সত্তর হাজার মানুষ সংজ্ঞা হারিয়ে ফেলবে আর সত্তর হাজার বধির হয়ে যাবে।"

সাহাবাগণ জিজ্ঞেস করলেন, "হে আল্লাহর রাসূল! আপনার উম্মতের কারা সেদিন নিরাপদ থাকবে?" নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, "যারা নিজ নিজ ঘরে অবস্থানরত থাকবে, সিজদায় লুটিয়ে আল্লাহর আশ্রয় প্রার্থনা করবে এবং উচ্চশব্দে আল্লাহু আকবর বলবে। পরে আরও একটি শব্দ আসবে। প্রথম শব্দটি হবে জিব্রাইল এর, দ্বিতীয়টি হবে শয়তানের। ঘটনার পরম্পরা এরূপ, শব্দ আসবে রমজানে। ঘোরতর যুদ্ধ সংঘটিত হবে শাওয়ালে। আরবের গোত্রগুলো বিদ্রোহ করবে জুলকা'দা মাসে। হাজী লুণ্ঠনের ঘটনা ঘটবে জিলহজ্জ মাসে। আর মুহাররমের শুরুটা আমার উম্মতের জন্য বিপদ। শেষটা মুক্তি। সেদিন মুসলমান যে বাহনে চড়ে মুক্তি লাভ করবে, সেটি তার কাছে এক লাখ মূল্যের বিনোদন সামগ্রীতে পরিপূর্ণ ঘরের চেয়েও বেশি উত্তম বলে বিবেচিত হবে।" (মাজমাউজ জাওয়ায়েদ, খণ্ড ৭, পৃষ্ঠা ৩১০)

কখনো কি ভেবে দেখেছেন? কেন সেদিন বেচেঁ থাকাটা এক লক্ষ বিনোদন সামগ্রী পরিপূর্ণ ঘরের থেকেও কষ্টের হবে? কি ভয়ংকর পরিস্থিতি সেদিন হবে? পারমাণবিক যুদ্ধ ব্যতীত আর কি দুর্যোগ থাকতে পারে?

তৃতীয় বিশ্বযুদ্ধে কি পরিমাণ মানুষ ধ্বংস হবে?

হযরত জাফর সাদিক (রহঃ) বলেছেন, "পৃথিবীর দুই তৃতীয়াংশ মানুষ ধ্বংস না হওয়া পর্যন্ত এ ঘটনা (ইমাম মাহদীর আবির্ভাব) ঘটবে না। তখন আমি (আবু বসির) জিজ্ঞেস করলাম, যখন পৃথিবীর দুই তৃতীয়াংশ মানুষ ধ্বংস হয়ে যাবে, তখন কোন ব্যক্তি অক্ষত থাকবে? উত্তরে, হযরত জাফর সাদিক (রহঃ) বলেছেন, তোমরা (মুসলমানেরা) কি অবশিষ্ট এক তৃতীয়াংশের মধ্যে থাকতে চাও না?" **(বিহারুল আনোয়ার, খন্ড ৫২, পৃষ্ঠা ১১৩; আসরে জুহুরী, পৃষ্ঠা নং ১৯০)**

হযরত আলী (রাঃ) থেকে বর্ণিত, "ইমাম মাহদীর আবির্ভাবের নিকটবর্তী সময়ে দুই ধরনের মৃত্যু দেখা দিবে। লাল মৃত্যু ও শ্বেত মৃত্যু। হঠাৎ লাল ও রক্তবর্ণ বিশিষ্ট পঙ্গপালের প্রাদুর্ভাব দেখা দিবে। আর লাল মৃত্যু হল তরবারি (যুদ্ধের) দ্বারা মৃত্যু ও শ্বেত মৃত্যু হল প্লেগ, মহামারী দ্বারা মৃত্যু।" **(কিতাবুল ইরশাদ, পৃষ্ঠা ৪০৫; গাইবাত, পৃষ্ঠা ২৭৭; আসরে জুহুরী, পৃষ্ঠা ১৮৮)**

হযরত জাফর সাদিক (রহঃ) থেকে বর্ণিত, "মাহদীর আবির্ভাবের পূর্বে দুই ধরনের মৃত্যু দেখা দিবে। লাল (যুদ্ধের কারণে) মৃত্যু ও শ্বেত (দুর্ভিক্ষ, মহামারীর কারণে) মৃত্যু। (অবস্থা এমন হবে) যে প্রতি ৭ জনের ৫ জন মৃত্যুবরণ করবে।" **(বিহারুল আনোয়ার, খন্ড ৫২, পৃষ্ঠা ২০৭; আসরে জুহুরী, পৃষ্ঠা ১৯২)**

ইন্নানিল্লাহ! বর্তমান পৃথিবীতে মানুষ রয়েছে ৮০০ কোটির বেশি, যদি দুই তৃতীয়াংশ বা, প্রতি ৭ জনের ৫ জন মানুষ ধ্বংস হয়ে যায়, তাহলে তো প্রায় ৬০০ কোটি মানুষ মারা যাবে, বেঁচে থাকতে পারবে মাত্র ২০০ কোটি।

হযরত খালেদ ইবনে মা'দান (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, "অতিসত্ত্বর পূর্বদিক (চীন, জাপান ও কোরিয়া) থেকে আগুনের তৈরি পিলারের ন্যায় (পারমাণবিক বোমা) এক নিদর্শন প্রকাশ পাবে। যেটা জমিনের সকলে দেখবে। তোমাদের কেউ এমন যুগ প্রাপ্ত হলে, সে যেন তার পরিবারের জন্য এক বৎসরের খোরাকী(খাদ্য) প্রস্তুত রাখে।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৩৩)**

হযরত জাফর সাদিক (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন "ইমাম মাহদীর আবির্ভাবের পূর্বে অবশ্যই এমন একটি বছর অতিবাহিত হবে, তখন মানবজাতি তীব্রভাবে খাদ্যের অভাবে কষ্ট পেতে থাকবে, তাদেরকে হত্যা করার দরুন আতংক তাদেরকে আচ্ছন্ন করবে।" **(বিহারুল আনোয়ার, খন্ড ৫২,পৃষ্ঠা ২২৯; আসরে জুহুরী, পৃষ্ঠা ১৮৯)**

হযরত আব্দুল্লাহ ইবনে আমর (রাঃ) হতে বর্ণিত যে, তিনি বলেন, "একবার যুদ্ধ হবে। আর মানুষ একসাথে নামাজ আদায় করবে। তারা একসাথে হজ্ব আদায় করবে। তারা একসাথে আরাফায় অবস্থান করবে। তারা একসাথে কুরবানি করবে। অতপর তাদের মাঝে কুকুরের ন্যায় অশান্ত হয়ে উঠবে। ফলে তারা যুদ্ধে জড়িয়ে পড়বে। এমনকি আকাবাতে তাদের রক্ত পৌঁছে যাবে। আর নির্দোষ ব্যক্তি দেখবে যে, তার নির্দোষ থাকার পরেও তাকে মুক্তি দিতে পারবে না। আর পৃথক হওয়া ব্যক্তি দেখবে যে, তার পৃথিবীটা তাকে কোন উপকার আসবে না। অতপর তারা এক যুবক ব্যক্তিকে অপছন্দ করতে চাইবে। যার পিঠ রুকুনের সাথে ঠেকানো থাকবে। তার কাঁধের গোস্ত আওয়াজ করবে। পৃথিবীতে তাকে মাহদী বলা হবে। আর সে আকাশেও মাহদী। সুতরাং তাকে যে পাবে সে যেন তাকে অনুসরণ করে।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৯৯৩)**

হযরত মুহাম্মদ বাকির (রহঃ) থেকে বর্ণিত, "ভয়-ভীতি, ভূমিকম্প, ফিতনা এবং যেসকল বিপদ আপদে (সমগ্র) মানবজাতি জড়িয়ে যাবে, তার পরপরই কেবল ইমাম মাহদীর আবির্ভাব হবে। এর আগে তারা (মানবজাতি) প্লেগ বা (দুর্ভিক্ষের কারণে) মহামারীতে আক্রান্ত হবে। এর পরে আরবদের মধ্যে যুদ্ধ ও রক্তপাত হবে। এমনকি বিশ্ববাসীর মধ্যেও মতবিরোধ দেখা দিবে। ধর্মে দ্বিধা বিভক্তি দেখা দিবে এবং অবস্থা এতটাই শোচনীয় হবে যে, একে অপরকে হত্যা করতে দেখে, সবাই সকাল সন্ধ্যা নিজের মৃত্যু কামনা করবে।" (শেখ সাদুক প্রণীত 'কামালুদ্দিন' পৃষ্ঠা ৪৩৪; আসরে জুহুরী, পৃষ্ঠা ১৮৮)

তৃতীয় বিশ্বযুদ্ধ হবে দ্বিতীয় সুফিয়ানীর যুগে

হযরত আরতাত (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, "দ্বিতীয় সুফিয়ানীর যুগে যুদ্ধ-বিগ্রহ এত ব্যাপক আকার ধারণ করবে, যা দ্বারা প্রত্যেক জাতি মনে করবে তার পার্শ্ববর্তী এলাকা ধ্বংস হয়ে গিয়েছে।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৮৩২)**

হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, "কিছুদিনের মধ্যে জনৈক লোক (সুফিয়ানী) তার নিতম্ব হেলিয়ে নাচতে থাকবে। যে লোক কানা চোখের অধিকারী। তার যুগে যুদ্ধ, হত্যা, বন্দি ইত্যাদি ব্যাপক আকার ধারণ করবে। তিনি হচ্ছে, সেই লোক (সুফিয়ানী) যে মদীনাতে আক্রমণ করার জন্য সৈন্য প্রেরণ করবে।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৮২৬)**

তৃতীয় বিশ্বযুদ্ধ সম্পর্কে বিখ্যাত মনীষীগণ কি বলে গিয়েছেন

১। বৃটেন থেকে বহুল প্রচারিত সংবাদপত্র The Daily Telegraph ৯ জুন ২০১৫ সংখ্যায় Here How World War Three could start tomorrow তৃতীয় বিশ্বযুদ্ধ সম্পর্কে অভিমত ব্যক্ত করতে গিয়ে লিখেন 'Throughout history, rising powers have repeatedly tested the status by using their might: Harvard professor Graham Allison found that, since 1500, 11 out of 15 such cases have result in conflict' অর্থাৎ ইতিহাস সাক্ষী, ক্রমবর্ধমান ক্ষমতা বারবার তাদের শক্তি ব্যবহার করে পরীক্ষা করেছে। হার্ভার্ড প্রফেসর গ্রাহাম অ্যালিসন তার অনুসন্ধানে পেয়েছেন এই ধরণের ১৫টার মধ্যে ১১টা ঘটনাই সংঘাতে রূপ নিয়েছে। অর্থাৎ বড় কোন যুদ্ধের দিকে মোড় নিয়েছে। তাদের প্রবন্ধে আরোও বলা হয়েছে How might a third world war unfold? Undoubtedly differently from the small wars of today অর্থাৎ একটি তৃতীয় বিশ্বযুদ্ধ কিভাবে বিস্তৃত হতে পারে? নিঃসন্দেহে ভিন্নভাবে আজকের 'ছোট যুদ্ধ' থেকে।

২। ১৬শ শতাব্দীর ফরাসি পদার্থবিদ মাইকেল দে নোতর দাম, তার বিখ্যাত বই The Prophecies এ লিখেছেন “২০১৬ সালেই পৃথিবীর বৃহৎ রাষ্ট্রশক্তিগুলির মধ্যে এক ব্যাপক যুদ্ধ শুরু হবে। যা দীর্ঘ ২৭ বছর স্থায়ী হবে, এবং বিপুল প্রাণহানির কারণ হবে।” পশ্চিমা বিশ্বের অনেক বিজ্ঞজনরাই মনে করেন, তার এই ভবিষ্যৎবাণী তৃতীয় বিশ্বযুদ্ধের প্রতিই ইঙ্গিত দিচ্ছে।

৩। “তৃতীয় বিশ্বযুদ্ধ কি দিয়ে হবে তা আমি জানিনা, তবে চতুর্থ বিশ্ব যুদ্ধ হবে তীর, ধনুক আর তলোয়ার দিয়ে হবে।” (আলবার্ট আইনস্টাইন)

৪। বাসস (বংলাদেশ সংবাদ সংস্থা) এর সাবেক প্রধান সম্পাদক গাজিউল হক্ব তার ‘তৃতীয় বিশ্বযুদ্ধের পায়তারা কি শুরু হয়ে গেছে?’ প্রবন্ধে লিখেন, বিশ্বের বুদ্ধিজীবী মহল, বিশেষ করে প্রগতিশীলদের মধ্যে (ISIS) ইসলামিক স্টেট অব ইরাক অ্যান্ড সিরিয়ার ইসলামী খিলাফত প্রতিষ্ঠার সশস্ত্র জেহাদ এবং বিশ্বমোড়লদের পক্ষপাতিত্ব এক নতুন উদ্বেগ ও আশঙ্কার সৃষ্টি করেছে। অনেকেই মনে করছেন, উত্তপ্ত মধ্যপ্রাচ্যে তৃতীয় বিশ্বযুদ্ধের সূচনা হতে যাচ্ছে।

যদিও আমরা মনে করছি, তৃতীয় বিশ্ব যুদ্ধ হলেও সেটা হবে শত শত বছর পর, তখন আমরা থাকবো না, তাই এগুলো নিয়ে আমাদের চিন্তা করার দরকার নেই। আপনার জেনে রাখা দরকার, প্রথম বিশ্বযুদ্ধ ও দ্বিতীয় বিশ্বযুদ্ধ কিন্তু ঘোষণা দিয়ে শুরু হয়নি। পশ্চিমারা ভালো করেই জানে, তৃতীয় বিশ্বযুদ্ধও ঘোষণা ছাড়াই শুরু হবে, তাই পাশ্চাত্যের ইহুদী ও খ্রিস্টানরা কিন্তু আপনার মত বসে নেই। তারা তৃতীয় বিশ্ব যুদ্ধের কল্পিত রূপরেখা তৈরিও করে ফেলছে। যুদ্ধের জয় পরাজয় সব, মানুষের হতাহতের সংখ্যা, যুদ্ধের খরচ, যুদ্ধকালীন খাদ্যের মজুদ সব কিছু নিয়েই তারা প্রস্তুতি নিচ্ছে।

(১০) হিটলার, জামাল নাসের, আনোয়ার সাদাত, সুফিয়ানী, মাহদী ও তৃতীয় বিশ্বযুদ্ধ সম্পর্কে আশ্চর্য একটি হাদীস

হযরত আবূ হুরাইরাহ (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, “শেষ যামানায় পুরো পৃথিবীব্যাপী একটি যুদ্ধ হবে। এটা হবে দুইটি বড় যুদ্ধের পর তৃতীয় যুদ্ধ এবং এই যুদ্ধে অনেক মানুষ ধ্বংস হবে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় যে ব্যক্তি আগুন জ্বালিয়ে দিবে সেই হবে মহান নেতা। হিজরী ১৩ শতাব্দীর কয়েক দশক পর গ্রীক রাজা সমগ্র বিশ্বের বিপক্ষে যুদ্ধ করবেন এবং আল্লাহতা'য়ালা তাকে যুদ্ধের নির্দেশ দিবেন। এর দুই দশক পর জার্মান ভূমি থেকে বিড়ালের নামের সাথে মিল রয়েছে এরকম একজনের (হিটলার) আবির্ভাব হবে। সে রোমানদের বিপক্ষে চাবুক নিয়ে হাজির হবে এবং লোকজনকে নির্যাতন করা শুরু করবে এবং পুরো পৃথিবী নিয়ন্ত্রণ করতে চাইবে। সে সমগ্র বিশ্বের বিপক্ষে যুদ্ধ শুরু করবে, এমনকি উষ্ণ অঞ্চল (আফ্রিকার সাহারা মরু) ও শীতল (রাশিয়ার সাইবেরিয়া) অঞ্চলেও যুদ্ধ করবে। সে যখন যুদ্ধক্ষেত্রকে আগুন দ্বারা পরিপূর্ণ করবেন, আর তখনই সে আল্লাহতা'য়ালার শাস্তির মুখোমুখি হবে। সে রাশিয়ান গুপ্ত ঘাতক দ্বারা খুন হবে। তারপর হিজরী ১৩ শতাব্দীর সাথে আরো পাঁচ, ছয়, সাত, আট দশক গণনা করার পর মিশরে একজন ব্যক্তি (জামাল আবদেন নাসের) আসবে, যাকে আরবরা সুচ্চাউল আরব বা, আরবের সাহসী ব্যক্তি বলে ভূষিত করবে এবং যাকে ‘নাসের’ বলা হবে। আল্লাহতা'য়ালা তাকে দুই বার অবজ্ঞা করবেন, একবার যুদ্ধে তারপর আবার। ‘নাসের’ কখনো বিজয়ের দেখা পাবে না। তখন সমস্ত ক্ষমতার মালিক আল্লাহতা'য়ালা একজন কালো ব্যক্তি (আনোয়ার সাদাত) কে পাঠাবেন, যার পিতা তার তুলনায় উজ্জ্বল বর্ণের। আরব ও মিশরের নেতা মসজিদুল আকসা ছিনতাইকারীর সাথে একটি চুক্তি করবেন। তারপর ইরাকে একজন নিষ্ঠুর শাসকের আবির্ভাব হবে, যে দামেস্কের নিকটবর্তী এলাকায় থাকবে, তার চোখে সামান্য আঘাতের চিহ্ন থাকবে, সেই হল সুফিয়ানী। সে তার শত্রুদের বিরুদ্ধে যুদ্ধ করবে, পুরো পৃথিবী থেকে তার জন্য লোকজন একত্রিত হবে, কারণ তার সাথে আগে প্রতারণা করা হয়েছিল। সুফিয়ানীর জন্য ইসলাম ছাড়া এর চেয়ে ভালো কিছু থাকবে না। তার মধ্যে খারাপ ভালো দুটি জিনিসই থাকবে, যদিও সে

মাহদীর সাথে বিশ্বাসঘাতকতা করবে। তারপর হিজরী ১৪ শতাব্দীর সাথে দুই বা, তিন দশক গণনা করবে, ঐ সময় মাহদীর আবির্ভাব হবে। সে পুরো পৃথিবীর সকলের বিরুদ্ধে, যারা বিপথগামী হয়ে গেছে (খ্রিস্টানরা) এবং যারা আল্লাহ্‌র ক্রোধের পাত্র (ইহুদীরা) এবং তাদের সাথে ব্যভিচার ও প্রতারণার রানী (আমেরিকা) যার পুরো পৃথিবীকে অবিশ্বাসী ও দ্বিধা বিভক্ত করতে চেষ্টা করে, তারা ইসরা ও মিরাজের ভূমি (ফিলিস্তিন) পর্বতের নিকটে আসবে। তখন ইহুদীরা পৃথিবীতে ভালো অবস্থানে থাকবে, তারা বাইতুল মোকাদ্দাস ও পবিত্র (জেরুজালেম) শহর শাসন করবে। তারা সমুদ্র ও আকাশ পথে তীব্র শীতল অঞ্চল (সাইবেরিয়া) ও তীব্র উষ্ণ অঞ্চল (সাহারা) ছাড়া সবাই তার (মাহদীর) বিরুদ্ধে যুদ্ধ করতে আসবে। মাহদী দেখবে পুরো পৃথিবী তার বিরুদ্ধে ষড়যন্ত্র করছে এবং সে একই সাথে আল্লাহ্‌র পরিকল্পনাও দেখবে, যা কাফেরদের ষড়যন্ত্রের তুলনায় অনেক শক্তিশালী। সে দেখবে আল্লাহতা'য়ালা পৃথিবীর শাসন ক্ষমতা তার দিকে ফিরিয়ে দিচ্ছেন এবং পৃথিবীটা হল একটা গাছের মত, যার মূলে রয়েছেন আল্লাহতা'য়ালা। তিনি সকল অবিশ্বাসী জাতিকে কঠিন দুর্যোগে নিক্ষেপ করবেন এবং তাদেরকে শাস্তি দিবেন। কাফেরদের ভূমি, সমুদ্র ও আকাশ পথকে জ্বালিয়ে দিবেন। অবিশ্বাসী জাতির জন্য আকাশ থেকে ক্ষতিকর বৃষ্টি নিক্ষেপ করা হবে এবং আল্লাহতা'য়ালা অবিশ্বাসী জাতিদেরকে ধ্বংস করে দিবেন"। **(আসমাউল মাসালিক লি ইয়াওমিল মাহদীয়া মালিকি লি কুল্লিদ দুনিয়া বি আমরিল্লাহিল মালিক, লেখকঃ কালদা বিন যায়েদ, পৃষ্ঠা ২১৬)**

এবার আমরা হাদিসের কয়েকটি গুরুত্বপূর্ণ পয়েন্টগুলো একটু বিস্তারিত আলোচনা করব। যাতে সবাই হাদিসের প্রতিটি লাইন আরো সহজে বাস্তবতার সাথে মিলিয়ে দেখতে পারেন।

হযরত আব্দুল্লাহ ইবনে হাওয়ালাহ (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, "ও হাওয়ালা! যদি তুমি তোমার জীবদ্দশায় দেখতে পাও, খিলাফত বায়তুল মোকাদ্দাসে (জেরুজালেমে) প্রতিষ্ঠিত হয়েছে? তখন ভূমিকম্প, ভূমিধ্বস, বড় বড় দুর্যোগগুলো খুব নিকটবর্তী হবে। কিয়ামত খুব কাছে চলে আসবে।" (মুস্তাদরাকে হাকেম)

হযরত কা'ব (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, "যখন তুমি বাইতুল মুকাদ্দাসের খলিফাকে (মাহদীকে) দেখবে। আর তাকে ব্যতীত আরেকজনকে (সুফিয়ানীকে) দেখবে তথা দামেস্কে। তখন তুমি তাকে (মাহদীকে) ব্যতীত অন্য কাউকে অনুসরণ করিও না। কেননা সে (সুফিয়ানী) হবে গাধার বংশধরের থেকেও নিকৃষ্ট।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ১০১৭)

জেরুজালেম বিজয়ের পর ইমাম মাহদী ইহুদীদের সাথে কেমন ব্যবহার করবেন? ইহুদীদের বেশিরভাগই মুসলিম হয়ে যাবে।

হযরত রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, "তাবূত আস সাকীনা (পবিত্র সিন্ধুকটি) আন্তাকিয়ার (তুরস্কের এন্টাকিয়া প্রদেশের) একটি গুহা থেকে এবং তাওরাতের অধ্যায়সমূহ শামের (সিরিয়ার) একটি পাহাড় থেকে বের করে আনা হবে। আর ঐ গ্রন্থের মাধ্যমে ইহুদীদের কাছে যুক্তি ও দলিল-প্রমাণ পেশ করা হবে। আর অবশেষে তাদের মধ্যে অনেকেই ইসলাম ধর্ম গ্রহণ করবে।" (মুন্তাখাবুল আসার, পৃষ্ঠা ৩০৯, আসরে জুহুরী, পৃষ্ঠা ৬৯)

হযরত কা'ব (রাঃ) হতে বর্ণিত যে, তিনি বলেন মাহদী আলাইহিস সালামের নামকরণ মাহদী করে করার কারণ হচ্ছে যে, সে (ইহুদীদের আসল) তাওরাত কিতাবের পথ দেখাবে এবং ইহুদীদেরকে (আসল) তাওরাত কিতাবের দিকে ডাকবে। সে তাওরাত কিতাবকে সিরিয়ার (তুরস্কের এন্টাকিয়া প্রদেশ থেকে) এক পাহাড় থেকে খুঁজে বের করবে। অতপর উক্ত কিতাবের উপর (ইহুদীদের) অনেক দল আত্মসমর্পণ করবে। যা তিনি ত্রিশ হাজারের মত উল্লেখ করলেন।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ১০৩৫)

উল্লেখ আসল তাওরাত কিতাব ও কুরআনের মধ্যে কোন পরস্পর বিরোধী কিছু থাকবে না। কারণ দুটি কিতাবই আল্লাহর কাছ থেকে অবতীর্ণ হয়েছে। যার কারণে ইহুদীরা আস্তে আস্তে হেদায়েতের দিকে আসবে এবং মুসলিম হয়ে যাবে।

হযরত কা'ব (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, "মাহদী রোমে যুদ্ধের জন্য সৈন্য পাঠাবেন। সেখানে দশজন বুদ্ধিমান জ্ঞানী দিবেন। যারা আন্তাকিয়ার (সিরিয়ার সীমান্তবর্তী তুরস্কের এন্টাকিয়া প্রদেশের) এক গুহা থেকে তাবূত আস সাকীনা (Ark of the Covenant) খুঁজে বের করবে। যেটার ভিতর আল্লাহতা'আলা মুসা (আঃ) উপর যে তাওরাত নাযিল করেছিলেন। এবং ঈসা (আঃ) উপর ইঞ্জিল নাযিল করেছিলেন তা থাকবে। তিনি তাওরাত ওয়ালাদেরকে (ইহুদীদেরকে) তাওরাত দ্বারা বিচার করবেন। এবং ইঞ্জিল ওয়ালাদের (খ্রিস্টানদেরকে) ইঞ্জিল দিয়ে বিচার করবেন।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ১০২২)

হযরত রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, "তার (মাহদীর) মাধ্যমেই তাইবেরিয়ার হ্রদ (সিরিয়া ও ঈসরাইলের সীমান্তবর্তী টাইবেরিয়াস লেক) থেকেই এর উদ্ধার কাজ শুরু হবে। ঐ সিন্দুকটি (তাবূত আস সাকীনা) বাইতুল মোকাদ্দাসে আনা হবে এবং তার (মাহদীর) সামনে রাখা হবে। যখন ইহুদীরা তা দেখবে তখন তাদের মধ্যে কতিপয় ব্যক্তি ব্যতীত সবাই ইমান আনবে।" (আল ফিতান ওয়াল মালাহিম, পৃষ্ঠা ৫৭)

হযরত সুলাইমান ইবনে ঈসা হতে বর্ণিত যে, "তিনি বলেন আমার নিকট এই খবর পৌঁছেছে যে, মাহদীর হাতে বুহাইরাতুত তাবরিয়্যাহ (সিরিয়া ও ঈসরাইলের সীমান্তবর্তী টাইবেরিয়াস লেক) হতে তাবূত আস সাকীনা (Ark of the Covenant) প্রকাশ পাবে। এমনকি বহন করা হবে (বয়ে আনা হবে)। অতঃপর বাইতুল মুকাদ্দাসে (জেরুজালেমকে) তার (মাহদীর) সামনে রাখা হবে। যখন ইহুদিরা এটি দেখবে তখন তাদের অল্প সংখ্যাক ব্যতীত সবাই আত্মসমর্পণ করবে (ইসলাম গ্রহণ করবে)। অতপর মাহদী ইন্তেকাল করবেন।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ১০৫০)।

উল্লেখ তাবূত আস সাকীনা (Ark of the covenant) হল, একটি সিন্দুক যা শাম (সিরিয়া) দেশের সুগন্ধীযুক্ত কাঠ দ্বারা নির্মাণ করা হয়েছিল। এবং কাঠের উপর স্বর্ণের প্রলেপ দেয়া হয়েছিল। এই তাবূত আস সাকীনা (Ark of the Covenant) সম্পর্কে পবিত্র কুরআনে আল্লাহতা'য়ালা বলেছেন,

"আর তাদেরকে (বনি ঈসরাইলকে) তাদের নবী বলল, নিশ্চয়ই তার রাজত্বের নিদর্শন এই যে, তোমাদের নিকট তাবূত (তাবূত আস সাকীনা বা, সিন্ধুক) আসবে। যাতে তোমাদের রবের পক্ষ থেকে তোমাদের জন্য থাকবে প্রশান্তি ও মুসার পরিবার, হারুনের পরিবার যা অবশিষ্ট রেখে গেছে তার অবশিষ্ট অংশ। নিশ্চয়ই তাতে রয়েছে তোমাদের জন্য নিদর্শন, যদি তোমরা মুমিন হও।" (সূরা বাকারা, আয়াত নং ২৪৮)

[১] তাফসীরে ইবনে কাসীরে বলা হয়েছে, কাতাদাহ (রহঃ) বলেন যে, তা ছিলো 'সাকীনা' বা শান্তি। (মুসনাদ 'আবদুর রাযযাক ১/৯৮) অন্যরা বলেন যে, তা ছিলো সোনার একটি বড় থালা যাতে নবীগণের (আঃ) অন্তরসমূহ ধৌত করা হতো। এটা মূসা (আঃ) প্রাপ্ত হয়েছিলো। তার মধ্যে তিনি তাওরাতের তক্তা রাখতেন। (তাফসীর তাবারী ৫/৩৩১) একই তাফসীর করেছেন কাতাদাহ (রহঃ), সুদ্দী (রহঃ), রাবী' ইবনু আনাস (রহঃ) এবং ইকরামাহ (রহঃ)।

'আবদুর রায্যাক (রহঃ) বলেছেন যে, তিনি সুফইয়ান সাওরী (রহঃ)-কে 'আর মূসা ও হারূনের অনুচরদের (পরিত্যক্ত) মঙ্গল বিশেষ' এর অর্থ জানতে চাইলে তিনি বলেনঃ কেউ কেউ বলেন যে, এতে ছিলো 'মান্না' এর পাত্র, তাওরাতের তক্তা। অন্যরা বলেন যে, তা ছিলো মূসা (আঃ) -এর কিছু কাপড় এবং জুতা। (দেখুন ২০: ১২। তাফসীর তাবারী ৫/৩৩৩)

ইবনু 'আব্বাস (রাঃ) থেকে যুরাইয (রহঃ) বলেন, 'ফিরিশতা আকাশ ও পৃথিবীর মধ্যস্থল দিয়ে ঐ তাবূতকে উঠিয়ে জনগণের সামনে নিয়ে আসেন এবং তালূত বাদশাহর সামনে রেখে দেন। তার নিকট তাবূতকে দেখে লোকদের শামাউন নবী (আঃ) এর নাবুওয়াত ও তালূতের রাজত্বের ওপর পূর্ণ বিশ্বাস হয়। (তাফসীর তাবারী ৫/৩৩৫)

[২] তাফসীরে আবু বকর জাকারিয়াতে উল্লেখ করা হয়েছে, বনী ইসরাঈলদের মধ্যে একটি সিন্দুক পূর্ব থেকেই ছিল, তা বংশানুক্রমে চলে আসছিল। তাতে মূসা আলাইহিস সালাম ও অন্যান্য নবীগণের পরিত্যক্ত কিছু বরকতপূর্ণ বস্তুসামগ্রী রক্ষিত ছিল। বনী ইসরাঈলরা যুদ্ধের সময় এ সিন্দুকটিকে সামনে রাখত, আল্লাহ্‌তা'আলা তাদেরকে বিজয়ী করতেন। জালুত ইসরাঈল-বংশধরদেরকে পরাজিত করে এ সিন্দুকটি নিয়ে গিয়েছিল। কিন্তু আল্লাহ যখন এ সিন্দুক ফিরিয়ে দেয়ার ইচ্ছা করলেন, তখন অবস্থা দাড়ালো এই যে, কাফেররা যেখানেই সিন্দুকটি রাখে, সেখানেই দেখা দেয় মহামারী ও অন্যান্য বিপদাপদ। এমনিভাবে পাঁচটি শহর ধ্বংস হয়ে যায়। অবশেষে অতিষ্ঠ হয়ে দুটি গরুর উপর সেটি উঠিয়ে হাকিয়ে দিল। ফেরেশতাগণ গরুগুলোকে তাড়া করে এনে তালুতের দরজায় পৌছে

দিলেন। ইসরাঈল-বংশধররা এ নিদর্শন দেখে তালুতের রাজত্বের প্রতি আস্থা স্থাপন করল এবং তালুত জালুতের উপর আক্রমণ পরিচালনা করলেন। [তাফসীরে বাগভী ১/২৩০, আল-মুহাররারুল ওয়াজীয ১/৩৩৩]

তাবূত আস সাকীনা সম্পর্কে আরো বিস্তারিত জানতে পড়ুনঃ

https://makashfa.wordpress.com/2012/04/21/ark-of-the-covenant-%D8%B7%D8%A7%D8%A8%D9%88%D8%AA-%D8%A1-%D8%B3%DA%A9%DB%8C%D9%86%DB%81/

ইমাম মাহদীর মাহদীর খিলাফতের শেষ সময়ে সিরিয়ার ইদলিব ও লাটাকিয়া প্রদেশের সীমান্তবর্তী তুরস্কের এন্টাকিয়া প্রদেশের পাহাড়ী অঞ্চল বা, ঈসরাইল ও সিরিয়ার সীমান্তবর্তী টাইবেরিয়াস লেক থেকে তাবূত আস সাকীনা (Ark of the Covenant) বা, সিন্ধুকটি বের করে আনা হবে। যার মধ্যে তাওরাত ও ইঞ্জিল শরীফের আসল কপি থাকবে। এছাড়াও এই তাবূত আস সাকীনা বা, সিন্ধুকটি ইহুদীদের কাছে একটা আবেগময় ও পবিত্র বস্তু, যা দেখে ঈসরাইলের বেশিরভাগ ইহুদী মুসলমান হয়ে যাবে।

ইহুদী জাতি চূড়ান্তভাবে কখন ধ্বংস হবে?

আমাদের বেশিরভাগ মুসলমানদের মধ্যে একটি ভুল ধারণা হচ্ছে, ইমাম মাহদী ও হযরত ইসা (আঃ) একই সময়ে আত্মপ্রকাশ হবে। কিন্তু হাদীসগুলো নিয়ে গবেষণা করলে বুঝা যায়, ইমাম মাহদী ও হযরত ঈসা (আঃ) আলাদা দুটি যুগে আত্মপ্রকাশ করবেন। এছাড়াও জেরুজালেম খিলাফতের রাজধানী হিসেবে কয়েক শত বছর প্রতিষ্ঠিত থাকবে। মাহদীর মৃত্যুর পর আহলে বাইতের দুইজন, তারপর মুজারী বংশের খলিফাগণ, মাখজুমী খলিফা, ইয়েমেনী খলিফাগণ, কাহতানী খলিফা, আম্মানী খলিফা, পারস্যের খলিফা ও সর্বশেষ পুনরায় আহলে বাইতের দুই জন খলিফা এবং হযরত ঈসা (আঃ) সবাই বাইতুল মোকাদ্দাস থেকেই খিলাফত পরিচালনা করবেন।

কাজেই হযরত ঈসা (আঃ) এর আকাশ থেকে অবতরণ করার পূর্বে যখন দাজ্জালের আবির্ভাব হবে এবং পুরো পৃথিবীতে বিশৃঙ্খলা সৃষ্টি করবে। তখন ইরানের ইস্ফাহান শহরের ৭০ হাজার ইহুদী দাজ্জালের সাথী হবে। তার পর হযরত ঈসা (আঃ) দাজ্জালকে হত্যা করার পর মুসলিমরা প্রতিটি ইহুদীকে হত্যা করবে। বর্তমানে ইরানের ইস্ফাহান শহরে ২০১৬ সালের রিপোর্ট অনুযায়ী, ২৫ হাজার ইহুদী রয়েছে।

হযরত আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, “ইস্ফাহানের সত্তর হাজার ইহুদী দাজ্জালের অনুসারী হবে।। তাদের শরীরে (তায়ালিসাহ্) কালো চাদর থাকবে।” **(সহিহ মুসলিম, হাদিস নং ৭২৮২, ইসলামিক ফাউন্ডেশন নং ৭১২৫, ইসলামিক সেন্টার নং ৭১৭৮)**

হযরত আব্দুল্লাহ ইবনে উমর (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, “ইহুদীরা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করবে, সেখানে তোমরা বিজয়ী হবে। এমনকি, পাথর পর্যন্ত বলবে হে মুসলিম!! আমার পিছনে একজন ইহুদী লুকিয়ে আছে। তাকে হত্যা কর।” **(সহিহ বুখারী, মুসলিম ৭২২৫, তিরমিজী ২২৩৬)**

হযরত আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, “ততক্ষণ পর্যন্ত কিয়ামত হবে না, যতক্ষণ পর্যন্ত ইহুদীদের সাথে মুসলিমদের যুদ্ধ না হবে। মুসলিমরা তাদেরকে হত্যা করবে, ফলে তারা গাছ ও পাথরের পিছনে লুকিয়ে থাকবে। তখন গাছ বা পাথর বলবে, হে মুসলিম, হে আল্লাহর বান্দাহ, এইতো আমার পিছনে একজন ইহুদী লুকিয়ে আছে, আসো!! তাকে হত্যা কর। কিন্তু ‘গারকাদ’ (এক ধরনের ঝাউ গাছ) নামক বৃক্ষ দেখিয়ে দিবে না। কারণ এটা হচ্ছে ইহুদীদের সহায়তাকারী গাছ।” **(সহিহ মুসলিম, ইসলামিক ফাউন্ডেশন নং ৭০৭৫, ইসলামিক সেন্টার নং ৭১২৯)**

কাজেই মুসলমানদের উদ্বিগ্ন হওয়ার বা, হতাশ হওয়ার কোন কারণ নেই। মুসলমানদের প্রভাতের সূর্য খুব শীঘ্রই উদিত হবে, মুসলমানদের রক্ত কখনো বৃথা যাবে না। আমরাই এই বাইতুল মোকাদ্দাস থেকে পুরো পৃথিবীকে শাসন করব। আমরা তৃতীয় বারের মত জেরুজালেম উদ্ধার করবই করব। ইনশাল্লাহ...

(১৩) সাবধান! রমজান মাসে আকাশ থেকে বিকট শব্দে আওয়াজ আসবে খুব শীঘ্রই

ইমাম মাহদীর আবির্ভাবের পূর্বে রমজান মাসে কয়েকটি নিদর্শন প্রকাশিত হবে। তার মধ্যে রমজান মাসের মাঝামাঝি সময়ে শুক্রবার রাতে আকাশে বিকট শব্দে আওয়াজ হওয়া একটি নিদর্শন। আর এই নিদর্শনটি মানবজাতির জন্য একটি দুর্যোগ, দুর্ভিক্ষ ও বিপদ আপদের নিদর্শন। তাই প্রতিটি সচেতন মুসলমানের জন্য সামনের রমজান মাসগুলোতে আমাদের খুবই সচেতন থাকতে হবে। অন্যথায়, আমাদের গাফিলতির জন্য রাসূলুল্লাহ (সাঃ) সতর্কবাণী সত্ত্বেও আমরা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে।

১) জুলফি বিশিষ্ট একটি তারকা (অগ্নিশিখা) উদিত হবে

হযরত ওলীদ (রহঃ) কা'ব (রহঃ) হতে বর্ণনা করেন, তিনি বলেন, "হযরত মাহদি (আঃ) এর আগমনের পূর্বে পূর্বাকাশে জুলফি বিশিষ্ট একটি তাঁরকা উদিত হবে।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৪২)

হযরত কা'ব (রাঃ) থেকে বর্ণিত যে, "এমন একটি তারকা উদিত হবে, যার আলো হবে চন্দ্রের আলোর ন্যায়। এরপর উক্ত তারকা সাপের ন্যায় কুন্ডুলি পাকাতে থাকবে। যার কারণে তার উভয় মাথা একটা আরেকটার সাথে মিলিত হওয়ার উপক্রম হবে। দীর্ঘকার রাত্রে দুইবার ভূমিকম্প হওয়া এবং আসমান থেকে জমিনের দিকে যে তারকাটি নিক্ষিপ্ত হবে, তার সাথে থাকবে বিকট আওয়াজ। এক পর্যায়ে সেটা পূর্বাকাশে গিয়ে পতিত হবে। যা দ্বারা মানুষ বিভিন্ন ধরনের বালা-মুসিবতের সম্মুখিন হবে। (হাদিস বড় হওয়ায় কেবল শেষ অংশ উল্লেখ করা হল)" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৪৩)

আবু জাফর ইবনে মুহাম্মদ ইবনে আলী (রহঃ) বলেন, "যখন পূর্বাকাশে ৩ দিন থেকে ৭ দিন পর্যন্ত আগুনের অগ্নিশিখা দেখতে পাবে, তখন আহলে মুহাম্মদ (সাঃ) এর (ইমাম মাহদীর) জন্য অপেক্ষা কর। এক পর্যায়ে আল্লাহতা'য়ালা (হযরত জিব্রাইল (আঃ) এর মাধ্যমে) মাহদী (আঃ) এর নাম ঘোষণা করবেন। যা পৃথিবীর

সকল মানুষ শুনতে পাবে।” (আল মুত্তাকী আল হিন্দি, আল বুরহান ফি আলামত আল মাহদী, পৃষ্ঠা নং ৩২)

“একটি বিরাট অগ্নি গোলক পূর্ব দিক থেকে উদিত হবে, যা ৩ দিন অথবা, ৭ দিন সারিবদ্ধভাবে দৃশ্যমান হবে। (বিস্ফোরণের) পর প্রচন্ড অন্ধকারে আকাশ ঢেকে যাবে। এটি (বিস্ফোরণের) পর নতুন ধরনের লালচে রঙের শিখা আকাশে দৃশ্যমান হবে, যা উষার আলোর মত দেখাবে না। এরপর এমন ভাষায় (হযরত জিব্রাইল (আঃ) এর) একটি ঘোষণা শোনা যাবে, যা পৃথিবীর সকল মানুষ বুঝতে পারবে।” (বারজানী, আল ইসায়া, পৃষ্ঠা ১১৬)

যুক্তরাষ্ট্রের টেক্সাস প্রদেশের গ্রেন্ড রেপিট মিশিগানের Calvin College এর একদল গবেষক ও খ্যাতিমান জ্যোতির্বিজ্ঞানী প্রসেসর লরেন্স মুলনার বলেছেন, ২০২২ সালে এই প্রথম মানুষ খালি চোখে দুটি তারকার সংঘর্ষ দেখতে পাবে। তবে দুটি তারকার সংঘর্ষের পূর্বে পরস্পরের দিকে কয়েক দিন ঘুরতে থাকবে, এবং এদের আলো চাঁদের আলোর মত উজ্জ্বল হবে। এদের পরস্পরের সংঘর্ষের পর লাল রঙের আভা আকাশে ছড়িয়ে পরবে। যা American Astonomical Society (AAS) এর ২২৯তম বৈঠকে এই গবেষণার বিষয়বস্তু উপস্থাপন করা হয়। ২০১৩ সাল থেকে তারা Binary System বা, একই কক্ষপথে চলা এই দুটি তারকার উপর নজরদারি করে আসছিল এবং তারা তারকা দুটিকে KIC9832227 নামে চিহ্নিত করেছেন। বিস্তারিত জানতে অবশ্যই এই ভিডিওগুলো দেখুনঃ https://youtu.be/IjLFm9AM-jw

ইতোমধ্যেই ইহুদী বলতে শুরু করেছেন, এই তারকাটি ‘মাসিহ’ এর আগমনের একটি চিহ্ন এবং বলতে শুরু করেছেন ২০২২ সালে মাসিহ এর আবির্ভাব হবে। কারণ Old testament নাকি এই তারকাটি নিয়ে অনেক ভবিষ্যৎবাণী রয়েছে। এমনকি খ্রিস্টানরাও বিশ্বাস করেন, এই তারকাটি যিশুর (হযরত ঈসা আঃ) এর পুনরায় পৃথিবীতে ফিরে আসার একটি নিদর্শন। যেমনঃ

“I will display wonders in the sky and on the earth, Blood, fire and columns of smoke.” (Joel, part 02, verses 30)

“And I Will Grant Wonders In The Sky Above And Signs On The Earth Below, Blood, And Fire, And Vapor Of Smoke” (Acts: Part-02, Verses-19)

এই তারকা (অগ্নি শিখা) কখন বিস্ফোরণ হবে?

হযরত ফিরোজ দায়লামি (রাঃ) বর্ণনা করেন, আল্লাহর রাসূল (সাঃ) বলেছেন, “কোন এক রমজানে আওয়াজ আসবে।” সাহাবাগণ জিজ্ঞেস করলেন, “হে আল্লাহর রাসূল! রমজানের শুরুতে? নাকি মাঝামাঝি সময়ে? নাকি শেষ দিকে?” রাসূলুল্লাহ (সাঃ) বললেন, “না, বরং রমজানের মাঝামাঝি সময়ে। ঠিক মধ্য রমজানের রাতে। শুক্রবার রাতে আকাশ থেকে একটি শব্দ আসবে। সেই শব্দের প্রচণ্ডতায় সত্তর হাজার মানুষ সংজ্ঞা হারিয়ে ফেলবে আর ৭০ হাজার বধির হয়ে যাবে।” সাহাবাগণ জিজ্ঞেস করলেন, “হে আল্লাহর রাসূল! আপনার উম্মতের কারা সেদিন নিরাপদ থাকবে?” রাসূলুল্লাহ (সাঃ) বললেন, “যারা নিজ নিজ ঘরে অবস্থানরত থাকবে, সিজদায় লুটিয়ে আল্লাহর আশ্রয় প্রার্থনা করবে এবং উচ্চ শব্দে আল্লাহু আকবর বলবে। পরে আরও একটি শব্দ আসবে। প্রথম শব্দটি হবে জিব্রাইল (আঃ) এর, দ্বিতীয়টি হবে শয়তানের। ঘটনার পরম্পরা এরূপ (Red nova বিস্ফোরণের) শব্দ আসবে রমজানে। ঘোরতর যুদ্ধ সংঘটিত হবে শাওয়ালে। আরবের গোত্রগুলো বিদ্রোহ করবে জুলকা'দা মাসে। হাজী লুণ্ঠনের ঘটনা ঘটবে জিলহজ্জ মাসে। আর মুহাররমের শুরুটা আমার উম্মতের জন্য বিপদ। শেষটা মুক্তি। সেদিন মুসলমান যে বাহনে চড়ে মুক্তি লাভ করবে, সেটি তার কাছে এক লাখ মূল্যের বিনোদন সামগ্রীতে পরিপূর্ণ ঘরের চেয়েও বেশি উত্তম বলে বিবেচিত হবে।” **(মাজমাউজ জাওয়ায়েদ, খণ্ড ৭, পৃষ্ঠা ৩১০)**

রাসূলুল্লাহ (সাঃ) এর হাদিস ও বিজ্ঞানীদের গবেষণা এবং Red nova star এর বিস্ফোরণ অনুযায়ী ২০২২ সালের ১৬ই এপ্রিল বা, ১৪ই রমজান শুক্রবার ভোর রাতে, ঠিক ফজরের ওয়াক্তে এই বিস্ফোরণটি হবে (সৌদি আরবের সময় অনুযায়ী) আর বাংলাদেশের সময় অনুযায়ী মধ্যরাতে। তাই সামনের দিনগুলোতে বিশেষ করে রোজার মাসে অবশ্যই প্রতিটি মুসলমানের এই বিষয়ে সতর্ক থাকতে হবে। (তবে সুনির্দিষ্ট সময় কেবল আল্লাহ ভালো জানেন)

আমি কেবল বিজ্ঞানীদের গবেষণা ও হাদীসের তথ্য অনুযায়ী সময় বের করেছি। এটা ভুলও হতে পারে আবার সঠিকও হতে পারে।

এই তারকা (অগ্নি শিখা) দেখা দিলে আমাদের কি করতে হবে?

"আমি আল্লাহর নামে শপথ করে বলছি, একটি অগ্নি গোলা/অগ্নি শিখা তোমাদেরকে ঘিরে ফেলবে। এই আগুন বর্তমানে বেরেহাট উপত্যকায় সুপ্ত অবস্থায় রয়েছে। এই আগুন লোকদেরকে ঘিরে ফেলবে, মানুষ ও সম্পদসমূহকে পুড়িয়ে ফেলবে। পৃথিবীর সর্বত্র এটা মেঘের মতো ঘুরে বেড়াবে। এই আগুনের তাপমাত্রা দিনের বেলা থেকে রাতের বেলা বেশি হবে। ইহা পৃথিবীর কেন্দ্রের মধ্যে অনুপ্রবেশ করে, মানুষের মাথার উপর অবস্থান করতে থাকবে। এই আগুন ভয়ংকর শব্দ সৃষ্টি করতে থাকবে, যেমন আকাশ ও স্থলভাগের মধ্যে বজ্রপাত হয়।" **(গ্রন্থঃ মুখতাসার তাজকিরাহ, লেখকঃ ইমাম কুরতুবী রহঃ, পৃষ্ঠা ৪৬১)**

হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) এরশাদ করেছেন, "যখন রমযান মাসে (Red nova star বিস্ফোরণের) বিকট আওয়াজ প্রকাশিত হবে, শাওয়াল মাসে যুদ্ধের ঝংকার শুনবে, জিলকদ মাসে বিভিন্ন গোত্রের মাঝে মতপার্থক্য দেখা দিবে, জিলহজ্ব মাসে রক্তপাত হবে। মুহাররম মাসে, মুহাররম কি? সে মাসে বিভিন্ন ধরনের মারামারি, হানাহানি, ঝগড়া-ফাসাদ চলতে থাকবে। এ কথাটি তিনি তিনবার বলেছেন। তিনি বলেন, আমরা জিজ্ঞেস করলাম, ইয়া রাসূলুল্লাহ! জায়হাহ্ কি? জবাবে রাসূলুল্লাহ (সাঃ) বললেন, এটা অর্ধ রমাযান মাসের জুমার রাত্রে প্রকাশ পাবে। যার কারণে ঘুমন্ত ব্যক্তিরা জাগ্রত হয়ে যাবে, দাড়ানো অবস্থায় থাকা লোকজন বসে যাবে, কুমারী নারীগণ ভয়-আতঙ্কে পর্দার ভিতর থেকে বেরিয়ে আসবে। এটা হবে এক জুমার রাত্রিতে, এমন এক বৎসর যখন অধিকহারে ভূমিকম্প হবে। সুতরাং তোমরা জুমার দিন নামায আদায় করার সাথে সাথে ঘরে প্রবেশ করে দরজা-জানালা লাগিয়ে দিবে। নিজেদেরকে চাদরাবৃত করলেও কানকে সজাগ রাখবে। যখনই বিকট কোনো আওয়াজ শুনতে পাবে, তখনই আল্লাহর দরবারে সেজদাবনত হয়ে যাবে এবং সুবহানাল কুদ্দুছ, সুবহানাল কুদ্দুছ বলতে থাকবে।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৩৮)**

আমাদের যা করতে হবে? (সংক্ষেপে)

১। আল্লাহর কাছে সকল পাপের জন্য তাওবা করতে হবে।

২। শুক্রবার রাতে বিস্ফোরণের পূর্বেই নিজের ঘরে অবস্থান করতে হবে এবং দরজা জানালা সব বন্ধ করে দিতে হবে। কোনভাবেই বাইরে বা, খোলা আকাশের নিচে অবস্থান করা যাবে না।

৩। বিস্ফোরণের আওয়াজ শোনামাত্রই জোরে জোরে তাকবির দিতে হবে, সেজদায় গিয়ে সুবহানাল কুদ্দুস সুবহানাল কুদ্দুস পাঠ করতে হবে।

৪। এই তারকা (অগ্নি শিখা) নিদর্শন প্রকাশের পর মানবজাতির দুঃখ, দুর্দশা, কষ্ট, দুর্ভিক্ষ দেখা দিবে।

৫। এক বছরের খাদ্য মজুদ করে রাখতে হবে।

৬। যত দ্রুত সম্ভব শহর ছেড়ে গ্রামে চলে যেতে হবে।

Red Nova বিস্ফোরণের পূর্বেই এক বছরের জন্য খাদ্য মজুদ করে রাখতে হবে

হযরত কাসির ইবনে মুররা আল হাজরনী (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, "রমাযান মাসে আসমানে বিভিন্ন আলামত (Red nova Star বিস্ফোরণ) প্রকাশ পেতে থাকলে মানুষের মাঝে ব্যাপক এখতেলাফ (মতপার্থক্য) দেখা দিবে। তুমি এমন অবস্থা প্রাপ্ত হলে (দেখলে) তোমার সাধ্যানুযায়ী খাবারের মজুদ করে রাখ।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৩৪)**

হযরত খালেদ ইবনে মা'দান (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, "অতিসত্ত্বর পূর্বদিক থেকে আগুনের তৈরি পিলারের ন্যায় এক নিদর্শন প্রকাশ পাবে। যেটা জমিনের সকলে দেখবে। তোমাদের কেউ এমন যুগপ্রাপ্ত হলে, সে যেন তার পরিবারের জন্য এক বৎসরের খোরাকী (খাদ্য) প্রস্তুত রাখে।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৩৩)**

কেন আমাদেরকে ১ বছরের জন্য খাদ্য সংগ্রহ করে রাখতে হবে?

রাসূলুল্লাহ (সাঃ) ও তার সাহাবীরা কেন পূর্বাকাশে উজ্জ্বল তারকা দেখলে আমাদেরকে এক বছরের জন্য খাদ্য মজুদ করে রাখতে বলেছেন, তা একটু বৈজ্ঞানিকভাবে ব্যাখ্যা করা প্রয়োজন।

১। Red nova star বিস্ফোরণের পর মেঘের মতো যে লাল আভা আকাশে ছড়িয়ে পরবে, সেগুলো মূলত তাপমাত্রা বৃদ্ধি করতে সাহায্য করবে। কারণ, KIC9832227 দুটি তারকাতে অগ্নি পরিবাহী উপাদান রয়েছে। আর এগুলো তাপমাত্রা বৃদ্ধির আরো একটি কারণ হল, এসব ছড়িয়ে পরা উপাদানগুলোতে আবার সূর্যের তাপ পরবে। সহজ ভাষায় বললে, মনে করেন এখন স্বাভাবিক তাপমাত্রা হল ৩৫ ডিগ্রি থেকে ৪৫ ডিগ্রি। কিন্তু Red nova বিস্ফোরণের পর তাপমাত্রা হবে ৭০ ডিগ্রি থেকে ৮০ ডিগ্রি।

আর তাপমাত্রা যখন ৭০ ডিগ্রি থেকে ৮০ ডিগ্রি হবে, স্বাভাবিকভাবেই মাঠের সকল ফসল ফলাদি জ্বলে পুড়ে ছাই হয়ে যাবে। নদ নদী, খাল বিল, পুকুরের পানি শুকিয়ে যাবে। এমনকি ভূগর্ভস্থ পানির স্তর ও নিচে নেমে যাবে। গবাদি পশু গরু, ছাগল, ভেড়া, গাদা, হাস, মুরগি সব মরে যাবে। এমনকি পোকা মাকর, অন্যান্য বন্য প্রাণীগুলোও মরে যাবে।

২। গাছপালা, শাকসবজি এগুলো মূলত সূর্যের তাপ, আলো, পানি ও কার্বন ডাই অক্সাইড গ্রহণের মাধ্যমে বেড়ে উঠে এবং ফুল, ফল-মূল ও অক্সিজেন দেয়। কিন্তু যখন ৪০ দিন সূর্যের আলো পৃথিবীতে পরবে না, তখন স্বাভাবিকভাবেই মাঠের ফসল ফলাদি ও শাক সবজিগুলো নষ্ট হয়ে যাবে এবং অত্যধিক তাপমাত্রার কারণে জ্বলে পুড়ে ছাই হয়ে যাবে।

৩। যখন তাপমাত্রা ৭০ ডিগ্রি থেকে ৮০ ডিগ্রি হয়ে যাবে, তখন খুব দ্রুতই এন্টার্কটিকা, গ্রীনল্যান্ড, সাইবেরিয়া অঞ্চল ও হিমালয় পর্বতের বরফ গলতে থাকবে। যার কারণে সমুদ্র পৃষ্ঠের পানির স্তর কয়েক মিটার বেড়ে যাবে। যার ফলে পৃথিবীর নিচু এলাকাগুলো যেমন বাংলাদেশের দক্ষিণ অঞ্চল, মালদ্বীপ, ইন্দোনেশিয়ার দ্বীপসমূহ, মালয়েশিয়া, সিঙ্গাপুর, ইরাকের বসরা কুফা নগরী,

কুয়েতসহ অন্যান্য এলাকা পানির নিচে চলে যাবে। আর হাদীসেও আছে ইরাকের বসরা ও কুয়েত অঞ্চলসমূহ পানিতে ডুবে যাবে।

হাদিসে বর্ণিত আছে, "ইমাম মাহদীর আবির্ভাব পূর্বে এক তৃতীয়াংশ মানুষ মারা যাবে যুদ্ধ, বিগ্রহ, তরবারি ও রক্তপাতের কারনে। আর এক তৃতীয়াংশ মারা যাবে ক্ষুধা, দুর্ভিক্ষ ও মহামারীর কারণে।"

সামনের দিনগুলোতে যে আমাদের জন্য বিপদের পর বিপদ অপেক্ষা করছে, সেটা কেবল আখিরুজ্জামান নিয়ে পড়াশোনা করলে বুঝা যায়। তাই সময় থাকতেই আল্লাহর দিকে ফিরে আসুন নয়ত লাঞ্ছনা, অপমান, দুর্ভিক্ষ, ক্ষুধার তীব্র যন্ত্রণা আর ধুকে ধুকে মরার জন্য অপেক্ষা করুন।

(১৪) ফোরাত নদীর তীরে সোনার পাহাড় কোথায় এবং কবে ভেসে উঠবে? (২০২৩ সালে ইনশাল্লাহ)

ইমাম মাহদী (আঃ) এর আগমনের পূর্বে ফোরাত নদীর তীরে স্বর্ণের পাহাড় ভেসে উঠা কিয়ামতের অন্যতম আলামত। বর্তমানে পৃথিবীর অধিকাংশ মানুষের মধ্যেই সম্পদের লোভ মারাত্মক আকার ধারণ করেছে। আর তাই আল্লাহতা'য়ালা কিছু লোভী প্রকৃতির মানুষকে ফোরাত নদীর তীরে স্বর্ণের পাহাড় প্রকাশ করে পৃথিবী থেকে নির্মূল করে দিবেন। মূলত এই আলামতটি আমাদের একেবারেই নিকটবর্তী। কিন্তু আমাদের মাঝে পর্যাপ্ত হাদীসের জ্ঞান না থাকার কারণে, আমরা কেউই বিষয়টি নিয়ে মানুষকে সতর্ক করছি না।

হযরত আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, "অদূর ভবিষ্যতে ফোরাত সোনার ভাণ্ডার উন্মুক্ত করে দেবে। সে সময়ে যে ওখানে উপস্থিত থাকবে, সে যেন তার থেকে কিছুই গ্রহণ না করে।" (সহিহ বুখারি, খণ্ড ৬, পৃষ্ঠা ২৬০৫; সুনানে তিরমিজি, খণ্ড ৪, পৃষ্ঠা ৬৯৮)

হযরত আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, "সেই পর্যন্ত কেয়ামত সংঘটিত হবে না, যতক্ষণ না ফোরাত থেকে সোনার পাহাড় বের হবে। তার জন্য মানুষ যুদ্ধ করবে এবং প্রতি একশ জনে

নিরানব্বই জন লোক মারা যাবে। যে কজন জীবনে রক্ষা পাবে, তারা প্রত্যেকে মনে করবে, বোধ হয় একা আমিই জীবিত আছি।” (সহিহ মুসলিম, খণ্ড ৪, পৃষ্ঠা ২২১৯)

ফোরাত নদী কোথায় অবস্থিত এবং বর্তমানে ফোরাত নদীর অবস্থা কি?

ফোরাত নদী (Euphrates river) তুরস্ক থেকে সিরিয়ার উপর দিয়ে ইরাকে গিয়ে শেষ হয়েছে। এর দৈর্ঘ্য ২৭০০ কি.মি. এবং এর ৯০% পানির উৎস হল তুরস্কের মুরাত নদী (Murat river) এবং কারাসু নদী (karasu river)। তুরস্কের বিরেচিক, সিরিয়ার রাক্কা প্রদেশ, দেইর আজ জুর, মাদায়েন, আবু কামাল, ইরাকের আল কায়েম, হাদিথা, রামাদি, ফালুজা, নাজাফ, নাসিরিয়া, কুফা শহরগুলো মূলত এই ফোরাত নদীর উপরেই নির্ভরশীল। কিন্তু বিভিন্ন সময়ে তুরস্ক, সিরিয়া ও ইরাক সরকার এখন পর্যন্ত ১২টি ছোট বড় বাঁধ নির্মাণ করার কারণে ১৯৯৯ সালের পরে ফোরাত নদীর পানি আশংকাজনকহারে কমতে শুরু করেছে। হাদীসে বলা হয়েছে, ফোরাত নদীর পানি শুকিয়ে স্বর্ণের পাহাড় আবিষ্কৃত হবে। বর্তমান অবস্থার সাথে মিলিয়ে দেখলে বুঝা যায়, সেটি খুব বেশি দূরে নয়। কারণ Global water forum এর গবেষণায় দেখা গেছে, ফোরাত নদীর পানি খুব দ্রুত কমে যাচ্ছে। লিংকঃ

http://www.globalwaterforum.org/2017/07/31/changes-in-the-water-quantity-and-quality-of-the-euphrates-river-are-associated-with-natural-aspects-of-the-landscape/

এছাড়াও ফোরাত নদীর পানির বর্তমান অবস্থা জানতে এই ভিডিওগুলো দেখতে পারেন। লিংকঃ https://youtu.be/3cZc9IyNIUE

ফোরাত নদীর তীরে সোনার পাহাড় কি ইতোমধ্যেই প্রকাশ পেয়েছে?

ফোরাত নদীর তীরে সোনার পাহাড় প্রকাশ পাওয়া সংক্রান্ত হাদিস সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান না থাকায় বর্তমানে অনলাইনে কিছু নামদারি গবেষক বলতে শুরু করেছেন, স্বর্ণের পাহাড় নাকি ইতোমধ্যেই প্রকাশ পেয়েছে? যাদের মধ্যে শাইখ ইমরান নজর ও তার অনুসারীরা অন্যতম। যদিও আরববিশ্বের কোন ইসলামিক স্কলারদের কেউ

এখন পর্যন্ত এরকম উদ্ভট ব্যাখ্যা করেননি। তাদের যুক্তি হল, বর্তমান বিশ্বে তেলের চাহিদা সবচেয়ে বেশি, আর তৈলকে যেহেতু (Black gold) বলা হয়ে থাকে, তাই তৈল, গ্যাস এসবই হল হাদীসে বর্ণিত সোনার পাহাড়। আর তাদের এসব যুক্তি যে, একেবারেই বানোয়াট ও মূর্খের পর্যায়ে পড়ে তা বিশ্লেষণ করা হলঃ

১। রাসূলুল্লাহ (সাঃ) এর হাদীসে তৈল সংক্রান্ত কিছু বোঝাতে তিনি 'কাফিসু' (قفيز) শব্দটি ব্যবহার করেছেন। টাকা পয়সার জন্য 'দিরহাম' (درهم) শব্দটি ব্যবহার করেছেন। আর স্বর্ণের জন্য 'জাহাবুন' (جبل من ذهب) শব্দটি ব্যবহার করেছেন। **(সহিহ মুসলিম, হাদিস নং ৭০১৩ ই.ফা.)**

তাই যেখানে রাসূলুল্লাহ (সাঃ) স্বর্ণের পাহাড় বোঝাতে 'জাহাবুন মিন জাবাল' বলেছেন, সেখানে হাদীসের ইংরেজী অনুবাদ পড়ে Gold কে আবার black gold ভেবে তৈলের সাথে তুলনা করা মূর্খতা ছাড়া আর কিছুই না।

২। ফোরাত নদীতে স্বর্ণের পাহাড় ভেসে উঠবে প্রথম সুফিয়ানীর উত্থানের পর, যেহেতু এখনও প্রথম সুফিয়ানীর উত্থান হয়নি, তাই স্বর্ণের পাহাড় প্রকাশ পেয়েছে এরকম সকল ব্যাখ্যা বাতিল বলে গণ্য হবে।

৩। স্বর্ণের পাহাড় ভেসে উঠবে সিরিয়ার ফিতনা **১২** বছর অতিক্রান্ত হওয়ার পর রমজান মাসে। তাই এখনই স্বর্ণকে তৈল বানিয়ে ব্যাখ্যা করা পাগলামি ছাড়া আর কিছুই না।

৪। স্বর্ণের পাহাড়কে কেন্দ্র করে যে যুদ্ধ হবে তাকে বলা হয়েছে 'কিরকিসিয়ার যুদ্ধ' এবং এই যুদ্ধে কেবলমাত্র তিনটি পক্ষ থাকবে। তুরস্ক, রোম (আমেরিকা), এবং সুফিয়ানী। তাই এই যুদ্ধকে তৃতীয় বিশ্বযুদ্ধ কিংবা আমাক প্রান্তের মালহামা মনে করাও বোকামি।

৫। স্বর্ণের পাহাড় দখল করতে আসা তুরস্ক, আমেরিকা ও সুফিয়ানীর ৯৯% যোদ্ধা নিহত হবে। যার সর্বমোট সংখ্যা হবে ১ লক্ষ কিংবা ১ লক্ষ ৬০ হাজার। তাই স্বর্ণের পাহাড় দখলের জন্য যে যুদ্ধ হবে সেখানে কোটি কোটি মানুষ মারা যাবে এরকম ব্যাখ্যা করাও বোকামি।

স্বর্ণের পাহাড় কবে ভেসে উঠবে?

বিশিষ্ট সাহাবী হযরত আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, "চতুর্থ ফিৎনা হচ্ছে, অন্ধকার অন্ধত্বপূর্ণ ফিৎনা। যা সমুদ্রের ঢেউয়ের ন্যায় উত্তাল হয়ে উঠবে, আরব অনারবের কোনো ঘর বাকি থাকবে না, যেখানে উক্ত ফিৎনা প্রবেশ করবে না? এই ফিতনা দ্বারা মুসলমানেরা লাঞ্ছিত অপদস্ত হতে থাকবে। ফিৎনাটি শাম দেশে (সিরিয়ায়) চক্কর দিতে থাকলেও রাত্রিযাপন করবে ইরাকে। তার হাত পা দ্বারা আরব ভূখন্ডের ভিতরে বিচরণ করতে থাকবে। উক্ত ফিৎনা এ উম্মতের সাথে চামড়ার সাথে চামড়া মিশ্রিত হওয়ার ন্যায় মিশে যাবে, তখন বালা মুসিবত এত ব্যাপক ও মারাত্মক আকার ধারণ করবে যা দ্বারা মানুষ ভালো খারাপ নির্ণয় করতে পারবেনা। ঐ মুহুর্তে কেউ উক্ত ফিৎনা থামানোর সাহস ও রাখবে না। একদিকে একটু শান্তির সুবাতাস বইলেও অন্যদিকে ফিৎনা তীব্র আকার ধারণ করবে। সকালবেলা কেউ মুসলমান থাকলেও সন্ধা হতে হতে সে কাফের হয়ে যাবে। উক্ত ফিৎনা থেকে কেউ বাঁচতে পারবে না। কিন্তু শুধু ঐ লোক বাঁচতে পারে, যে সমুদ্রে ডুবন্ত ব্যক্তির ন্যায় করুন সুরে আকুতি জানাতে থাকে। সেটা প্রায় ১২ বৎসর পর্যন্ত স্থায়ী থাকবে এবং এক পর্যায়ে সকলের কাছে সবকিছু স্পষ্ট হয়ে উঠবে। ইতোমধ্যে ফুরাত নদীতে স্বর্ণের একটি ব্রিজ (পাহাড়) প্রকাশ পাবে। যা দখল করার জন্য সকলে যুদ্ধে জড়িয়ে যাবে এবং প্রতি নয় জনের সাতজন মারা পড়বে।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৬৭৬)

হযরত আবু হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, "চতুর্থ ফিতনা বা যুদ্ধ ১২ বছর স্থায়ী হবে। যখন অবসান হবে তখন অবসান হবে। (অর্থাৎ ১২ বছর সময় শেষ হবে তারপর) স্বর্ণের পাহাড় থেকে ফুরাতকে খুলে দেওয়া হবে। অতপর তার উপর প্রত্যেক নয় জনের সাত জনকে হত্যা করা হবে।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৯৭০)

আল্লাহ আকবর!! আমরা সবাই জানি চতুর্থ ফিতনা বা, সিরিয়া যুদ্ধ শুরু হয়েছে ২০১১ সালে। আর বর্তমান অবস্থা ১২ বৎসর স্থায়ী থাকবে, তারপর ফোরাত নদীর তীরে সোনার পাহাড় ভেসে ওঠবে। অর্থাৎ ২০১১+১২ = ২০২৩ সালের রমজান মাসে (অর্থাৎ ২০২৩ সালের ২২ই মার্চ থেকে ২০ই এপ্রিলের মধ্যে) ইনশাআল্লাহ।

তবে কিতাবুল ফিতানের ৯৭২ নং হাদীসে বলা হয়েছে, চতুর্থ ফিতনা ১৮ বছর স্থায়ী থাকবে তারপর ফোরাত নদীর তীরে সোনার পাহাড় ভেসে উঠবে। এই মতটি গ্রহণ করেছেন, লেবাননের প্রখ্যাত আলেম আল্লামা আলী আল কুরানী। তিনিও বলেছেন চতুর্থ ফিতনা ১৮ বছর স্থায়ী থাকবে তারপর ফোরাত নদীতে সোনার পাহাড় ভেসে উঠবে। অর্থাৎ ২০১১+১৮ = ২০২৯ সালে। কিন্তু আমি ব্যক্তিগত ভাবে সুফিয়ানী ও মাহদীর উত্থান নিয়ে ব্যাপক গবেষণার পর মনে করি, চতুর্থ ফিতনা ১২ বছর স্থায়ী থাকবে এই মতটি বেশি গ্রহণযোগ্য।

কোথায় স্বর্ণের পাহাড় ভেসে ওঠবে?

সিরিয়ার দেইর-আজ-জুর (Deir-ez-zur) প্রদেশের কিরকিসিয়া নামক ঐতিহাসিক এলাকার নিকটবর্তী স্থানেই ২০২৩ সালে স্বর্ণের পাহাড় ভেসে ওঠবে (ইনশাল্লাহ)। আমাদের জন্য উদ্বেগের বিষয় হল, সিরিয়ার দেইর আজ জুর প্রাদেশিক সরকার ২০০৯ সালে এই এলাকার শুষ্ক মৌসুমে ঠিকমত কৃষিজমিতে ও শহরে পানি সরবরাহ নিশ্চিত করতে করার জন্য হালাবিয়্যাহ বাঁধ (Halabiya Dam) নির্মাণ করার কাজ শুরু করে, যেটি ২০১২ সালে শেষ হয়েছে। তারপর থেকেই দেইর আল জুর প্রদেশে পানির স্বল্পতা দেখা যাচ্ছে। তাই বর্তমান পরিস্থিতি হাদীসের বর্ণনার সাথে পুরোপুরি মিলে যাচ্ছে।

হযরত আরতাত (রহঃ) থেকে বর্ণিত, তিনি এরশাদ করেন, "যখন তুর্কী (তুরস্ক), রোম (আমেরিকা) এবং খাসাফ জাতি (রাশিয়া) দামেস্কের এক প্রান্তরে জমায়েত হবে এবং দামেস্কের মসজিদের পশ্চিম প্রান্তে আরেকদল ভুপাতিত হবে তখনই শাম দেশে (সিরিয়াতে) আবকা (Tuareg Militant), আসহাব (Islamic state) এবং সুফিয়ানীদের তিনটি ঝান্ডা প্রকাশ পাবে। দামেস্ক এলাকাকে জনৈক লোক (বাশার আল আসাদ) অবরুদ্ধ করে রাখবে। এক পর্যায়ে সেই লোক (বাশার আল আসাদ) এবং তার সাথীদেরকে (সিরিয়া, ইরান, রাশিয়া, হিজবুল্লাহ ও শিয়া মিলিশিদের) হত্যা করা হলে, বনু সুফিয়ান থেকে আরো দুইজন (প্রথম সুফিয়ানী ও দ্বিতীয় সুফিয়ানী) লোকের আত্মপ্রকাশ হবে। তখন যেন (শিয়াদের জন্য) দ্বিতীয় বিজয় পাওয়া গেল। অতঃপর যখন আবকা গোত্রের লোকজন (Tuareg Militant) মিশর থেকে এগিয়ে আসবে তখনই সুফিয়ানী তার সৈন্যদের সাহায্যে

তাদের সামনে আত্মপ্রকাশ করবে। রোম (আমেরিকা) এবং তুর্কীরা (তুরস্ক) মিলে কিরকিসিয়া (দেইর আজ জুর) নামক স্থানে তাদেরকে হত্যা করবে এবং তাদের গোশত দ্বারা জঙ্গলে বাঘ-ভল্লুকরা তৃপ্ত হবে।" (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ৮৩৩)

স্বর্ণের পাহাড়কে কেন্দ্র করে কার বিরুদ্ধে কে যুদ্ধ করবে?

সিরিয়ার দেইর আজ জুরের নিকটবর্তী ঐতিহাসিক কিরকিসিয়া নামক স্থানে যখন স্বর্ণের পাহাড়টি ভেসে উঠবে। তখন সিরিয়ায় প্রথম সুফিয়ানী ক্ষমতায় থাকবে। সে কালো পতাকাবাহী আসহাব জাতি (Islamic state) এবং হলুদ পতাকাবাহী তাওয়ারেগ (Tuareg) দেরকে সিরিয়া থেকে বিতাড়িত করে নিজের ক্ষমতা পাকাপোক্ত করবে। তার পরেই ২০২৩ সালে রমজান মাসে (ইনশাল্লাহ) ফোরাত নদীতে স্বর্ণের পাহাড় ভেসে উঠবে, তখন তুরস্ক ও আমেরিকান জোট এটি দখল করতে এগিয়ে আসবে। তখন প্রথম সুফিয়ানী তাদের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হবে এবং এই যুদ্ধে ১ লক্ষ বা, ১ লক্ষ ৬০ হাজার লোক নিহত হবে। কিন্তু কেউ এটি দখল করতে পারবে না।

তবে সত্যিকারের মুসলমানদের জন্য আনন্দের বিষয় হল, ফোরাত নদীতে ভেসে ওঠা স্বর্ণের পাহাড় দখলের জন্য কোন হেদায়েতকারী দল বা, পতাকা যুদ্ধে জড়াবে না। কেবলমাত্র মুনাফিক, মুরতাদ ও কাফেরদেরকে আল্লাহতা'য়ালা সোনার পাহাড় উন্মুক্ত করে শাস্তি প্রদান করবেন।

অর্থাৎ নিকট ভবিষ্যতে ঘটনা পরিক্রমায় যা ঘটবে

১। তুরস্ক ও আমেরিকার বিরুদ্ধে যুদ্ধের কারণে সিরিয়াতে শিয়া নুসাইরী ও আলাবী সম্প্রদায় ব্যাপকভাবে হামলার মুখে পরবে এবং একইসাথে ইরাক ও সিরিয়াতে পুনরায় কালো পতাকাবাহী আসহাব জাতি (Islamic state) এর ব্যাপক উত্থান হবে ।

২। দামেস্কের নিকটবর্তী হারাস্তা নামক এলাকায় একটি বড় ধরনের ভূমিধ্বস ঘটবে, যার কারণে রাশিয়া ও তাদের সহযোগীদের ১ লক্ষ লোক নিহত হবে।

৩। লিবিয়া, আলজেরিয়া, মালি ও মিশরে কালো পতাকাবাহী আসহাব জাতির (Islamic state) সাময়িক সময়ের জন্য ব্যাপক উত্থান হবে। (ইতোমধ্যেই তারা ২০১৯ সালের ফেব্রুয়ারি ও মার্চ মাসে এই অঞ্চলে ৫ম সাহেল অভিযানের জন্য ব্যাপকভাবে সংগঠিত হওয়া ও প্রস্তুতি নিচ্ছে)

৪। লিবিয়া, আলজেরিয়া, মালি ও মিশরে আসহাব জাতি (Islamic state) উত্থানের পর তাদের দমন করার জন্য হলুদ পতাকাবাহী বর্বর আবকা জাতি তাওয়ারেগ (Tuareg) সম্প্রদায়ের উত্থান হবে।

৫। হলুদ পতাকাবাহী আবকা জাতি তাওয়ারেগ (Tuareg) সম্প্রদায় কর্তৃক লিবিয়া, মিশর জর্ডান দখলের পর সিরিয়ার হোমস শহরে এসে শহরটিকে ১৮ মাস অবরুদ্ধ করে রাখবে।

৬। হঠাৎ করে দক্ষিণ সিরিয়া ওয়াদিউল ইয়াবেস (Daraa শহর থেকে) বানু কাল্ব গোত্রের প্রথম সুফিয়ানীর উত্থান হবে, সে সিরিয়া থেকে কালো পতাকাবাহী আসহাব জাতি (Islamic state) এবং হলুদ পতাকাবাহী বর্বর আবকা জাতি (Tuareg Militant) সম্প্রদায়কে পরাজিত করে বের করে দিবে।

৭। সিরিয়ার দেইর-আজ-জুর এর নিকটবর্তী কিরকিসিয়া নামক স্থানে ফোরাত নদীতে ২০২৩ সালের রমজান মাসে স্বর্ণের পাহাড় ভেসে ওঠবে।

৮। ফোরাত নদীর তীরে স্বর্ণের পাহাড়কে দখল করার জন্য তুরস্ক ও আমেরিকান জোটের দেইর আজ জুরের নিকটবর্তী কিরকিসিয়া নামক স্থানে আসবে, তখন প্রথম সুফিয়ানী ও তাদের মধ্যে মারাত্মক যুদ্ধ বাধবে।

৯। কিরকিসিয়া যুদ্ধের পর ইরাকের কুফা (মসূল) নগরীতে কালো পতাকাবাহী আসহাব জাতির (Islamic state) উপর সুফিয়ানী বড় ধরনের গণহত্যা চালাবে এবং তাদের ৭০ হাজার লোক নিহত হবে।

১০। মিশরে হলুদ পতাকাবাহী বর্বর আবকা জাতিদেরকে (Tuareg Militant) সম্পূর্ণভাবে পরাজিত করার জন্য সুফিয়ানী কর্তৃক মিশর আক্রমণ করবে।

১১। খোরাসান (আফগানিস্তান ও তার পার্শ্ববর্তী দেশসমূহ থেকে) শুয়াইব বিন সালেহ ও হারস হাররাস এর নেতৃত্বে কালো পতাকাবাহী দল নিয়ে ইরানের ইস্তাখর নামক স্থানে আসবে এবং তারা সুফিয়ানীকে পরাজিত করবে।

১২। খোরাসানের কালো পতাকাবাহী দলের উত্থানের ৬ বছর পর মক্কা নগরীতে ইমাম মাহদী (আঃ) এর আগমন হবে।

ইনশাল্লাহ....

(১৬) ইমাম মাহদী ও হযরত ইসা (আঃ) এর আত্মপ্রকাশ একই সময়ে হবে না। ইমাম মাহদীর মৃত্যুর পর কারা পর্যায়ক্রমে খলিফা হবেন?

আমাদের মুসলমানদের মধ্যে একটি ভুল ধারণা হচ্ছে, ইমাম মাহদীর যুগেই হযরত ঈসা (আঃ) আকাশ থেকে অবতরণ করবেন। তাদের ধারণাটা অনেকটা এরকম যে, ইমাম মাহদীর আবির্ভাবের পরেই তিনি সুফিয়ানীকে হত্যা করবেন, ঈসরাইলের বিরুদ্ধে যুদ্ধ করে ইহুদীদের কচুকাটা করবেন এবং জেরুজালেমকে খিলাফতের রাজধানী বানাবেন। ভারতের বিরুদ্ধে যুদ্ধ করে ভারত বিজয় করবেন। রাশিয়া, আমেরিকা, ও ইউরোপের বিরুদ্ধে যুদ্ধ করে তৃতীয় বিশ্বযুদ্ধে জয়লাভ করবেন। তারপর তার সময়েই দাজ্জাল আত্মপ্রকাশ করবে এবং সর্বশেষ হযরত ঈসা (আঃ) আকাশ থেকে অবতরণ করে ইমাম মাহদীর পিছনে নামাজ পরবেন এবং দাজ্জালকে হত্যা করবেন। অর্থাৎ ইমাম মাহদীর শাসনকাল ৭ বছরের মধ্যেই সব কিছু হয়ে যাবে। তারপর ঈসা (আঃ) ৪০ বছর রাজত্ব করবেন, তারপর সকল ইমানদার মুসলমানগণ একযোগে মৃত্যুবরণ করবেন। অর্থাৎ আগামী ৪৯ বছরের মধ্যে সব কিছু ঘটে যাবে। কিন্তু আসলেই কি তাদের ধারণা মত এরকম হবে? নাকি ইমাম মাহদী ও ঈসা (আঃ) আলাদা দুটি যুগে আসবেন?

কেন তারা এরকম ধারণা করছেন?

হযরত আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, "সেদিন কেমন হবে, যখন মরিয়মের পুত্র হযরত ঈসা (আঃ) তোমাদের মাঝে অবতরণ করে তোমাদেরই একজনের পিছনে ফজরের নামাজ আদায় করবেন?" **(সহিহ বুখারী)**

উল্লেখ এই হাদিসে কোথাও ইমাম মাহদীর কথা উল্লেখ করা হয়নি, বরং এখানে স্পষ্ট করে 'তোমাদের ইমামের' কথা বলা হয়েছে।

হযরত জাবের (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, "আমার উম্মতের একদল মুজাহিদ কিয়ামত পর্যন্ত শত্রুর উপর বিজয়ী থাকবে। একপর্যায়ে আকাশ থেকে ঈসা ইবনে মারিয়ম (আঃ) অবতরণ করলে মুসলমানদের সেনাপতি বলবে আসুন, নামাজের ইমামতি করুন! তখন ঈসা (আঃ) বলবেন না, বরং তোমাদের একজন অপরজনের নেতা (অর্থাৎ তুমি ইমামতি কর)। এটি এই উম্মতের জন্য আল্লাহতা'য়ালার পক্ষ থেকে একটি বিরাট সম্মানের।" **(সহিহ মুসলিম, মুসনাদে আহমাদ)**

এই হাদিসেও ইমাম মাহদীর কথা বলা হয়নি, বরং বলা হয়েছে, "তোমাদের একজন অন্যজনের আমীর"।

হযরত আবু সাঈদ খুদুরী (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, "ঈসা ইবনে মারিয়ম (আঃ) যার পিছনে নামাজ পরবেন, তিনি তোমাদের মধ্য থেকেই একজন।" **(হাদিসের মান সহিহ, 'কিতাব আল মাহদী' লেখকঃ হাফিজ আবু নাঈম রহঃ, 'ফাইয়াদ আল কাদির' লেখকঃ আল মানাওয়ী)**

এই হাদিসেও কোথাও ইমাম মাহদীর কথা উল্লেখ করা হয়নি, বরং এখানেও 'তোমাদের একজনের' কথা বলা হয়েছে।

হযরত উসমান ইবনে আবুল আস (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ (সাঃ) কে বলতে শুনেছি, "হযরত ঈসা (আঃ) ফজরের নামাযের সময় অবতরণ করবেন। তখন 'মুসলমানদের আমীর' তাঁর নিকট আবেদন জানাবেন, হে আল্লাহর রাসূল! আপনি

নামাজের ইমামতি করুন। তিনি বলবেন, এ উম্মত একে অন্যের উপর আমীর (অর্থাৎ তোমাদের জন্যই নামাজের ইকামত দেওয়া হয়েছে, তাই তোমরাই নামাজ পরাও) তখন আমীর অগ্রসর হয়ে নামায পড়াবেন।" **(মুসনাদে আহমদ, ৪র্থ খণ্ড, ২১৬ পৃষ্ঠা; দুররে মানসুর, ২য় খণ্ড, ২৪৩ পৃষ্ঠা; মুসতাদরাকে হাকিম, ৪র্থ খণ্ড, ৪৭৮ পৃষ্ঠা)**

এই হাদিসেও ইমাম মাহদীর কথা কোথাও বলা নেই, বরং বলা হয়েছে 'মুসলমানদের আমিরের' কথা। তাই বেশিরভাগ আবেগী মুসলমান মনে করেছেন, এ সকল হাদিসগুলোতে মুসলমানদের ইমাম বলতে, ইমাম মাহদীর কথা বলা হয়েছে। যদিও এই ধারণাটি একদমই ঠিক নয়। রাসূলুল্লাহ (সাঃ) এর এমন কোন সহিহ, হাসান ও জয়িফ হাদিসেও সরাসরি বলা হয়নি যে, হযরত ঈসা (আঃ) ও মুহাম্মদ ইবনে আব্দুল্লাহ আল মাহদী একই সময়ে আত্মপ্রকাশ করবেন। বরং অসংখ্য হাদিস রয়েছে, যে হাদিসগুলো নিয়ে গবেষণা করলে বুঝা যায়, হযরত ঈসা (আঃ) ও ইমাম মাহদীর আবির্ভাবের মধ্যে রয়েছে বিশাল একটা সময়ের ব্যবধান।

ইমাম মাহদী ও হযরত ঈসা (আঃ) একই সময়ে আবির্ভাব হবে না, তার প্রমাণসমূহ

(১) হযরত আবূ হুরাইরাহ (রাঃ) থেকে বর্ণিত যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন, "ক্বিয়ামাত সংঘটিত হবে না, যতক্ষণ না কাহ্তান গোত্র থেকে এমন এক লোক বের হবে, যে মানুষকে লাঠি দিয়ে তাড়িয়ে দেবে।" **(সহিহ বুখারী, আধুনিক প্রকাশনী ৬৬১৮, ইসলামিক ফাউন্ডেশন ৬৬৩২)**

যদি ইমাম মাহদী ও ঈসা (আঃ) একই সময়ে আত্মপ্রকাশ হয়, তাহলে তিনি কখন খলিফা হবেন? এই কাহতানী খলিফা সম্পর্কে আরো স্পষ্ট করে বলা হয়েছে কিতাবুল ফিতানের এই হাদিসটিতে।

হযরত আরতাত (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, "মাহদির মৃত্যুবরণ করার পর কাহতান গোত্রের উভয় কান ছিদ্রবিশিষ্ট একজন লোক শাসন ক্ষমতা গ্রহণ করবে। তার চরিত্র হবে হুবহু মাহদির মত। তিনি দীর্ঘ ২০ বৎসর পর্যন্ত শাসক হিসেবে থাকার পর, তাকে অস্ত্রের আঘাতে হত্যা করা হবে। এরপর রাসূলুল্লাহ (সাঃ) এর

বংশধর থেকে জনৈক লোকের আত্মপ্রকাশ হবে। যিনি উত্তম চরিত্রের অধিকারী হবেন। তার হাতে কায়সার সম্রাটের শহর (ইউরোপ) বিজয় হবে। তিনিই হবেন, রাসূলুল্লাহ (সাঃ) এর উম্মতের মধ্যে সর্বশেষ খলীফা বা বাদশাহ। তার যুগে দাজ্জালের আবির্ভাব হবে এবং সায়্যিদুনা হযরত ঈসা (আঃ) আসমান থেকে অবতরণ করবেন।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ ১২৩৪)**

(২) হযরত জাফর সাদিক (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, "কিভাবে আমার উম্মত ধ্বংস হয়ে যাবে? যখন এই উম্মতের শুরুতে আমি মুহাম্মদ (সাঃ) আছি, মধ্যখানে মাহদী রয়েছে, আর এই উম্মতের শেষে হযরত ঈসা ইবনে মারিয়ম (আঃ) রয়েছেন।" **(মিশকাত, হাকেম, কানজুল উম্মাল, রাজেন, তারিখে দিমাশক, তারিখ উল খিলাফাহ)**

(৩) হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, "আমার উম্মত ধ্বংস হয়ে যাবে না, কারণ (এই উম্মতকে পরিচালনা করার জন্য) শুরুতে আমি হযরত মুহাম্মদ (সাঃ) ও শেষে রয়েছেন মরিয়মের পুত্র হযরত ঈসা (আঃ)। আর আমাদের দুইজনের মধ্যখানে রয়েছেন ইমাম মাহদী।"

(এই হাদিসটি হাফেজ আবু নাঈম ও ইমাম আহমদ বিন হাম্বল (রহঃ) এর 'মুসনাদে আহমাদ' গ্রন্থে সংগ্রহ করেছেন, এছাড়াও নুয়াইম বিন হাম্মাদের 'আল ফিতান' এবং জালাল উদ্দিন সুয়ুতীর 'আল আরিফুল আরদি ফি আখবার আল মাহদী' বইতেও রয়েছে)

(৪) হযরত জাবের বিন সামুরা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসুল (সাঃ) কে আমি বলতে শুনেছি যে, "এই দ্বীন (ধর্ম) প্রতিষ্ঠিত থাকবে ততদিন পর্যন্ত, যতদিন না তোমাদের মাঝে **১২** জন খলিফাহ না আসে। তারা সবাই তাদের প্রত্যেক উম্মতকে নিজের নিকট একত্রিত করবে। সাহাবী বলেন, তারপর রাসুল (সাঃ) একটি কথা বললেন, তা আমি বুঝতে পারি নাই। আমি আমার পিতাকে প্রশ্ন করলাম রাসুল (সাঃ) কি বলেছেন? পিতা বললেন, তিনি বললেন, খলিফাহ সকলেই কুরাইশদের মধ্য থেকেই হবে।" **(সহিহ মুসলিম, আবু দাউদ ৪৯৭৯)**

‘উক্ত ১২ জন খলিফা সবাই হবেন কুরাইশ বংশের এবং তারা প্রত্যেকেই খেলাফতের সাথে সংশ্লিষ্ট থাকবেন এবং মুসলিমদেরকে ঐক্যবদ্ধ করবেন। শিয়া সম্প্রদায়ের মতে, ১২ জন খলিফাই হলেন আহলে বাইত তথা, হযরত আলী (রাঃ) এর বংশধর থেকে, এবং এই মতটি হল বাড়াবাড়ি ও ভুল। যদিও হাদিসে কুরাইশদের কথা বলা হয়েছে, আহলে বাইতের কথা বলা হয়নি।’ (তাফসীর ইবনে কাসীর)

তবে আহলে সুন্নাহ ওয়াল জামা’আর মতে, এখন পর্যন্ত ৪/৫ জন খলিফা হয়েছেন, অর্থাৎ ১২ জন খলিফার এখনো আত্মপ্রকাশ হয়নি। যেমনঃ

- হযরত আবু বকর সিদ্দিক (রাঃ)
- হযরত উমর ফারুক (রাঃ)
- হযরত উসমান ইবনে আফ্‌ফান (রাঃ)
- হযরত আলী ইবনে আবি তালিব (রাঃ)
- হযরত উমর ইবনে আব্দুল আজিজ (রাঃ)

তার মানে, ইমাম মাহদীর মৃত্যুর পরেও অনেক কুরাইশ বংশের খলিফা হবেন। কিন্তু কারা হবে তা নিচে আলোচনা করা হবে।

(৫) হযরত রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, “আমার (মৃত্যুর) পর আসবে খিলাফত, তারপর আসবে রাজতন্ত্র, তারপর অত্যাচারী রাজার শাসন, তারপর আবার অত্যাচারী রাজার শাসন। তারপর আরেক অত্যাচারী ব্যক্তির পর আমার বংশধর (ইমাম মাহদী) থেকে একজন আসবে। যিনি পৃথিবীকে ন্যায়বিচার দ্বারা পরিপূর্ণ করে দিবেন। তার পর আসবে কাহতানী। এটা এরকম সত্য, যেমনিভাবে আল্লাহ আমাকে সত্য সহকারে পাঠিয়েছেন, এর ব্যতিক্রম কখনো হবে না।”

(কানজুল উম্মাল, হাদিস নং ৩৮৭০৪, নুয়াইম বিন হাম্মাদের রচিত ‘কিতাবুল ফিতানে’ হাদিসটি আব্দুর রহমান বিন কায়েস বিন জাবের আল সাদাফী থেকে বর্ণিত হয়েছে)

(৬) উম্মুল মুমিনীন হযরত উম্মে সালামা (রাঃ) থেকে বর্ণিত তিনি, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, "মাহদী সাত বছর রাজত্ব করে মারা যাবে, মুসলমানরা তার জানাজার নামাজ আদায় করবে।" (শুধুমাত্র প্রাসঙ্গিক অংশটুকু উল্লেখ করা হয়েছে) (আবু দাউদ)।

যদি ইমাম মাহদী ও ঈসা (আঃ) একই সময়ে আবির্ভাব হতো, তাহলে ঈসা (আঃ) ই মাহদীর মৃত্যুর পর জানাজা নামাজ পড়াতেন, কারণ ঈসা (আঃ) থেকে যোগ্য ইমাম পৃথিবীতে কেউ থাকত না। এখানে স্পষ্ট করে বলা আছে, মাহদীর জানাজার নামাজ মুসলমানরাই আদায় করবেন, ঈসা (আঃ) নয়।

(৭) অপর এক বর্ণনায় বলা হয়েছে, "মাহদীর মৃত্যুর পর কোন কল্যাণ থাকবে না" (শুধুমাত্র প্রাসঙ্গিক অংশটুকু উল্লেখ করা হয়েছে) (মুসনাদে আহমাদ, হাদিসটি ড. আরেফী রচিত 'মহা প্রলয়' বইতেও রয়েছে)

মাহদীর মৃত্যুর পর পুনরায় বিশৃঙ্খলা, যুদ্ধ বিগ্রহ শুরু হবে এবং রক্তপাত ছড়িয়ে পরবে যার কারণে হাদিসে বলা হয়েছে, কোন কল্যাণ থাকবে না।

(৮) হযরত আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, "দিন-রাত্রি ততক্ষণ পর্যন্ত শেষ হবে না, যতক্ষণ না জাহজাহ নামক একজন কৃতদাস রাজত্বের মালিক না হয়।" (সহিহ মুসলিম, হাদিস নং ৭২০১, ইসলামিক ফাউন্ডেশন প্রকাশনী ৭০৪৫, ইসলামিক সেন্টার প্রকাশনী ৭১০১)

এই ক্রীতদাস খলিফার ব্যাপারে কিতাবুল ফিতানে একটি হাদীস রয়েছে। তিনি ইমাম মাহদীর মৃত্যুর পর আহলে বাইতের দুজন খলিফা হবেন, তারপর মুজারী বংশ থেকে কয়েকজন খলিফা হবেন, ঐ সময় তিনি খলিফা হবেন।

হযরত কা'বে আহবার (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, "যখন মানুষের মাঝে হত্যা ইত্যাদি বৃদ্ধি পাবে তখন লোকজন বলবে এ যুদ্ধ মূলতঃ কুরাইশদের সাথে সম্পৃক্ত। সুতরাং কুরাইশদেরকে হত্যা করলে তোমরা শান্তিতে বসবাস করতে পারবে। এ কথা শুনার পর সকলে মিলে কুরাইশদেরকে এমনভাবে হত্যা করবে, তাদের একজনও বাকি থাকবে না। কিন্তু এরপর মানুষ নিজেদের মধ্যে যুদ্ধে লিপ্ত

হবে, যেমন জাহেলী যুগে লিপ্ত ছিল এবং গোলামদের (ক্রীতদাস থেকে) একজন মানুষের শাসন ক্ষমতা (খিলাফত) গ্রহণ করবে।" **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ১১৫২)**

(৯) (নাজ্জাশীর ভাতিজা) হযরত যু-মিখবার (রাঃ) থেকে বর্ণিত, আমি রাসূলুল্লাহ (সাঃ) কে বলতে শুনেছি, "অদূর ভবিষ্যতে তোমরা রোমানদের (খ্রিস্টানদের) সাথে শান্তি চুক্তি করবে। পরে তোমরা ও তারা (খ্রিস্টানরা) মিলে তোমাদের পিছন দিককার (রাশিয়া) সাথে যুদ্ধ করবে। সেই যুদ্ধে তোমরা জয়ী হবে, গনিমত অর্জন করবে এবং নিরাপত্তা লাভ করবে। তখন এক খৃষ্টান ব্যক্তি ক্রুশ উঁচিয়ে ধরে বলবে, ক্রুশের জয়ী হয়ে গেছে। ফলে মুসলমানদের এক ব্যক্তি তাতে ক্রুদ্ধ হয়ে ক্রুশটিকে ভেঙ্গে ফেলবে। এই ঘটনার সুত্র ধরে রোমানরা (খ্রিস্টানরা) বিশ্বাসঘাতকতা (সন্ধি চুক্তি ভঙ্গ) করবে।" **(মিশকাত শরীফ, মহাযুদ্ধ অধ্যায়, দ্বিতীয় পরিচ্ছেদ)**

এই শান্তি চুক্তিটি হবে ১০ বছর বা, ৭ বছরের জন্য। ঐ সময়ে মুসলিম ও খ্রিস্টানরা মিলে তখনকার রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধ করবে, ইরানের কারমান প্রদেশ আক্রমণ করবে এবং কুফা নগরীকে ধ্বংস করবে। যদি ইমাম মাহদীর আমলেই সবকিছু হয়, তাহলে এটি কিভাবে হবে? উল্লেখ্য এই যুদ্ধ বিরতি শান্তি চুক্তিটি কোন শাসকের সময় সম্পাদনা করা হবে তা পরবর্তীতে উল্লেখ করা হবে।

(১০) হযরত আব্দুল্লাহ ইবনে বুছর (রাঃ) থেকে বর্ণিত, রাসুল (সাঃ) বলেছেন, "খ্রিস্টানদের বিরুদ্ধে মহাযুদ্ধ ও কনিষ্ট্যান্টিনোপল (ইস্তাম্বুল) বিজয়ের মধ্যে ব্যবধান হল ৬ বছর। আর সপ্তম বছরে দাজ্জাল আত্নপ্রকাশ করবে।" **(ইবনে মাজাহ, হাদিসটি সহিহ)**

হযরত হিশাম ইবনে আব্দুর রহমান হতে বর্ণিত যে, তিনি বলেন, আমার নিকট ঐ ব্যক্তি বর্ণনা করেছে, তিনি হযরত আলী (রাঃ) কে বলতে শুনেছেন যে, আর মাহদী সফর করবে এমনকি সে বাইতুল মুকাদ্দাসে (জেরুজালেম) অবতরণ করবে। তখন গুপ্ত সম্পদগুলো (তাবূত আস সাকীনা) তার দিকে চলে আসবে। আর আরবী, (আরবগণ) আজমী (অনারবী) যুদ্ধে লিপ্ত মানুষ, রোম (ইউরোপের

দেশসমূহ) এবং অন্যান্যরা কোন প্রকার যুদ্ধ ছাড়াই তার আনুগত্যে প্রবেশ করবে। এমনকি কুসতুনতুনিয়া (ইস্তাম্বুল) ছাড়াও অন্যান্য জায়াগায় মসজিদ স্থাপিত হবে। তবে তার আবির্ভাবের পূর্বে তার পরিবারের এক ব্যক্তি (হারস হাররাস) পূর্বাঞ্চল থেকে বের হবে। সে তার কাঁধে আট মাস তরবারী বহন করবে। সে যুদ্ধ করবে, অঙ্গ বিকৃতি করবে, এবং বাইতুল মুকাদ্দাসের দিকে অগ্রসর হবে কিন্তু সেখানে পৌছানোর পূর্বেই মারা যাবে। (হাদীসের শেষ অংশ উল্লেখ করা হয়েছে) (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ১০০৯)

এই দুটি সম্পূর্ণ দুই রকম কথা বলা হয়েছে, কারণ দুটি হাদীস আলাদা দুটি যুগের জন্য প্রযোজ্য। যদি ইমাম মাহদী ও ঈসা (আঃ) একই সময়ে আত্মপ্রকাশ হয়ে থাকে তাহলে এই দুটি হাদীসের ব্যাখ্যা কি হবে?

(১১) হযরত আবু বাহিলী (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, "দাজ্জালের আবির্ভাবের পূর্বে তিনটি বছর অনেক কষ্টকর হবে। এ সময় লোকজন দুর্ভিক্ষে পতিত হবে। আল্লাহতা'য়ালা প্রথম বছর আকাশকে নির্দেশ দিবেন এক তৃতীয়াংশ বৃষ্টি আটকে রাখার জন্য এবং জমিনকে নির্দেশ দিবেন এক তৃতীয়াংশ ফসল আটকে রাখার জন্য। দ্বিতীয় বছর আল্লাহতা'য়ালা আকাশকে নির্দেশ দিবেন দুই তৃতীয়াংশ বৃষ্টি আটকে রাখার জন্য এবং জমিনকে নির্দেশ দিবেন দুই তৃতীয়াংশ ফসল আটকে রাখার জন্য। তারপর তৃতীয় বছর আল্লাহতা'য়ালা আকাশকে নির্দেশ দিবেন সম্পূর্ণ বৃষ্টিপাত আটকে রাখার জন্য এবং জমিনকে নির্দেশ দিবেন সম্পূর্ণ ফসল আটকে রাখার জন্য। তখন তাকে জিজ্ঞেস করা হল, তাহলে তখন মানুষ কিভাবে বেঁচে থাকবে? তিনি বললেন, তাহলিল (আল্লাহর একত্ববাদ ঘোষণা), তাকবির (আল্লাহর বড়ত্ব ঘোষণা), তাহমিদের (আল্লাহর প্রশংসার) মাধ্যমে। এগুলোই মানুষের খাদ্যের প্রয়োজন পূরণ করবে।" (সুনানে আহমদ)

হযরত আবু সাইদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, "আখেরি জমানায় আমার উম্মতের মাঝে মাহদীর আবির্ভাব হবে। আল্লাহতা'য়ালা তার উপর কল্যাণের বারিধারা বর্ষণ করবেন। ভূ-পৃষ্ঠ থেকে সকল

গচ্ছিত সম্পদ উত্তোলন করা হবে। তিনি ধন সম্পদের সুসম বন্টন নিশ্চিত করবেন। গবাদি পশু বৃদ্ধি পাবে এবং মুসলিমরা তাদের হারানো গৌরব ফিরে পাবে।” **(মুস্তাদরাকে হাকেম, সনদ সহিহ)**

এখানেও দুটি হাদীসে দুই রকম কথা বলা হয়েছে, কারণ দুটি হাদীস আলাদা দুটি যুগের জন্য প্রযোজ্য। যদি ইমাম মাহদী ও ঈসা (আঃ) একই সময়ে আত্মপ্রকাশ হয়, তাহলে এই দুটি হাদীস কিভাবে ব্যাখ্যা করবেন? এই দুটি হাদীস থেকেও বুঝা যায়, ইমাম মাহদী ও ঈসা (আঃ) একই সময়ে আত্মপ্রকাশ হবে না।

ইমাম মাহদীর মৃত্যুর পর কারা খলিফা হবেন?

হযরত আব্দুল্লাহ ইবনে আমর ইবনুল আস (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, “মাহদীর মৃত্যুর পর (মুজার বংশের) এমন একজন শাসন ক্ষমতা গ্রহণ করবেন, যিনি ইয়েমেনবাসীদেরকে তাদের এলাকা থেকে বিতাড়িত করে দিবেন। অতঃপর (ইয়েমেনী) খলিফা মনসুর ক্ষমতার মালিক হবেন। এরপর মাহদী (আসবাইগ ইবনে ইয়াজিদ) নামে আরেকজন শাসনভার গ্রহণ করবেন, যার হাতে রোমানদের শহর বিজয় হবে।” (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ১১৮৬)

হযরত ওয়ালিদ (রহঃ) থেকে বর্ণিত তিনি বলেন, “আখেরী জমানায় মাহদী পৃথিবীর শাসন ক্ষমতা গ্রহণ করবে, তার যুগে ইনসাফ প্রতিষ্ঠা হবে। অতপর তার মৃত্যুর পর আহলে বাইতের আরেকজন ইনসাফগার লোক ক্ষমতা গ্রহণ করবে। তার মৃত্যুর পর এমন (মুজার বংশের) একজনের হাতে ক্ষমতা যাবে, সে সবসময় মানুষের উপর জুলুম অত্যাচার করতে থাকবে। একপর্যায়ে তাদের বংশের একজন ক্ষমতাসীন হবে এবং ইয়েমেন দখল করবে। এরপর পরই তার উপর আক্রমণ করে তাকে হত্যা করা হবে এবং মুহাম্মদ নামের একজনকে শাসক নিযুক্ত করা হবে। কতক ওলামায়ে কেরাম বলেন, তিনি ইয়েমেনের বাসিন্দা হবেন এবং তার মাধ্যমেই ভয়ংকর যুদ্ধ (আমাক প্রান্তের মহাযুদ্ধ) সংঘটিত হবে।” (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ১১৮৫)

হযরত কা’ব (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, “মাহদীর মৃত্যু হলে আহলে বাইতের (রাসূলুল্লাহ (সাঃ) এর বংশের) জনৈক লোক মানুষের যিম্মাদারী (খিলাফত) গ্রহণ করবে। তার মাঝে ভালো-খারাপ সবকিছু থাকলেও তার ভালো কাজ থেকে খারাপ কাজ অনেক বেশি হবে। তিনি মানুষের উপর খুবই রাগান্বিত হবে এবং মানুষের ঐকতাবদ্ধতার মধ্যে ফাটল সৃষ্টি করতে থাকবে। তবে তার হুকুমতের স্থায়িত্ব থাকবে খুবই কম সময়ের জন্য। তার অবস্থা দেখে আহলে বাইতের (রাসূলুল্লাহ (সাঃ) এর বংশের) অন্য আরেকজন লোক তার উপর হামলা করার মাধ্যমে তাকে হত্যা করবে। এরপর লোকজনের মধ্যে ভয়াবহ যুদ্ধ সংগঠিত হবে। এভাবে যুদ্ধ-বিগ্রহ চলার পর খুবই কম সংখ্যক মানুষ জীবিত থাকবে। এরপর আরো অনেক লোক মারা যাবে। অতঃপর পশ্চিমাদের মুজার গোত্রের আরেকজন লোক ক্ষমতা গ্রহণ করবে। সে মানুষকে কুফরীর প্রতি দাওয়াত দিবে এবং তাদের দ্বীন থেকে বের করে নিয়ে আসবে। দুই নাহরের (নদীর) মাঝামাঝি যায়গায় তার সাথে ইয়ামানবাসিদের যুদ্ধ সংগঠিত হবে এবং আল্লাহতা’আলা ঐ লোক এবং তার সাথে থাকা সবাইকে পরাজিত করবেন।” **(আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ১১৩৫)**

হাদিসগুলো থেকে বুঝা যায়, ইমাম মাহদীর মৃত্যুর পর আহলে বাইতের দুজন লোক খলিফা হবেন। তার পর মুজার বংশের লোকজন খলিফা হবেন। তারপর ইয়েমেনের লোকজন খলিফা হবেন।

হযরত আবু উমাইয়া আযিমারী (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, “তোমাকে খুবই চিন্তিত মনে হচ্ছে, কারণ কি? জবাবে তিনি বলেন, জিফারের কবরে একটি পাথর পাওয়া গিয়েছে, যার মধ্যে লেখা রয়েছে যে, তোমাদেরকে ক্ষমতা গ্রহণের এখতিয়ার দেয়া হলো, এরপর ক্ষমতা খুব ভালোভাবে পরিচালনা কর। তবে একদিন সেটা দুর্গন্ধময় হয়ে যাবে। যদি ভালো হয় তাহলে প্রশংসিত হবে এবং অনেক মর্যাদাবান হতে পারবে। এক সময় (ক্রীতদাস থেকে) আযাদ হওয়া (মুজার বংশের) লোকজন ক্ষমতা ফিরে পেতে মরিয়া হয়ে উঠবে, কিন্তু ক্ষমতার মালিক হবে হিমইয়ার (ইয়েমেন) এলাকার সম্মানিত লোকজন, এরপর সমাজের নিকৃষ্টত লোকজন ক্ষমতা হাতে নিবে, অতঃপর পারস্যবাসিরা (ইরানের লোকজন), অতঃপর কুরাইশ বংশের লোকজন, এরপর (আমাক প্রান্তের) তীব্র

যুদ্ধ সংগঠিত হবে। প্রত্যেকবার প্রায় অর্ধেক অর্ধেক লোকজন মারা যাবে।” (আল ফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ১১৫৫)

এই হাদিসটিতে অত্যন্ত সুন্দরভাবে সিরিয়াল সহকারে বলা হয়েছে, ইমাম মাহদীর মৃত্যুর পর কারা খলিফা হবেন

দুজন আহলে বাইতের খলিফার মৃত্যুর পর আফ্রিকা অঞ্চলের মুজার গোত্রের লোকজন বা, ক্রীতদাস থেকে মুক্ত হওয়া লোকজন খলিফা হবেন। তারপর কয়েকজন (১৫ জন) ইয়েমেনী খলিফা হবেন। তারপর নিকৃষ্ট লোকজন বা, মাখজুমী খলিফা মানুষ থেকে একজন খলিফা হবেন। তারপর ইরানের লোকজন খলিফা হবেন। তারপর পুনরায় কুরাইশ বংশের লোকজন খলিফা হবেন। আর ঐ সময়েই খ্রিস্টানদের বিরুদ্ধে মুসলমানদের আমাক প্রান্তের মহাযুদ্ধ হবে, কনিষ্টেন্টিনেপোল বিজয় হবে এবং সমগ্র ইউরোপ মুসলমানদের দখলে আসবে। তারপর দাজ্জালের আবির্ভাব হবে এবং ঐ সময়েই আসমান থেকে হযরত ঈসা (আঃ) অবতরণ করবেন।

নাজার বা মুজার বংশের খলিফা বা মাখজুমী বংশের খলিফা

